ভারতকোমূদী

ভদিভি। অন্তরম্ অবকাশম্। ঘাত্যত্ শিথপ্তিনা ॥৮৫॥
নেতি। নম্ততং যুদ্ধারেতি শেষ:। প্রতে বিনা ॥৮৬॥
এব ইতি। তং শিথপ্তিনম্। আরশস্ত্রো গৃহীতাব্র:, যভো বত্রবান্। বটুপাদোহ্রং
শ্লোক: ॥৮৭॥
এভদিভি। বচনং বচনামূরণং কার্যান্। জেক্সসি মাদৃশপ্রতিপক্ষাভাবাৎ ॥৮৮॥

আমি বাণধাবী হইয়াও অমঙ্গল্যধ্বজযুক্ত বিশেষতঃ স্ত্রীপূর্বে সেই শিখণ্ডীর

উপৰে কোন প্ৰকাবেই প্ৰহার কবিছে ইচ্ছা কবিব না ॥৮৪॥

ভবতভোষ্ঠ ৷ সেই অবকাশ পাইয়া পাণ্ডুনন্দন অর্চ্ছ্র সকল দিক্ হইডে বাণদ্বাবা শিখণ্ডীকে দিয়া আমাকে সম্বর সম্বৰ আঘাত কবাইতে থাকিবেন ৷৮৫৷

আমি যুদ্ধে উন্নত থাকিলে, মহাত্মা কৃষ্ণ ও অর্জুন ব্যতীত যে লোক আমাকে বধ কবিতে পারে, তেমন লোক আমি ত্রিভূবনে দেখিতে পাই না ॥৮৬॥

অতএব এই অর্জুন অন্ত ও উত্তম ধনু ধাবণ কবিয়া যুদ্ধে ষত্মবান হইয়া আমাব সম্মুধে সেই শিখণ্ডীকে অগ্রবর্ত্তী কবিয়া আমাকে নিপাডিত ককন। এইকপ কবিলেই তোমার নিশ্চিত জয় হইবে ॥৮৭॥

কুন্তীনন্দন! আমাব এই উক্তিব অনুবাপ কার্য্য কব। তাহা হইলেই যুদ্দে সমাগত ধার্দ্যবাষ্ট্রগণকে জয় করিতে পারিবে' ॥৮৮॥

⁽be) তদনস্তরমাসাশ্ব—পি। (be) -- মাং হক্তাদ্য:—বা রা নি। (be) পার্যতন্ত পুরোধায় ক্লীবমভ মমাগ্রভঃ—নি। (bb) - ষধোক্তং মম স্থব্রত।—বা বা নি। ভীম (২০)-১৬৯

সঞ্জয় উবাচ।

তেহসুজ্ঞাতান্ততঃ পার্থা জগ্মঃ স্থাপিবরং প্রতি।
অতিবাদ্য মহাত্মানং ভীত্মং কুরুপিতামহম্ ॥৮৯॥
তথোক্তবতি গাঙ্গেরে পরলোকার দীক্ষিতে।
অর্জ্জুনো দুঃখসন্তপ্তঃ সত্রীড়মিদমত্রবীৎ ॥৯০॥
গুরুণা কুরুর্দ্ধেন কৃতপ্রজ্ঞেন ধীমতা।
পিতামহেন সংগ্রামে কথং যোদ্ধান্মি মাধব! ॥৯১॥
ক্রীড়তা হি মযা বাল্যে বাস্থদেব! মহামনাঃ।
পাংশুরুষিতগাত্রেণ মহাত্মা পরুষীকৃতঃ ॥৯২॥
যন্তাহমধিরুহ্যাস্কং বালঃ কিল গদাগ্রন্থ!।
তাতেত্যবোচং পিতরং পিতুঃ পাণ্ডোর্মহাত্মনঃ ॥৯৩॥

ভাৰতকোমূদী

ত ইতি। অন্ত্ঞাতা ভীমেণ গন্তমহ্বমতাঃ, পার্থাঃ পাগুবাঃ ॥৮০।
তথেতি। গাবেমে ভীমে, পরলোকান পরশোকগননার, দীক্ষিতে কুতদ্বরের ॥৯০।
গুরুপেতি। গুরুপা পিতামহ্বাদেব। কুতপ্রজ্ঞেন অর্জিভ্রোনেন ॥৯১॥
ক্রীডভেতি। পাংশুরুবিভগাত্রেণ ধূলিরম্বিভাবেন, পর্বীকৃতো ধূলিযুক্তীকৃতঃ ॥৯২॥
যন্তেতি। অহং ক্রোডম্। গদো নাম কন্দিদ্যাদবস্থস্থাগ্রহ্ব।॥৯০।

ভাৰতভাৰদীপঃ

ষ্ণ্যভামিতি ।>--> । একভ ইতি বিতীয়াস্তাভিদি:। একং কেবলং মৃত্যুমেবাভো-ভীভাৰ্ব: ॥২০---২২॥ অন্ধ ইদানীম্ ॥২৩---৩২। বিশ্বীত: ক্ষেয়ু প্ৰাক্ৰমী, গভনৰো

সঞ্জয় বলিলেন—"মহাবাজ। তাহাব পর পাগুবেবা কুকপিতামহ মহাত্মা ভীত্মকে অভিবাদন কবিয়া তাঁহার অনুমতিক্রমে আপন শিবিবে গমন কবিলেন ॥৮৯॥

ভীম্ম পরলোকে যাইবার জন্ম কভদঙ্কল হইয়া সেইবাপ বলিলে, গুংখসন্তথ্য অর্জ্জুন লক্ষার সহিত এইকথা বলিলেন—॥১•॥

'কৃষ্ণ! গুৰু, কুৰুকুলবৃদ্ধ, জানী ও বৃদ্ধিমান্ ভীম্বেব সহিত আমি কি ক্রিয়া সমরাঙ্গনে যুদ্ধ কবিব ? ॥১১॥

কেন না, বাস্থদেব! আমি বাল্যকালে ধূলিখেলা কবিয়া ধূলিবঞ্জিত গাত্রে যাইয়া সেই মহামনা ও মহাত্মাকে ধূলিধূসবদেহ কবিয়াছি ॥১২॥

⁽э॰) ইতঃ পরম্ 'অর্জুন উবাচ' পি। (э১) গুরুণা কুলবুছেন-ব।।

নাহং তাতন্তব পিতুন্তাতোহন্মি তব ভারত !। ইতি মামত্রবীদাল্যে যঃ স বধ্যঃ কথং ময়া ॥৯৪॥ কামং বধ্যতু সৈন্তং মে নাহং মোৎস্তে মহাত্মনা। জয়ো বাস্ত বধো বা মে কথং বা কৃষ্ণ ! মন্তসে ॥৯৫॥

বাহ্নদেব উবাচ।

প্রতিজ্ঞার বধং জিফো! পুরা ভীম্মস্ত সংযুগে।
কর্বর্দের্ম স্থিতঃ পার্থ! কথং নৈনং হনিয়সি॥৯৬॥
পাতবৈনং রথাৎ পার্থ! ক্ষত্রিয়ং যুদ্ধত্র্মাদম্।
নাহত্বা যুধি গাঙ্গেয়ং বিজয়ত্তে ভবিয়তি॥৯৭॥
দৃষ্টমেতৎ পুরা দেবৈর্গমিয়তি যমক্ষয়ম্।
যদ্দৃষ্টং হি পুরা পার্থ! তত্তথা ন তদন্যথা॥৯৮॥

ভারতকোমূদী

নেতি। অহং তব তাতোন, অণি তৃ তব পিতৃতাতো বোষ্ঠতাতোহনি। এতন্ত্ৰবদ্ধ পাগুবানাং ক্ষন্থানে ভীমশ্য গতো বোধ্যম্। অতো ন "পাগুবানামিহাই্যম্" ইত্যাভাদি-পর্বোক্তিবিরোধ ইতি দিক্ ॥>॥

কামমিতি। কামং যথেষ্টম্, ববাতৃ ভীমেণ বধাতাম্। মহাম্পনা ভীমেণ ১৯৫। প্রভিজ্ঞায়েতি। হে জিফো! অর্জুন! পুরা যুক্ষোদ্যোগকালে ১৯৬। পাতয়েতি। ক্ষত্রিয়মিত্যনেন তক্ত যুক্ষে হননে ন দোৰ ইতি স্চিতম্ ১৯৫।

কৃষণ। আমি বাল্যকালে বাঁহার কোলে উঠিয়া মহাত্মা পিতা পাণ্ডুর পিতৃপর্য্যায়কে 'পিতা' এইকপ বলিভাম ॥১৩॥ .

তথন যিনি আমাকে এইরপ বলিতেন—বে 'ভরতনন্দন। আমি ভোমার পিতা নহি—ভোমাব পিতার পিতা'। আমি ভাঁছাকে কি করিয়া বধ করিব ? ॥১৪॥

অতএব তিনি ইচ্ছান্সাবে আমাব সৈশ্য বধ করেন করুন; আমি সেই মহাত্মার সঙ্গে যুদ্ধ কবিব না। ইহাতে আমার জয়ই হউক, বা বধই হউক। কৃষণ। তুমিই বা এ বিষয়ে কি মনে কর ?' ॥১৫।

কৃষ্ণ বলিলেন—'পৃথানন্দন অর্জুন! তুমি পূর্ব্বে যুদ্ধে ভীম্মবধের প্রতিজ্ঞা কবিয়া ক্ষত্রিয়ধর্ম্মে থাকিয়া এখন উহাকে বধ করিবে না কেন ? ॥২৬॥

অতএব অর্জুন। ভূমি, যুদ্ধছদ্ধ ঐ ক্ষত্তিয়কে বথ হইতে নিপাতিত কর। কাবণ, ভীম্মকে বধ না কবিয়া যুদ্ধে ভোমার জয় হইবে না ॥৯৭॥

1

1

⁽৯৮) দৃষ্টমেতৎ পুরা দেবৈর্ভবিষ্যত্যবশস্ত তে—নি।

ন হি ভান্নং তুরাধর্ষং ব্যান্তাননমিবান্তকম্।
ত্বদন্তঃ শকু য়াদ্বন্তমপি বজ্রধরঃ স্বয়ম্ ॥৯৯॥
ত্বহি ভান্নং স্থিরো ভূত্বা শৃণু চেদং বচো মম।
যথোবাচ পুরা শক্রং মহাবৃদ্ধির্হ স্পতিঃ ॥১০০॥
ত্যায়াংসমপি চেদ্রদ্ধং গুণৈরপি সমন্বিতম্।
আততায়িনমাবান্তং হল্যাদ্বাতকমাত্মনঃ ॥১০১॥
শাশ্বতোহয়ং স্থিতো ধর্মঃ ক্ষত্রিয়াণাং ধনপ্রয়!।
বোদ্ধব্যং রক্ষিতব্যক্ষ ষ্টব্যক্ষানসূর্ভিঃ ॥১০২॥

অর্জ্জুন উবাচ।

শিখণ্ডী নিধনং কৃষ্ণ! ভীষ্মস্ম ভবিতা ধ্রুবম্।
দৃষ্টে ব হি সদা ভীষ্মঃ পাঞ্চাল্যং বিনিবর্ত্ততে ॥>০৩॥

ভাবতকৌমূদী

দৃষ্টমিতি। দৃষ্টং সর্বজ্ঞতরা জ্ঞাতম্, গমিয়তি ভীম ইতি শেষঃ ॥৯৮॥
নেতি। ব্যান্তাননং প্রকটিতবদনম্। বজ্ঞবে ইস্তঃ ॥৯৯॥
স্বাভিপ্রেতবিষয়ে প্রমাণং বক্তুমাই জহীতি। শক্ষমিক্রম্ ॥১০০॥
জ্যান্নাংসমিতি। বছ্বিধাতভাগ্নিমধ্যে জ্বাত্মনো ঘাতকরপ্রমাতভাগিনমিতার্থঃ ॥১০॥
শাশত ইতি। শাশতো নিতাঃ। ষ্টব্যো যাগঃ কর্ত্ব্যঃ ॥১০২॥

(আর এক কথা—) অর্জুন ! দেবতাবা পূর্বেই ইহা জানিয়াছেন যে, ভীম্ম ষ্মালয়ে যাইবেন। স্থৃতরাং উাহাবা পূর্বে যাহা জানিয়াছেন, ত'হা সেইবপই হইবে, তাহার অন্তর্মপ হইবে না ১৮॥

আৰ্চ্ছন। তুমি ভিন্ন স্বয়ং ইন্দ্রও, প্রকটিতবদন যমের স্থায় তৃদ্ধির্ব ভীম্মকে বধ কবিতে সমর্থ হইবেন না ॥১১॥

স্মৃতরাং তুমি স্থিব হইষা ভীমকে বধ কব। পূর্ববকালে মহাবৃদ্ধি বৃহস্পতি ইন্দ্রকে যাহা বলিয়াছিলেন, আমাব নিকট সেই কথা প্রবণ কব—॥১০০॥

'কেহ যদি জ্যেষ্ঠ, বৃদ্ধ ও গুণসমন্বিত হইয়াও নিজেব হস্তা আভতায়িকপে আসিতে থাকে, তবে মানুষ তাহাকে বধ করিবে'॥১০১॥

অর্জুন! (আব এক কথা—) ক্ষত্রিয়গণেব ইহাই চিবস্তন ধর্ম রহিয়াছে যে, ক্ষতিয়েবা যুদ্ধ করিবেন, রক্ষা করিবেন এবং অস্থয়াশৃষ্ম হইয়া যজ্ঞ করিবেন' ॥১•২॥

⁽२२) -- चन्छः अङ्ग्रान्याद्यु -- वा वा नि ।

তে বয়ং প্রমুখে তন্ত পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
গাঙ্গেয়ং পাতয়িয়াম উপায়েনেতি মে মতিঃ॥>০৪॥
অহমন্যান্ মহেষাদান্ বারয়য়ামি দায়কৈঃ।
শিখণ্ডাপি য়ৄধাং শ্রেষ্ঠং ভীয়মেব হি যোধ্যেৎ॥১০৫॥
শ্রেক্তং মে কুরুমুখ্যস্থ নাহং হল্যাং শিখণ্ডিনম্!
কল্যা হোষা পুরা ভূত্বা পুরুষঃ দমপত্যত ॥১০৬॥
অর্জ্রনম্থ বচঃ শ্রুত্বা ভীয়ন্য বধসংযুতম্।
জহায়ুহ্র ফরোমাণঃ সকৃষ্ণাঃ পাণ্ডবাস্তদা॥১০৭॥

ভারতকৌমূদী

শিখন্তীতি। নিধনং নিধনকাবণম্। হি বন্ধাৎ, পাঞ্চাল্যং শিখন্তিনম্ ॥১০০॥
ত ইতি। প্রমুখে সমুখে, তত্ম ভীমতা। সাক্ষেং ভীমম্, উপাবেন কোশলেন ॥১০৪॥
অহমিতি। অন্তান্ ভীমত রম্বণার্থমাগতান্, মহেবাসান্ মহাধহর্মরান্ ॥১০৫॥
ক্রতমিতি। মে মম, কুরুম্খাত ভীমতা মুখাৎ ক্রতমাসীদিতি শেবং ॥১০৬॥
অর্জনত্মতি। বধসংমৃতং বধসম্বাধ বধবিষয়ক্মিতার্থং ॥১০৭॥

ভারতভাবদীপঃ

গতবৃদ্ধি: ॥৪০— >১॥ পর্ষবীকৃত: রক্ষীকৃত: ॥>২- >৬॥ বৃদ্ধপূর্ণদং বৃদ্ধোৎস্থকম্ ॥>৭। গমিয়াতি ধমক্ষয়ং ভীম ইতি শেষ: ॥>৮— ১০০॥ আভতাবিনমিত্যক্ষ বাতকমিতি বিশেষণময়েভা আভতায়িভাগ ব্যবচ্ছেদায়োজম্ ॥১০১—১০২॥ নিধনং নিধনহেতু: ॥১০০—১০৮॥
ইতি শ্রীমহাভাবতে ভীমপর্কাণ নৈলকঞ্জীবে ভাবতভাবদীপে ত্রাধিকশততমোহধ্যায়: ॥১০০॥

অর্চ্চ্রন বলিলেন—'কৃষ্ণ। নিশ্চয়ই শিখণ্ডী ভীম্মের মৃত্যুব কাবণ হইবেন। কেন না, ভীম্ম শিখণ্ডীকে দেখিয়াই সর্বেদা নিবৃত্তি পাইয়া থাকেন ॥১০৩॥

অভএব আমবা ভীমের সমাথে শিখণ্ডীকে অগ্রবর্ত্তী কবিয়া যাইয়া কৌশল ক্রমে ভাঁহাকে নিপাতিত কবিব, ইহাই আমাব ইচ্ছা ॥১০৪॥

আমি বাণদ্বাবা অন্য মহাধমুৰ্দ্ধবদিগকে নিবাবণ কৰিতে থাকিব; আব নিখণ্ডী যোদ্ধ ভৌশ্বের সহিতই যুদ্ধ কৰিবেন ॥১০৫॥

আমি, কৌববশ্রেষ্ঠ ভীশ্মেব নিকট শুনিষাছি যে, 'আমি শিখণ্ডীকে বধ করিব না। কাবণ, এ—পূর্বের স্ত্রী হইয়া পরে পুক্ষ হইয়াছে' ॥১ •৬॥

ভীম্মেব বধবিষ্যে অৰ্জুনেব বাক্য শুনিয়া কুষ্ণেব সহিত পাণ্ডবেবা তখন রোমাঞ্চিতদেহ ও আনন্দিত হইলেন ॥১০৭॥

⁽১০৫)---ভীদ্মমেবাভিষোধয়েৎ--বারা নি। (১০৬) শ্রুভং হি কুরুম্থ্যশু--বা রা নি। (১০৭) অরং শ্লোকঃ পি বাব বানান্তি।

ইত্যেবং নিশ্চয়ং কৃত্বা পাগুবাঃ সহমাধবাঃ।
অনুমান্য মহাত্মানং প্রযযুক্ত উমানসাঃ।
শয়নানি মহার্হাণি ভেজিবে পুরুষর্বভাঃ॥>০৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীম্মপর্ব্বণি
ভীম্মবধে নবমদিবসাবহাবোত্তরমন্ত্রে ত্র্যধিকশততমোহধ্যয়ঃ॥०॥ #

চতুরধিকশততমো২ধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।
কথং শিখণ্ডী গাঙ্গেয়নভাবর্ত্ত সংযুগে।
পাণ্ডবাশ্চ কথং ভীম্মং তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥>॥
সঞ্জয় উবাচ।
ততঃ প্রভাতে বিমলে সূর্য্যস্থোদয়নং প্রতি।
তাড্যমানান্ত ভেরীয়ু মুদঙ্গেষানকেয়ু চ ॥২॥

ভারতকোমূদী

ইতীতি। অনুমান্ত সমান্ত, মহাত্মানং ভীমন্। শর্নানি শয়াঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥>৽৮॥
ইতি মহামহোপাধ্যাব-ভাবতাচার্য্য-মহাকবি পদ্ধভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাথ্যাবাং ভীম্মপর্বাণী
ভীম্মবধে ত্যাধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

কথমিতি। ভীমম্ অভ্যবর্ত্তভেতি বিভক্তিবিপরিণামেনাম্বৃত্তি: ।১॥

কুন্ফের সহিত পুরুষশ্রেষ্ঠ পাশুবেরা এইরূপ নিশ্চয় করিয়া, মহাত্মা ভীত্মকে সন্মান দেখাইয়া, স্থাষ্টচিন্তে প্রস্থান করিলেন এবং যাইয়া আপন আপন মহামূল্য শায়া প্রহণ করিলেন" ॥১০৮॥

--:#:--

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্চয়! শিখণ্ডী কি ভাবে যুদ্ধে ভীগ্নেব অভিমুখে গেলেন, পাণ্ডবেরাই বা কি ভাবে তাঁহার অভিমুখবর্তী হইলেন, তাহা আমাব নিকট বল" ॥১॥

^{(&}gt;•৮)···শ্রনানি যথাত্বানি—বা নি। শেষপাদ্ধরং বা নান্তি। * '···অটোভরশত তমোহধ্যায়ং' বা, 'সপ্তাধিকশততমোহধ্যায়ং'—রা নি।

থারমানের শব্দের পাগুরের সমস্ততঃ।
শিখণ্ডিনং পুরস্কৃত্য নির্যাতাঃ পাগুরা বৃধি ॥৩॥
কৃত্বা বৃহং মহারাজ। সর্বশক্তনিবর্হণম্।
শিখণ্ডী সর্বাসেতানামগ্র আসীদ্বিশাংপতে।॥৪॥ (বিশেষকম্)
চক্ররক্ষো ততন্তম্ম ভীমসেনধনঞ্জয়ো।
পৃষ্ঠতো দ্রৌপদেয়াশ্চ সোভদ্রশৈচর বীর্যাবান্॥৫॥
সাত্যকিশ্চেকিতানশ্চ তেষাং গোপ্তা মহারথঃ।
ধৃষ্টত্যান্নন্ততঃ পশ্চাৎ পাঞ্চালৈরভিরক্ষিতঃ ॥৬॥
ততো বৃধিষ্ঠিরো রাজা যমাভ্যাং সহিতঃ প্রভূঃ।
প্রযথো সিংহনাদেন নাদরন্ ভরতর্বভ!॥৭॥

ভাবতকোমুদী

তত ইতি। উদযনং প্রতি উদয়কালে। গ্রায়মানেষু বায়্তিঃ পূর্যমাণেষু পাপ্তরেষু শুলেষু। নির্বাতাঃ শিবিবেডাঃ। সর্বেষাং শুজণাং নিবর্ছণং বিষয়করম্ ।২—৪॥
চক্রেতি। চক্রবক্ষী অভবতামিতি শেষঃ। সৌভব্রোহডিমছাঃ ।৫॥
সাত্যকিবিতি। গোপ্তা রক্ষক আসীং। বৃষ্টহামশ্চ গোপ্তাভূং ॥৬॥
তত ইতি। যমাড্যাং নক্লসহদেবাভ্যান্। নাদয়ন্ সময়দেশন্ ॥১।

সপ্তায় বলিলেন—"মহাবাজ নবনাথ। তাহাব পব নির্মাল প্রভাতকাল ও সূর্য্যোদয় হইলে এবং সকল দিকে ভেবী, মৃদক্ত ও আনক বাজাইতে লাগিলে, আব শুভবর্ণ-শঙ্খধবনি হইতে থাকিলে, পাশুবেরা সর্ব্যক্তবিজয়ী ব্যুহ রচনা করিয়া শিখশুীকে তাহার সম্মুখে বাখিয়া শিবিব হইতে সমবাঙ্গনে নির্মাত ইলেন। তখন শিখশুী সমস্ত সৈত্যেব অগ্রে থাকিলেন ॥২—৪॥

তংপবে ভীম ও অর্জ্জন শিখন্তীব চক্রবক্ষক হইলেন এবং জৌপদীব পুত্রগণ ও বলবান্ অভিমন্থ্য তাঁহাদেব পৃষ্ঠবর্ত্তী রহিলেন ধর॥

মহাবথ সাত্যকি ও চেকিছান আবাৰ তাঁহাদের রক্ষক হইলেন এবং তাঁহাদেব পশ্চাতে পাঞ্চালগণে অভিবক্ষিত হইয়া খুষ্টগ্ৰুয় থাকিলেন ॥৬॥

ভবতভোষ্ঠ ! তাহাব পর প্রভাবশালী রাজা যুখিন্তির—নকুল ও সহদেবের সহিত মিলিত হইয়া সিংহনাদে সমবভূমি নিনাদিত কবিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৭॥

⁽৩) শার্থক দ্বিবর্ণের ভলভেষু সমস্ত:-- পি রা, শার্থক দ্বিবর্ণের জলভেষু সমস্তত:--বা।

বিরাটস্ত ততঃ পশ্চাৎ স্বেন সৈত্যেন সংস্তঃ।

ক্রেপদশ্চ মহাবাহো। ততঃ পশ্চাত্নপাত্রবং ॥৮॥

কেকরা ভাতরঃ পঞ্চ প্র্যুক্তেশ্রুণ্ট বীর্য্যবান্।

ক্রেবং পালয়ামাস্থঃ পাণ্ডুসৈন্মস্য ভারত! ॥৯॥

এবং ব্যুহ্ম মহাসৈন্মং পাণ্ডবাস্তব বাহিনীম্।

অভ্যত্রবন্ত সংগ্রামে ত্যক্ত্রা জীবিতমাত্মনঃ ॥১০॥

তথৈব কুরবো রাজন্! ভীন্মং কৃত্বা মহারথম্।

অগ্রতঃ সর্ববিদ্যানাং প্রয়ঃ পাণ্ডবান্ প্রতি ॥১১॥

পুত্রৈন্তব তুরাধর্ষে বক্ষিতঃ হ্নমহাবিদঃ।

ততো দ্রোণো মহেন্বাসঃ পুত্রশ্চাস্থ মহাবলঃ ॥১২॥

ভারতকৌমূদী

বিবাট ইতি। খেন খকীয়েন। উপাত্রবং কৌববসেনামভাধাবং ॥৮॥
কেকয়া ইতি। জ্বনং পশ্চান্তাগম্, পাঞ্চিনগ্রুত্ত পাগুবসেনায়া:॥৯॥
এবমিতি। অভাত্রবস্ত অভাধাবন্। জীবিতং জীবনাশাম্॥১০॥
ভথেতি। কুববং কৌববপন্দীয়া যোদ্ধার:॥১১॥
প্তৈরিতি। রক্ষিতো ভীলেয় ব্যাবিতি শেবং। মহেষালো মহাধছ্র্র:॥১২॥

মহাবাছ। তদনস্তব বিরাটরাজা আপন সৈত্যে পবিবেষ্টিত হইয়া যুধিষ্ঠিরের পশ্চাতে যাইতে থাকিলেন এবং তাঁহার পশ্চাতে ত্রুপদবাজা চলিলেন।৮॥

আর ভরতনন্দন। কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা ও বলবান্ ধৃষ্টকেতু পাশুব-সৈন্তের পশ্চান্তাগ রক্ষা করিতে লাগিলেন ॥১॥

রাজা। পাশুবেরা এইভাবে আপন সৈন্তদিগকে ব্যুহরূপে সন্ধিবেশিত করিয়া এবং আপন আপন জীবনের আশা ছাড়িয়া দিয়া আপনাব সৈন্তের দিকে ধাবিত হইলেন ॥১০॥

রাজা! কৌরবেরাও সেইভাবেই মহাবথ ভীন্মকে সমস্ত সৈন্মের অগ্রবর্ত্তী কবিয়া পাশুবগণের প্রতি চলিলেন ॥১১॥

তখন আপনার মহাবল ও হর্দ্ধর্য পুত্রের। ভীন্মকে রক্ষা কবিতে লাগিলেন। ভাঁহাদের পশ্চাতে মহাধন্থবি জোণ ও তাঁহার মহাবল পুত্র অখখামা রহিলেন ॥১২॥

⁽व) क्यनः , शानमा मारः शाखरम् क त्राक्तमः — नि । (১२) ... छ्त्राधरः — ता नि ।

ভগদত্ততঃ পশ্চাদ্গজানীকেন সংর্তঃ।
রপশ্চ কৃতবর্মা চ ভগদত্তমমুব্রতৌ ॥১৩॥
কাষোজ্বরাজাে বলবাংস্ততঃ পশ্চাৎ স্থদক্ষিণঃ।
মাগধশ্চ জয়ৎ দেনঃ দৌবলশ্চ রহদলঃ ॥১৪॥
তথৈবাত্যে মহেদাসাঃ স্থশর্মপ্রমুখা নৃপাঃ।
জঘনং পালয়ামান্তত্তব দৈল্যতা ভারত। ॥১৫॥
দিবসে দিবসে প্রাপ্তে ভীম্মঃ শাস্তনবাে যুধি।
আন্তরানকরােদ্বাহান্ পৈশাচানথ রাক্ষসান্ ॥১৬॥
ভতঃ প্রবর্তে যুদ্ধং তব তেষাঞ্চ ভারত!।
অভ্যোত্যং নিম্নতাং রাজন্। যমরাষ্ট্রবিবর্দ্ধনম্॥১৭॥
অর্জ্বনপ্রমুখাঃ পার্থাঃ পুরস্কৃত্য শিখভিনম্।
ভীমং যুদ্ধেহভাবর্তত্ত কিরন্তাে বিবিধান্ শরান্ ॥১৮॥

ভারতকোমুদী

ভগদর ইতি। গজানীকেন হস্তিনৈত্তেন। অম্বরতো অম্বরতো । ১৩॥
কাম্বোজেতি। মাগধো মগধবালঃ, সৌবদঃ শকুনিঃ ॥১৪॥
তথেতি। মহেমাসা মহাধম্প্রবাঃ। জহনং পশান্তাগম্॥১৫॥
দিবস ইতি। আহ্বান্ অহ্ববীত্যা সন্নিবেশিতান্। এবমন্তল ॥১৬॥
তত ইতি। তব নৈতানাম্, তেবাং পাশুবনৈত্বানাঞ্ছ ॥১৭॥
আর্জুনেতি। পার্থাঃ পাশুবাঃ। কিবস্তো নিশ্পিন্তঃ ॥১৮॥

ভংপরে হস্তিসৈশ্য পবিবেষ্টিত ভগদত চলিলেন এবং তাঁহার পশ্চাতে রুপ ও কৃতবর্ম্মা যাইতে লাগিলেন ॥১৩॥

তংপবে বলবান্ কাষোজরাজ স্থদিশি । মগধ্যাজ জয়ংসেন, স্বলপুত্র শকুনি ও বৃহদ্বল চলিলেন ॥১৪॥

ভরতনন্দন! সেইরূপই সুশর্মপ্রভৃতি অস্তান্ত মহাধন্মর্জর বাজারা আপনাব সৈন্তের পশ্চান্তাগ বক্ষা কবিতে থাকিলেন ॥১৫॥

শান্তমুনন্দন ভীম ভিন্ন ভিন্ন দিনে যুদ্ধে আস্থব, পৈশাচ ও বাক্ষস ব্যুহ বচনা কবিতেন ॥১৬॥

ভরতনন্দন রাজা। তাহাব পর পবস্পব প্রহাবকাবী আপনাব সৈত ও পাণ্ডবসৈত্মগণের যমবাজ্যবিবর্দ্ধক যুদ্ধ লাগিয়া গেল ॥১৭॥

⁽১৩) গজানীকেষু—পি। (১৫) তথেতবে মহেধাসা: — পি। ভীম্ম (২০)-১৭০

তত্র ভারত! ভীমেন তাড়িতাস্তাবকাঃ শরিঃ।
রুধিরোঘপবিরিয়াঃ পরলোকং যযুন্তদা ॥১৯॥
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
তব সৈত্যং সমাসাত্য পীড়য়ামান্তরোজসা ॥২০॥
তে বধ্যমানাঃ সমরে তাবকা ভরতর্বভ!।
নাশরুবন্ বারয়িতুং পাগুবানাং মহদ্দস্ ॥২১॥
ততন্ত তাবকং সৈত্যং বধ্যমানং সমস্ততঃ।
সংপ্রাদ্রবদ্দশ দিশঃ কাল্যমানং মহারথৈঃ ॥২২॥
তাতারং নাধ্যগচ্ছন্ত তাবকা ভরতর্বভ!।
বধ্যমানাঃ শিতৈর্বাণৈঃ পাগুবৈঃ সহ্ স্প্রুটিয়ঃ ॥২০॥

ভারতকৌমুদী

তত্ত্তেতি। তাবকা: তব দৈলা:। ক্ষিরোঘেন পরিরিয়া: সিজদেহা: ।>>।
নকুল ইতি। সমাসাল প্রাণ্য। ওজনা বলেন ।>>।
ত ইতি। তাবকা: তব পক্ষীয়া যোদ্ধাব:। মহহলং বিশালং দৈলম্ ।>>।
তত ইতি। সংপ্রান্তবং পলায়ত। কাল্যমানং মর্লামানম্ ।>২।
তাতারমিতি। নাধ্যগক্ত নালভত্ত। শিতে: শিলাশাণিত: ।>০।

অর্জুন প্রভৃতি পাশুবেরা শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া নানাবিধ বাণক্ষেপ করিতে থাকিয়া সমরান্ধনে ভীম্মেব দিকে ধাবিত হইলেন ISEI

ভবতনন্দন ৷ তথন ভীমকর্ত্বক বাণদারা তাড়িত আপনার সৈত্যেরা রক্ত-সিক্তগাত্র হইয়া পবলোকে গমন করিতে লাগিল ॥১৯॥

নকুল, সহদেব ও মহারথ সাত্যকি অগ্রসর হইয়া বলপূর্বক আপনার সৈত্ত পীতৃন করিতে থাকিলেন ॥২০॥

ভরতশ্রেষ্ঠ ! আপনার পক্ষেব সেই বোদ্ধারা বুদ্ধে বধ্যমান হইতে থাকিয়া পাশুবগণের সেই বিশাল সৈক্স বারণ করিতে সমর্থ হইলেন না ৷২১৷৷

ভাহার পব আপনার সৈত্য সকল দিক্ হইতে মহারথগণকর্তৃক বধ্যমান ও মন্দ্যমান হইতে থাকিয়া দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥২২॥

ভবতশ্রেষ্ঠ ! পাশুবগণ ও স্থায়গণ তীক্ষ্ণ বাণদারা বধ করিতে লাগিলে, আপনার সৈত্যেবা রক্ষক পাইল না ॥২৩॥

^{ে (}২০) - তব নৈত্ত সমাল্লিত্য-পি।

গ্নতরাষ্ট্র উবাচ।

পীডামানং বলং দৃষ্ট্বা পার্থের্ভীম্বঃ পরাক্রমী। যদকার্যীদ্রণে ক্রুদ্ধন্তন্মাচক্ষ্ব সঞ্জয়। ॥২৪॥ কথং বা পাগুবান্ যুদ্ধে প্রত্যুদ্যাতঃ পরন্তপঃ। বিনিম্নন্ সোমকান্ বীরস্তদাচক্ষ্ব,মমানহ। ॥২৫॥

সঞ্জয় উবাচ।

আচক্ষে তে মহারাজ। যদকার্যীৎ পিতা তব।
পীড়িতে তব পুত্রস্থ সৈন্যে পাণ্ডবস্থ্পরৈঃ ॥২৬॥
প্রহাষ্টমনসঃ শ্রাঃ পাণ্ডবাঃ পাণ্ডপূর্বজ।।
অভ্যবর্তন্ত নিম্নন্তন্তব পুত্রস্থ বাহিনীম্ ॥২৭॥
তং বিনাশং মনুষ্যেক্র। নরবারণবাজিনাম্।
নাম্যাত তদা ভীমঃ সৈত্যযাতং রণে পরৈঃ ॥২৮॥

ভারতকৌমূদী

পীড্যেতি। বলং কৌরবনৈত্তম্, পার্থিং পাণ্ডবৈং ॥২६॥
কথমিতি। কথং কেন প্রকারেণ। বীবো ভীমা। হে অন্দ। নিম্পাপ।॥২৫॥
আচক্ষ ইতি। আচক্ষে ব্রবীমি, তে তবাস্তিকে। পুত্রত্ত ত্র্যোধনত্ত ॥২৬॥
প্রস্তুতি। প্রস্তুমনসং প্রহার্থবীরনাভাব। অভ্যবর্ত্তম্ব অভ্যধাবন ॥২৭॥
ভমিতি। নবাং সৈত্যেভরে কর্মকবাতেষাং বাবণবাজিনাঞ্চ বিনাশং সৈত্তঘাতঞ্চ ॥২৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্চয়! পাওবেরা কৌরবসৈয়া পীড়ন কবিতে থাকিলে, তাহা দেখিয়া পবাক্রমশালী ভীম্ম ক্রুদ্ধ হইয়া যুদ্ধে যাহা করিয়াছিলেন, তাহা আমার নিকট বল ॥২৪॥

নিষ্পাপ সঞ্জয় ! শত্রুসম্ভাপকাবী বীব ভীম সোমকদিগকৈ সংহার কবিতে থাকিয়া কিভাবে পাগুবগণের দিকে ধাবিত হইলেন, তাহাও আমাব নিকট বল" ॥২৫॥

সম্ভ্রম বলিলেন—"মহাবাজ! পাশুবগণ ও স্ঞ্জয়গণ আপনাব পুত্রের সৈশ্য পীড়ন কবিতে লাগিলে, আপনার জ্যেষ্ঠতাত যাহা করিলেন, তাহা আপনার নিকট বলিতেছি ॥২৬॥

পাণ্ডুপূর্বজ। বীর পাশুবেবা ছাষ্টচিত্ত হইয়া আপনার পুত্রের সৈত্র বিনাশ কবিতে থাকিয়া অগ্রসর হইতে লাগিলেন ।২৭।

⁽২৫) কথং বা পাণ্ডবা মৃদ্ধে প্রভূাদ্যাতাঃ পবস্তপাঃ। নিম্নস্তো মামকাম্ বীবাংস্তর-মাচক্ষ্ব স্থম।—নি।

স পাগুবান্ মহেষাসঃ পাঞ্চালাং শৈচব স্প্পন্থান্।
নারা চৈর্বং সদক্তিশ্চ শিতিরঞ্জলি কৈন্তথা ॥২৯॥
অভ্যবর্তত পুর্দ্ধবিত্যক্তা জীবিতমাজনঃ।
স পাগুবানাং প্রবরান্ পঞ্চ রাজন্! মহারথান্॥৩০॥
আন্তশন্তো রণে যত্নাহারয়ামাস সায়কৈঃ।
নানাশন্ত্রান্ত্রবর্ধিন্তান্ বীর্যামর্বপ্রবেপিতৈঃ॥৩১॥ (বিশেষকম্)
নিজমে সমরে ক্রুছাে হন্তারং চামিতং বহু।
রিখনাহপাতয়দ্রাজন্! রথেভাঃ পুরুষর্বভঃ॥৩২॥
সাদিনশ্চাহপৃঠেভাঃ পাদাতাংশ্চ সমাগতান্।
গজারোহান্ গজেভাশ্চ পরেষাং জয়কারিণঃ॥৩০॥ (মুগ্যকম্)
তমেকং সমরে ভীয়ং জরমাণং মহারথম্।
পাগুবাঃ সমবর্তন্ত বজ্রহন্তমিবাহুরাঃ॥৩৪॥

ভারতকোমুদী

न ইতি। তাড়র্যনিতি শেষ:। জীবিতং জীবনাশান্। আভশক্রে গৃহীতার:। বীর্বামর্বাভ্যাং বদক্রোধাত্যাং প্রবেশিতঃ স্ঞানিতিঃ ক্তিপ্তরিতিঃ হাবং ।২২—৬১।

নিচছ ইতি। হতিনক অধাক্ষতি হত্যাহং দেনাগ্ছাহছছে সমাহারহক্ষৈকভোৱা। পুরুষ্ক্তা ভীমা। সাদিন আরোহিণা । ২২—০০।

তমিতি। ভীম প্রতি। সমবর্জন্ত হোজুমধাবন্ বছহতমিলুম্ ।৩३।

নরনাথ ! তথন বিপক্ষকর্ত্বক হপক্ষের মানুষ, হস্তী ও অধের বিনাশ এবং সৈতসংহার ভীম সহ্য করিলেন না ১২৮৪

"স্তরাং রাজা! মহাধর্ম্বর ও র্থ্বর্ষ ভীম নিজের জীবনের আশা ত্যাগ করিয়া নিশিত নারাচ, বংসদন্ত ও অ্ঞানিক্তারা পাশুব, পাঞ্চান ও স্থারগাকে তাড়ন করিতে করিতে ধাবিত হইলেন এবং অন্তংগরী জীম বলে ও ক্রোধে নিশিপ্ত বাণ ও নানাবিধ অক্যান্ত শদ্রান্তত্তারা হত্তপূর্বক বুবে পাতবেপক্ষের পাঁচ জন শ্রেষ্ঠ মহারথকে বারণ করিলেন ।২৯ —৩১।

রাজা! জমে পুরুষশ্রেষ্ঠ ভীম জুদ্ধ হইয়া যুদ্ধে পান্তবপক্ষের অপরিমিত হন্তী

ও অহা বধ করিলেন এবং রথ হইতে রথীদিগকে, অহাপৃষ্ঠ হইতে অহাবোহিগগকে,
সমাগত পদাতিসমূহকে, আর গজপৃষ্ঠ হইতে শক্রবিজয়ী গজারোহীদিগকে

নিপাতিত করিলেন ১০২—০০া

⁽७১)... रीशामर्द्धावदिरोष्टः-ना जा नि । (६२)... श्रूक्वर्स्ड !- जा नि ।

শক্রাশনিসমস্পর্শান্ বিমুঞ্চন্ নিশিতান্ শরান্।
দিক্ষ্বদৃশ্যত সর্বাস্থ ঘোবং সন্ধাবয়ন্ বপুঃ ॥৩৫॥
মণ্ডলীভূতমেবাস্থা নিত্যং ধনুরদৃশ্যত।
সংগ্রামে ধুধ্যমানস্থা শক্রচাপোপমং মছৎ ॥৩৬॥
তদ্দৃষ্ট্বা সমবে কর্ম্ম পুত্রাস্তব বিশাংপতে।।
বিস্ময়ং পরমং গত্বা পিতামহমপুজ্মন্ ॥৩৭॥
পার্থা বিমনসো ভূত্বা প্রৈক্ষন্ত পিতরং তব।
যুধ্যমানং রণে শূরং বিপ্রচিত্তিমিবামরাঃ।
ন চৈকং বারয়ামান্তর্ব্যাত্তাননমিবাস্তক্ষ্ম ॥৩৮॥
দশমেহহনি সংপ্রাপ্তে রথানীকং শিখত্তিনঃ।
আদহমিশিতৈর্বাণৈঃ কৃষ্ণবজ্পেব কানন্ম ॥৩৯॥

ভাবতকোমূদী

শক্তেতি। সর্বাস্থ দিক্ষ্ণৃষ্ঠত ভীমা, সাবথে বথচালননৈপুণ্যাদিতি ভাবা ॥৩৫॥
মগুলীতি। মগুলীভূতম্ অনববতাকর্ষণাদ্গোলাকাবীভূতম্, নিত্যং সর্বাদা ॥৩৬॥
তদিতি। পদ্ধা প্রাপ্য, শিতামহং ভীমম্, অপ্রয়ন্ প্রাশংসন্ ॥৩১॥
পার্থা ইতি। বিপ্রচিত্তিং তদাধ্যমহ্বরম্। বারয়ামাহ্মর্বাব্যিভূং শেকুঃ। বটুপাদোহয়ং
লোকঃ ॥৩৮॥

দশম ইতি। ক্লফ্রবর্মা অগ্নিং, "বর্হিন্তমা ক্লফ্রবর্মা" ইত্যামর: ॥৩৯।

পূর্ব্বকালে অস্থ্রেবা যেমন ইন্দ্রেব দিকে ধাবিত হইত, সেইবাপ পাশুবেরা তখন যুঁদ্ধে ত্বরান্থিত মহাবথ একমাত্র ভীম্মেব দিকে ধাবিত হইলেন ॥৩৪॥

ভীম তখন ইন্দ্রেব বজেব তুল্যস্পর্শ তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতেছিলেন এবং ভীষণ মূর্ত্তি ধারণ কবিয়াছিলেন; সেই অবস্থায় তাঁহাকে সকল দিকে দেখা যাইতে লাগিল ১০৫॥

আব সমরাঙ্গনে যুধ্যমান ভীম্মের ইন্দ্রধন্তব তুল্য বিশাল ধন্তথানাকে সর্ব্বদা মণ্ডলীভূতই দেখা যাইতে থাকিল ॥৩৬॥

নবনাথ ! আপনাব পুত্রেবা যুদ্ধে সেই ব্যাপাব দেখিয়া বিস্ময়াপন্ন হইযা ভীম্মেব প্রশংসা কবিতে লাগিলেন ৷৩৭৷

ওদিকে দেবতাবা বিপ্রচিত্তি দানবকে যেমন দেখিতেন, সেইবাপ পাশুবেবা বিষয় হইয়া যুধ্যমান বীব ভীম্মকে কেবল দেখিতেই লাগিলেন, কিন্তু প্রকটিত-মুখ যমেব স্থায় তাঁহাকে আব বারণ কবিতে পাবিলেন না ॥৩৮॥

⁽৩৬) মুগুলীকুডমেবাশ্ত- পি।

তং শিথপ্তী ত্রিভির্বাণৈরভ্যবিশ্যৎ স্তনান্তরে।
আশীবিষমিব ক্রুদ্ধং কালস্ফীমিবান্তকম্ ॥৪০॥
স তেনাতিভূশং বিদ্ধঃ প্রেক্ষ্য ভীল্পঃ শিথপ্তিনম্।
পূনর্নালোকয়ৎ ক্রুদ্ধঃ প্রহসমিদমত্রবীৎ ॥৪১॥
কামং প্রহর বা মা বা ন ত্বাং ঘোৎস্তে কথঞ্চন।
যৈব হি ত্বং ক্রতা ধাত্রা সৈব হি ত্বং শিথপ্তিনী ॥৪২॥
তম্ম তম্বচনং শ্রুদ্ধা শিথপ্তী ক্রোধমূর্চ্ছিতঃ।
ভবাচ ভীল্পং সমরে স্কেশী পরিসংলিহন্ ॥৪০॥
জানামি ত্বাং মহাবাহো! ক্রত্রিয়াণাং ভয়করম্।
মরা শ্রুতঞ্চ তে যুদ্ধং জামদগ্যেন বৈ সহ ॥৪৪॥

ভাবতকোমুদী

छिमिछि। छनास्तद त्रक्ति। कानरुष्ठेर रेपत्थितिछम् ॥ १० ॥ न देखि। थ्येक्ट चाकिक्छार्यन। शून्नीलाकप्रर खीश्क्षेषाढण ॥ १३॥ काममिछि। कानर स्थिक्टम्। मा बा न वा थ्येह्द । वा खी ॥ १२॥ छण्डि। क्लार्यन मूर्क्टिछा ख्यानदीनः। शिवनरिनट्न् द्रमनमा क्लाम्नामिछ। छ्यक्दर महावीवचार। जामम्हान श्रवश्वारम् ॥ १८॥

অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইবাপ ভীম সেই দশম দিনে নিশিত বাণসমূহদ্বাবা শিখণ্ডীর ব্যিসেন্স দগ্ধ কবিতে লাগিলেন ॥৩৯॥

সেই সময়ে শিখণ্ডী তিনটা বাণদ্বাবা, সর্পেব ক্যায় ক্র্দ্ধ ও দৈবপ্রেরিত, যমেব স্থায় ভীষণ ভীম্মের বক্ষন্থল বিদ্ধ কবিলেন ॥৪০॥

ভীম শিখণ্ডীর বাণে অত্যন্ত বিদ্ধ হইয়া একবারমাত্র তাঁহাকে দেখিয়া পুনরায় আর দেখিলেন না এবং হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥৪১॥

শিখণ্ডী। তুমি ইচ্ছানুসারে আমাকে প্রহার কর বা না কর; কিন্তু আমি কোন প্রকারেই তোমাকে প্রহার করিব না। কারণ, বিধাতা তোমাকে যে জী করিয়া স্থাষ্ট কবিয়াছিলেন, তুমি সেই জী শিখণ্ডিনীই আছু ॥৪২॥

শিখণ্ডী ভীম্মের সেই কথা গুনিয়া ক্রোধে জ্ঞানবিহীন হইয়া প্রত্তপ্রাস্ত লেহন করিতে থাকিয়া ভীম্মকে বলিলেন—॥৪৩॥

'মহাবাছ। আপনি যে ক্ষত্রিয়গণের পক্ষে ভয়ন্কর, তাহাআমি জানি এবং প্রশুবামের সহিত আপনাব যে যুদ্ধ হইয়াছিল, তাহাও আমি শুনিয়াছি ॥৪৮॥

⁽⁸²⁾ काममण्डम वा मा वा—िश वा । (82) •• मुकिषी शतिरमनिष्न् —ि । (88) क्विहां शां क्यूक्तम्—वा ता नि ।

দৃষ্টশ্চ তে প্রভাবোহয়ং স ময়া বছশঃ প্রভাতঃ
জানমণি প্রভাবং তে যোহস্থেছছাহং ত্বরা সহ ॥৪৫॥
পাগুবানাং প্রিয়ং কর্ত্ত্রুমাত্মনশ্চ.নরোত্তম ! ।
আত ত্বাং যোধয়িয়ামি রনে পুরুষদত্তম । ॥৪৬॥
প্রভাবঞ্চ ত্বাং হনিয়ামি শপে সত্যেন তেহপ্রতঃ ।
এতচ্প্রভা চ মন্বাব্যং বহু কৃত্যং তহু সমাচর ॥৪৭॥
কামং যুধ্যম্ব বা মা বা ন মে জীবন্ প্রমোক্ষ্যসে ।
স্বদৃষ্টঃ ক্রিযতাং ভীন্ম ! লোকোহয়ং সমিতিপ্রয় । ॥৪৮॥
সপ্রয় উবাচ ।

এবমুক্ত্ব াততো ভীম্বং পঞ্চভির্নতপর্ববিভিঃ। অবিধ্যত রণে ভীম্বং প্রতুদন্ বাক্যসায়কৈঃ॥৪৯॥

ভাৰতকোমুদী

দৃষ্ট ইতি। দৃষ্টশ্চাশ্বংসেনায়ম্, প্রভাবো বীরশক্তি: 1841 পাগুবানামিতি। প্রিয়ং কর্ত্ত্বং অবধক্যোভয়াভিপ্রেতহাং ॥৪৬॥ গ্রুবমিতি। শপে শপথং করোমি। ক্বত্যং কর্ত্বব্যম্ ॥৪৭॥ কামমিতি। স্থদৃষ্ট: সমাপ্, দৃষ্ট: পুনর্দর্শনাসম্ভবাং। তে সমিতিঞ্ব । যুদ্ধদ্বিন্।॥৪৮॥

আপনাব এই প্রভাব আমি বছবাব দেখিয়াছি এবং শুনিযাছি। স্থতবাং আপনাব প্রভাব জানিয়াও আমি আজ আপনাব সহিত যুদ্ধ কবিব ॥৪৫॥

নবভোষ্ঠ পুক্ষোত্তম! আৰু আমি নিব্দেব ও পাগুৰগণেব প্ৰিয় কাৰ্য্য কবি-বাব জন্ম সমরাঙ্গনে আপনাব সহিত যুদ্ধ কবিব ॥৪৬।

আমি আপনাব সম্মুখে সত্যদ্বাবা শপথ কবিতেছি যে, নিশ্চয়ই আপনাকে বধ করিব; আমাব এই কথা শুনিষা বাহা আপনাব কর্ত্ব্য তাহা ককন ॥৪৭॥

যুদ্ধবিজ্ঞায়ী ভীশ্ম! তৃমি ইচ্ছামুসাবে যুদ্ধ কর বা না কব, কিন্তু আমাব নিকট হইতে জীবিত অবস্থায় মুক্তি পাইবে না। স্থতরাং এই জগংটাকে ভাল কবিয়া দেখিয়া লও ॥৪৮॥

সঞ্জয় বলিলেন—"শিখণ্ডী ভীন্মকে এইৰূপ বলিয়া বাক্যবাণে বিশেষ ব্যথিত কবিয়া পরে ঈষদ্বক্রপ্রাস্ত পাঁচটা বাণদ্বাবা যুদ্ধে ভীন্মকে বিদ্ধ কবিলেন ॥৪৯॥

⁽⁸⁴⁾ मिराक टि—रा ता नि। (84) श्वित्रः कूर्वन्—नि। (84) कायभणम वा मा वा—नि वा। (84) श्वेकृतन् वाकामात्रदेकः—नि। (84) श्वेकृतन् वाकामात्रदेकः—नि। वाकामात्रदेकः—नि।

তত্ত তহচনং শ্রুত্বা সব্যসাচী মহারথঃ।
কালোহরমিতি সঞ্চিন্ত্য শিখণ্ডিনমচোদয়ৎ ॥৫০॥
অহং ত্বামনুযাস্থামি পরান্ বিদ্রাবয়ন্ শরৈঃ।
অভিদ্রেব স্থসংরক্ষো ভীষাং ভীমপরাক্রমম্ ॥৫১॥
ন হি তে সংমুগে পীড়াং কর্ত্ত্বং শক্তা মহাবলাঃ।
তত্মাদত মহাবাহো! যত্নাদ্রীষ্মমভিদ্রব ॥৫২॥
অহত্বা সমবে ভীষাং যদি যাস্থাসি মারিষ!।
অবহাস্থোহস্থ লোকস্থ ভবিষ্যসি ময়া সহ ॥৫০॥
নাবহাস্থা যথা বীর! ভবেম পরমাহবে।
তথা কুক রণে যত্নং সাধয়ন্ব পিতামহম্॥৫৪॥

ভাবতকৌমূদী

এবমিতি। নতপর্বভি: ঈরব্যক্রাণার্টিঃ শর্মে। প্রভূদন্ পূর্বং প্রবাধয়ন্ শিখজী ।৪৯। তত্তেতি। স্বাসাচী অজ্না। কালোহয়ং ভীয়ব্যতা। অচোদ্বং প্রৈরম্ম ।৫১॥ অনুমিতি। বিদ্রাবয়ন্ মর্কনেনাপনাবয়ন্। অভিবাব, স্বসংরক্ষঃ অত্যুৎসালী ।৫১॥ নেতি। সংস্পে মৃদ্ধে। মহাবদা অপি বিপক্ষাঃ ।৫২॥ অহমেতি। হে মারিষ। আর্ষা। সভ্য। অবহাত্ত উপহাত্তঃ ।৫৩॥ নেতি। প্রমাহবে মহামুদ্ধে। সাধ্যম্ব প্রলোকং প্রময়, প্রায়েণ পাস্তকঃ সাধির্গমে স্থানে প্রস্কাতে" ইতি সাহিত্যদর্পণোক্তো। পিতামহং ভীয়ম্ ।৫৪।

শিখণ্ডীর সেই কথা শুনিয়া ইহাই ভীম্মবধের সময় এইরূপ ভাবিয়া মহাবধ অর্জুন শিখণ্ডীকে ভীম্মবধে আদেশ করিলেন (বলিলেন—) ।৫০।

'আমি বাণদ্বারা বিপক্ষদিগকে অপসারণ করিতে থাকিয়া আপনাব অনুসরণ করিব; আপনি অত্যন্ত উৎসাহী হইয়া ভয়ন্কর পরাক্রমশালী ভীম্মেব দিকে ধাবিত হউন ॥৫১॥

মহাবাহু! মহাবল শক্ররাও যুদ্ধে আপনাকে পীড়ন করিতে সমর্থ হইবেন না। অতএব আপনি এখনই যতুপূর্বক ভীন্মের প্রতি ধাবিত হউন ॥৫২।

সজ্জন! আপনি যদি আজ যুদ্ধে ভীম্মকে বধ না করিয়া ফিরিয়া যান, তবে আমার সহিতই আপনি এই লোকসমাজের নিকট উপহাস্ত হইবেন ॥ ধ্যা

বীর! আমবা যাহাতে মহাযুদ্ধে উপহাস্ত না হই, আপনি সেইভাবে যুদ্ধে যত্ন ককন, ভীম্মকে পবলোকে প্রেবণ করুন ॥৫৪॥

⁽৫২)--- वक्कः কর্তুং মহাবলः-- পি বা রা।

আহং তে রক্ষণং যুদ্ধে করিয়ামি মহাবল !।
বারয়ন্ রথিনঃ সর্বান্ সাধয়ন্ত পিতামহম্ ॥৫৫॥
ত্রোণঞ্চ ত্রোণপুত্রঞ্চ কুপঞ্চাথ ন্যবোধনম্।
চিত্রসেনং বিকর্ণঞ্চ সৈন্ধবঞ্চ জয়দ্রথম্ ॥৫৬॥
বিন্দান্মবিন্দাবাবস্ত্যে) কাম্বোজঞ্চ হুদক্ষিণম্।
ভগদত্তং তথা শ্রম র্যাগ্রঞ্চ মহাবলম্ ॥৫৭॥
সৌমদত্তিং তথা শ্রমার্যশৃঙ্গিঞ্চ রাক্ষসম্।
ত্রিগর্ভরাজঞ্চ রণে সহ সর্বৈর্মহারথৈঃ।
আহমাবারয়য়্যামি বেলেব মকরালয়ম্ ॥१৮॥ (বিশেষকম্)
কুরংশ্চ সহিতান্ সর্বান্ যুধ্যমানান্ মহাবলান্।
নিবাবয়য়্যামি রণে সাধয়ন্ত পিতামহম্॥৫৯॥
ভারতে শ্রমাহস্থাং সংক্রিয়ায়ং বৈয়াসিক্রাং ভীলপ্র

[ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীম্মপর্ব্বিনি]
ভীম্মবধে দশমদিবসমুদ্ধে ভীম্মশিথগুসমাগমে
চতুরধিকশতভমোহধ্যায়ঃ॥ ॥ *

ভারভকৌমুদী

অথাত্যে যদি মাং হনিয়ন্তীত্যাহ অহমিতি। রথিনো বিপক্ষান্ । ৫৫।
কোপমিতি। নৈদ্ধং নিজুরাজম্। আবস্ত্যো অবস্থিদেশীরো, কামোজং কমোজদেশাধিপতিম্। নোমদক্তিং ভূরিপ্রাবসম্, আর্যাশৃন্ধিমলম্বম্। বেলা তীরম্, মকরালয়ং সম্ত্রম্।
বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৫৬—৫৮॥

ভাৰতভাৰদীপঃ

কথমিতি ॥১—৪২। কামং স্বচ্ছন্দম্ অভ্যস প্রক্রিপ ।৪৩—৪৮। স্থান্টঃ ক্রিয়তাং ন পুন্ত্রস্থানি লোকমিমমিতি ভাব: ।৪২—৫৪। সাধ্যম স্বীকৃত্র স্বহি বা ।৫৫—৫২। ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্কনি নৈলক্ষীয়ে ভার হভাবদীপে চতুর্যধিকশততমোহধ্যায়: ।১০৪।

মহাবল! আমি সমস্ত বিপক্ষ বথীকে বারণ করিতে থাকিয়া আপনাকে রক্ষা কবিব; আপনি পিডামহকে পরলোকে প্রেরণ করুন ৪৫৫॥

তীর যেমন সমুত্তকে বারণ করে, আমিও সেইবাপ জোণ, অরখামা, রুপ, হুর্য্যোধন, চিত্রসেন, বিকর্ণ, সিশ্বুরাজ জয়ত্রথ, অবস্থিদেশীয় বিন্দ ও অন্থবিন্দ, কম্বোজরাজ স্থদক্ষিণ, বীর ভগদত্ত, মহাবল মগধরাজ, বীর ভৃতিপ্রবা, বাহ্মস অলমুষ এবং অক্স সকল মহারথের সহিত স্থশর্মাকে বারণ করিব ॥৫৬—৫৮॥

^{* &#}x27;---নবোত্তরশততমোহধ্যায়:' বা, '---অষ্টাধিকশততমোহধ্যায়:' রা নি।
ভীম (২•)-১৭১

পঞ্চাধিকশততমোহধ্যায়ঃ।

----:#:----

ধৃতরাপ্ত্র উবাচ।
কথং শিখণ্ডী গাঙ্গেয়মভ্যধাবৎ পিতামহম্।
পাঞ্চাল্যঃ সমরে ক্রুদ্ধো ধর্মাত্মানং যতত্ত্রতম্ ॥১॥
কেহবক্ষন্ পাগুবানীকে শিখণ্ডিনমুদায়ুধাঃ।
ত্বরমাণাস্ত্ররাকালে জিগীয়ন্তো মহারথাঃ॥২॥
কথং শান্তনবো ভীত্মঃ স তত্মিন্ দশমেহহনি।
ত্যমুধ্যত মহাবীর্ঘ্যঃ পাগুবৈঃ সহ স্ক্রেরিঃ॥১॥

ভারতকোমূদী

কুরনিতি। কুরন্ তৃ:শাসনাদীন্। দাধরত পরলোকং গময়।৫০।
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসসিভাতবাগীশভট্টাচার্য্যবিরচিভারাং
মহাভারতটীকারাং ভারতকৌম্দীসমাধ্যায়াং ভীত্মপর্বণি ভীত্মবংধ
চত্রধিকশততমোহধ্যায়ঃ।•।

কণমিতি। তদানীং ভীক্ষ পিতামহতরা প্রসিদ্ধের তরাষ্ট্রস্থাপি পিতামহমিত্যুক্তি: ।>। ক ইতি। উদায়্বা উত্তোলিতালা:। দিগীবভো দেত্মিচ্ছত্ত: ।২॥ কণমিতি। শান্তনবপদং ভীদান্তরব্যার্ত্যর্থম্ ॥৩॥

আর যুধ্যমান মহাবল দশ্মিলিত সমস্ত কৌরবকে যুদ্ধে বারণ করিব; আপনি ভাষ্মকে পরলোকে প্রেরণ ককন"॥৫৯॥

-- 141---

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্চয়! পাঞালরাজপুত্র শিখণ্ডী ক্রুদ্ধ হইয়া কি ভাবে সমরাঙ্গনে ধর্মাত্মা, সংযমত্রত ও গজানন্দন ভীত্মের দিকে ধাবিত হইয়া-ছিলেন ? ॥১॥

সেই থবার সময়ে পাগুবদৈন্তের মধ্যে কোন্ মহারথেরাই বা হুরাহিত ও জয়াভিলাবী হইয়া অস্ত্র উত্তোলন করিয়া শিখণ্ডাকে রক্ষা করিতেছিলেন ? ॥২॥

সেই দশম দিনে মহাবীর ও শাস্তমুনন্দন ভীম্মই বা কোন্ ভাবে পাণ্ডব ও স্ঞায়গণের সহিত যুদ্ধ করিয়াছিলেন ? ॥৩॥ ন মৃয়ামি রণে ভীম্মং প্রত্যুদ্যাতং শিখণ্ডিনা। কচ্চিম রথভসোহস্য বনুর্বাহশীর্য্যভাস্থতঃ ॥৪॥ সঞ্জয় উবাচ।

নাশীর্য্যত ধনুশ্চাস্থ বথভঙ্গো ন চাপ্যভূৎ।

যুধ্যমানস্থ সংগ্রামে ভীম্মস্থ ভরতর্বভ! ॥৫॥

নিম্নতঃ সমরে শত্রন্ শবৈঃ সমতপর্বভিঃ।

অনেকশতসাহস্রাস্তাবকানাং মহারথাঃ। ॥৬॥

তথা দন্তিগণা রাজন্! হয়াশ্চৈব হ্মাজ্জিতাঃ।

অভ্যবর্ত্তর যুদ্ধায় পুরস্কৃত্য পিতামহম্॥৭॥ (বিশেষকম্)

যথাপ্রতিজ্ঞং কোরব্য! স চাপি সমিতিঞ্জয়ঃ।

পার্থানামকরোন্তীমঃ সততং সমিতি ক্লয়ম্॥৮॥

ভারতকৌসুদী

নেতি। মুক্তামি সহে। প্রত্যুদ্যাতং যোক ম, শিখণ্ডিনা সহ। অভাতো বাণান্ কিগত: ।৪॥

নেতি। অশীর্যাত ভয়ন্। নিম্নতঃ সংহরতঃ। পুরস্কৃত্য অগ্রবর্তীকৃত্য Ie—৭। যথেতি। যথাপ্রতিজ্ঞং দুর্য্যোধনান্তিকে পূর্বপ্রতিজ্ঞান্তদার্বে। সমিতি লিতবানিতি সমিতিশ্বয়ং। সমিতি যুদ্ধে, "প্রিয়ং সংযৎসমিত্যান্তিসমিদ্যুদ্ধং" ইত্যাসরঃ IFI

(দেখ সঞ্জয়।) আমি কিন্তু শিখণ্ডীর সহিত যুদ্ধ করিবার জন্য ভীমের সমরাঙ্গনে প্রাকৃত্যদ্গমনটাই সহা করিতে পারিতেছি না। তখন ভীমের রথণানা ভাঙ্গিয়া যায় নাই ত ় এবং বাণক্ষেপ করিবার সময়ে উহার ধরুখানা ভগ্ন হয় নাই ত ;" ॥॥॥

সঞ্জয বলিলেন—"ভরতশ্রেষ্ঠ। ভীষা যখন সমরাঙ্গনে যুদ্ধ কবিতেছিলেন এবং নতপর্বব বাণসমূহদারা যুদ্ধে শক্রসংহার করিতেছিলেন, তখন উহার ধহু-খানাও ভগ্ন হয় নাই, রথখানাও ভাঙ্গিয়া যায় নাই। রাজা। আপনার পক্ষের বহুসংখ্যক মহারথ, সুসজ্জিত গজারোহী ও অখারোহী ভীষ্মকে স্প্রাবর্তী করিয়া যুদ্ধ করিবার জন্ম ধাবিত হইলেন ॥१—९॥

কৌরবনন্দন ৷ যুদ্ধবিজ্ঞয়ী ভীষাও পূর্ব্বপ্রতিজ্ঞামুসারে যুদ্ধে অনবর্জ পাণ্ডবপক্ষের ক্ষয় করিতে লাগিলেন ॥৮॥

⁽৪) অপ্রাদ্যাতং বিধণ্ডিনমৃ । ধহুর্বাহন্দ্রীগ্রন্থতঃ —বা।

যুধ্যমানং মহেষাসং বিনিদ্নন্তং পরান্ শরৈ:।
পাঞ্চালাঃ পাগুবৈঃ সার্দ্ধং সর্বন্তঃ পর্যবারয়ন্ ॥৯॥
দশমেহহনি সংপ্রাপ্তে ততন্তাং রিপুবাহিনীম্।
কীর্য্যমাণাং শিতৈর্বাণৈঃ শতশোহথ সহস্রশঃ ॥>০॥
নহি ভীম্বং মহেষাসং পাগুবাঃ পাগুপূর্বেজ!।
আশক্রুবন্ রণে জেতুং পাশহন্তমিবান্তকম্ ॥>>॥
আপোপায়ান্যহারাজ! সব্যসাচী বনপ্তমঃ।
ত্রাসয়ন্ রথিনঃ সর্ববান্ বীভৎস্বপরাজিতঃ ॥>>॥
সিংহবদ্বিনদম্কৈর্দ্ধর্ম্প্রাাং বিক্ষিপন্ মৃন্তঃ।
শরোষান্ বিস্কেন পার্পো ব্যচরৎ কালবদ্রণে ॥>০॥
তত্তা শব্দেন বিত্রন্তান্তাবকা ভরতর্বভ!।
সিংহত্যেব মুগা রাজন্! ব্যদ্রবন্ত মহাভয়াৎ ॥>৪॥

ভারতকোমুদী

ষ্ধ্যতি। মহেধানং মহাধন্ধহং তীমন্। পর্যবারয়ন্ পর্যাবেইছ । ।
দশম ইতি। কীর্যানাণাং তীমেণাব্রিয়াণামপশ্যমিতি পের: । ১ •।
নহীতি। হে পাওুপ্র্রম্প। পাওুজাঠ্রাত: ।। পাশহন্তং বন্ধনার্থকহেল্পাণিন্ । ১ ১ ।
অবেতি। উপায়াত্বপাগচ্ছং। সব্যদাচী বামদক্ষিণহন্তাভ্যাং বাণক্ষেপী । ১ ২ ।
কিংহবদিতি। ধন্ধংশ স্থাং গুণন্, বিক্ষিপয়াকর্বন্। কালবং মম ইব । ১ ৩ ।
জক্তেতি। তাবকাদ্বংশকীয়া: কৈভা:। ব্যহ্রবন্ধ প্লায়ন্ধ । ১ ৪ ।

মহাধমুর্দ্ধর ভীম বাণদ্বারা শত্রুসংহার করিতে লাগিলেন, পাঞ্চালেবা পাঙ্ক গণের সহিত মিলিত হইয়া তাঁহাকে সকল দিকে বেষ্টন করিল ॥>॥

দশমদিন উপস্থিত হইলে, ভীম্ম শত শত ও সহস্র সহস্র বাণ্চারা সেই বিপক্ষসৈম্ম আবৃত করিয়া ফেলিলেন— দেখিলাম ॥১০॥

পাণ্ডপূর্ব্বজ। পাশপাণি যমের ফ্রায় মহাধনুর্দ্ধর ভীম্মকে পাণ্ডবেরা মুক্ত জয় করিতে সমর্থ হইলেন না॥১১॥

মহারাজ! তাহাব পর সব্যসাচী, বীভংগ্ন ও অপরাজিত অর্জ্ন সমস্ত বিপক্ষ রথীকে বিত্রস্ত করিয়া উপস্থিত হইলেন ॥১২॥

এবং তিনি সিংহের স্থায় উচ্চ নাদ, মৃত্যুঁত ধরুগুণসঞ্চালন ও বাণসমূহ বর্ষণ করিতে থাকিয়া যমের স্থায় সমরাজনে বিচরণ করিতে লাগিলেন ॥১৩॥

⁽३)--- সার্চ্চং সর্ব্বে তে নাভ্যবারয়ন্—পি রা,--- সার্চ্চং সর্ব্বে তে নাভ্যধারয়ন্—বা।

জয়ন্তং পাণ্ডবং দৃষ্ট্য স্থং দৈন্যঞাভিগীড়িতম্।
হুর্যোধনন্ততো ভীম্মত্রবীক্ত্ শুণীড়িতঃ ॥১৫॥
এব পাণ্ড্রন্তন্তাত! শেতাশ্বঃ কৃষ্ণবাস্থাই।
দহতে মামকান্ সর্বান্ কৃষ্ণবাস্থাই কানন্ম্॥১৬॥
পশ্য দৈন্যানি গাঙ্গেয়! দ্রবমাণানি সর্ববশঃ।
পাণ্ডবেন যুবাং শ্রেষ্ঠ! কাল্যমানানি সংযুগে॥১৭॥
যথা পশুগণান্ পালঃ সংকালয়তি কাননে।
তথেদং মামকং দৈন্যং কাল্যতে শক্রসুদন !॥১৮॥
ধনঞ্জয়শবৈর্ভায়ং দ্রবমাণং ততন্তকঃ।
ভীমোহপ্যেবং ছুরাধর্ষো বিদ্রোবয়তি মে বলম্॥১৯॥
সাত্যকিশ্চেকিতানশ্চ মাদ্রীপুর্ত্রো চ পাণ্ডবো।
আভিমন্যশ্চ বিক্রান্তো বাহিনীং দহতে মম॥২০॥

ভারতকৌমুদী

জয়ন্তি। পাশুবমর্জুনম্, প্রকরণাৎ। ভূপপীডিত: অভীবর্:থিত: ॥১৫।
এব ইতি। ক্ষো দহনেন কৃষ্ণবর্ণা বর্জা পথা যক্ত দ কৃষ্ণবর্জা অগ্নি: ॥১৬।
পশ্চেতি। প্রবমাণানি পলাগ্নমানানি। কাল্যমানানি আমর্দ্ধামানানি ॥১৭।
যথেতি। পাল: পশুবক্ষক:, সংকাল্যতি সংতাভয়তি। কাল্যতে অর্জুনেন তাভাতে ॥১৮।
ধনগুয়েতি। ভগ্নং বিশ্লিষ্টম্, শ্রবমাণং প্লাগ্নমানম্। বিশ্লাবয়তি পীড়য়তি ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা। সিংহের শব্দে হরিণগণের স্থায অর্জুনের শব্দে আপনার সৈস্তেরা বিত্রস্ত হইয়া মহাভয়ে পলায়ন কবিতে লাগিল ॥১৪॥

তাহার পর অর্জুনকে বিজয়ী দেখিয়া এবং আপনার সৈক্সগণকে অত্যন্ত-পীড়িত দর্শন কবিয়া তুর্য্যোধন অভিতঃখিত হইয়া ভীত্মকে বলিলেন—॥১৫॥

'পিতামহ! অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইবপ শ্বে চবাহন ও কৃষ্ণসারখি এই অর্জুন আমার সমস্ত সৈৱ দগ্ধ করিভেছে॥ ২৬॥

যোদ্ধ্রেষ্ঠ গঙ্গানন্দন! নেথুন—অর্জুন যুদ্ধে পীড়ন করিতে থাকায় আমার সৈন্দ্রেরা সকল দিকে পলাযন করিতেছে ॥১৭॥

শত্রুদমন! পশুপালক যেমন বনে পশুগণকে তাড়ন করে, সেইকপ অর্জুন আমার সৈক্তগণকে তাড়ন করিতেছে ॥১৮॥

আমার সৈক্ষেরা অর্জুনের শরাঘাতে বিশ্লিষ্ট হইয়া যেমন ইভস্তভঃ পলায়ন করিতেছে, তেমন হুর্দ্ধর্য ভীমও আমার দৈয়া পীড়ন করিতেছে ॥১৯॥

(১৮)---কাল্যতে শক্ষতাপন !--রা নি। (২০)--- অভিসন্থ্য স্থবিকাস্তঃ--বা রা নি।

ধৃষ্টপ্তান্নন্তথা শ্বো রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
ব্যদ্রাবয়েতাং সহসা সৈত্যং মম মহারণে ॥২১॥
"বধ্যমানস্থ সৈত্যস্থ সর্বৈরেতৈর্মহারথৈঃ।
নাত্যাং গতিং প্রপশ্যামি স্থানে যুদ্ধে চ ভারত। ॥২২॥
ঝতে ত্বাং পুরুষব্যান্ত্র! দেবতুল্যপরাক্রমম্।
পর্য্যাপ্রোতু ভবান্ শীত্রং পীড়িতানাং গতির্ভব ॥২০॥ (রুগ্মকম্)
সঞ্জয় উবাচ। **

এবমুক্তো মহারাজ ! পিঙা দেবত্রতন্তব। চিন্তয়িত্বা মুহূর্ত্তন্ত কৃত্বা নিশ্চয়মাত্মনঃ ॥২৪॥ তব সন্ধারয়ন্ পুত্রমত্রবীচ্ছান্তনোঃ হৃতঃ।

ছুৰ্য্যোধন! বিজ্ঞানীহি স্থিরো ভূত্বা বিশাংগতে ॥২৫॥ (যুগাকম্)

ভারতকৌমুদী

শাভাকিরিডি। দহতে দহতি সংহরতীভার্থ: ।২•॥

যুষ্টেতি। ব্যক্তাবয়েতাং স্থাপীড়য়তাম্। স্বন্ধগাত্মনেপদপ্রথমপুরুষধিবচনম্ ।২১। বধ্যেতি। গতিমূপায়ম্, স্থানে স্থিতো । থাতে বিনা। পর্যাপ্নোতু সর্বতঃ পীড়িঙং মংগৈল্যমাপ্রযুত্। গতিঃ স্থিতো মুদ্ধে চ উপায়ো ভব ।২২—২৩।

এবমিতি। নিশ্চয়ং কর্মবাবধারণম। সন্ধারয়ন্ আলিন্দন্ আখাস্যন্ ।২৪--২৫॥

সাত্যকি, চেকিতান, নকুল, সহদেব ও বিক্রমশালী অভিমন্ত্যও আমাব বাহিনী দক্ষ করিতেছে ॥২০॥

ভা'র পর বীর ধৃষ্টত্যুম এবং রাক্ষস ঘটোংকচও মহাযুদ্ধে আমাব সৈম্বগণকে ক্রেড নিপীড়ন করিভেছে ॥২১॥

ভরতনন্দন পুকষশ্রেষ্ঠ। এই মহারথেরা সকলে বধ করিতে থাকার দেবতুল্যপরাক্রমশালী আপনি ব্যতীত আমার সৈম্মগণেব সমরাঙ্গনে থাকা বা যুদ্ধ করার পক্ষে অপর কোন উপায় দেখিতেছি না। অতএব আপনি সম্বর এই গীড়িত সৈষ্মগণের আশ্রয় ও উপায় হউন'॥২২—২৩॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! তুর্য্যোধন এইরূপ বলিলে, আপনার জ্যেষ্ঠ-ভাত ভীম একটু কাল ভাবিয়া নিজের কর্ত্তব্য স্থির করিয়া আপনার পুত্রকে আশ্বস্ত করতঃ বলিলেন—'নরনাথ তুর্য্যোধন! স্থির হইয়া প্রবণ কর—॥২৪—২৫॥

⁽২৩) ---পর্যাপ্তস্ত ভবান্ শীশ্রম্---বা রা নি। * অন্নং পাঠঃ পি বা নান্তি।

পূর্ববিকালং তব ময়া প্রতিজ্ঞাতং মহাবল !।

হন্ধা দশ সহস্রাণি ক্ষত্রিয়াণাং মহাত্মনাম্ ॥২৬॥

সংগ্রামাদ্যপযাতব্যমেতৎ কর্ম্ম মমাত্মিকম্।

ইতি তৎ কৃতবাংশ্চাহং যথোক্তং ভরতর্বভ! ॥২৭॥ (যুগ্মকম্)

অন্ত চাপি মহৎ কর্ম্ম প্রকরিয়ে মহাবল!।

অহং বা নিহতঃ শেষ্যে হনিয়ে বাত্য পাগুবান্ ॥২৮॥

অত্য তে পুরুষব্যাত্র! প্রতিমোক্ষ্যে ঋণং মহৎ।

ভত্ পিগুকৃতং রাজন্! নিহতঃ প্তনামুখে ॥২৯॥

ইত্যক্ত্যা ভরতজ্ঞেষ্ঠ! ক্ষত্রিয়ান্ প্রবপন্ শরৈঃ।

আসনাদ তুরাধর্ষঃ পাগুবানামনীকিনীম্ ॥৩০॥

ভারতকোমূদী

পূর্ব্বেতি। তব সমীপে। ব্যাণঘাতবাদ্ অপগস্থবাদ্। আহ্নিকং দৈনিকন্ ।২৬—২৭॥
অভেতি। শেরে শরিকে। ইড়াগমাভাবং, হনিক ইত্যাত্মনেপদক বন্নমপ্যার্থম্ ॥২৮॥
অভেতি। প্রতিমোক্ষ্যে পরিশোধবিক্ষে। ভর্ত্ত্বের পিণ্ডেনারদানেন ক্বতম্ ॥২৯॥
ভাবভভাবদীপঃ

কথমিতি ॥১—৭॥ সমিতিকয়: সংগ্রামজিৎ, সমিতি যুদ্ধে ॥৮—১৯॥ জবতে জাবয়তি

॥২০—২১॥ গতিং ধাস আশ্রেষটি যাবৎ, স্থানে অবস্থানে ॥২২—২৬॥ আহ্নিকং দিবস্কার্য্যন্ ॥২৭॥ শেয়ে স্বন্স্যামি ॥২৮—৩৯॥

ইতি শ্রীমহাভারতে ভীমপর্মণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে পঞ্চাধিকশততনোহধ্যায়ঃ #১০৫#

মহাবল। আমি পূর্বের ভোমার নিকট প্রভিজ্ঞা করিয়াছিলাম যে, আমি
দশ সহস্র বীর ক্ষত্রিয় বিনাশ করিয়া সমরাঙ্গন হইতে ফিরিয়া যাইব, ইহা
আমার দৈনিক কার্য্য হইবে। ভরতশ্রেষ্ঠ। আমি তাহা উক্তরূপে
করিয়াছিও ॥২৬—২৭॥

মহাবল। অভও আবার গুক্তর কার্য্য করিব—হয়, আমি নিহত হইয়া সমরাঙ্গনে শয়ন করিব; না হয়, অভ পাণ্ডবগণকে বধ করিব ॥২৮॥

নরশ্রেষ্ঠ রাজা! এবাবৎ তুমি আমাকে অন্ন দান করায় আমি ডোমার নিকট হইতে যে গুরুতর ঋণ করিয়াছিলাম, তাহা আজ সেনাসমূখে নিহত ছইয়া পরিশোধ করিব' ॥২৯॥

⁽২৭) সংগ্রামাদপ্যাশ্যামি ফ্তেৎ কর্ম সমাহিত্য—নি। (১৮) - অহং বাছ হত: শেয়ে—রা নি। (২৯)---প্রতিমোক্ষ্যে ঋণং তব—বা রা>---প্রতরিয়ে ঋণং তব—নি, ইত: পরম্ 'সঞ্চয় উবাচ' নি।

অনীকমধ্যে তিঠন্তং গাঙ্গেয়ং পুরুষর্বভন্।
আশীবিষমিব ক্রুন্ধং পাগুবাঃ প্রত্যবারয়ন্॥৩১॥
দশমেহনি ভীম্মন্ত দশ্মন্ শক্তিমাত্মনঃ।
রাজন্! শতসহস্রাণি সোহবরীৎ কুরুনন্দনঃ॥৫২॥
পাঞ্চালানাঞ্চ যে জ্রেষ্ঠা রাজপুত্রা মহারথাঃ।
তেষামাদত তেজাংসি জলং সূর্য্য ইবাংশুভিঃ॥৩০॥
হত্মা দশ সহস্রাণি কুঞ্জরাণাং তবিষ্বনান্।
সারোহাণাং মহারাজ! হয়ানাঞ্চাযুক্তং তথা॥৩৪॥
পূর্বে শতসহস্রে দে পাদাতানাং নরোত্তমঃ।
প্রজ্জাল রবে ভীত্মো বিধুম ইব পাবকঃ॥৩৫॥ (য়ুগ্মকম্)

ভারতকোমুদী

ইতীতি। প্রবণন্ বিকিরন্ আর্থনিত্যর্থ:। আসসাদ প্রাণ, ছ্বাধর্থ। ভীন্ন: ১০০।
অনীকেতি। অনীকন্ত স্বনৈত্যত মধ্যে, গাঙ্গেরং ভীন্ম্। আশীবিবং সর্পম্ ১০০।
দশম্ ইতি। শতসহ্স্রাণি বহুনি লক্ষাণি ১০২।
পাঞ্চালানামিতি। অংশুভিরিত্যনেন শরৈরিত্যুপ্যেয়পক্ষে করণমাক্ষিপ্যতে ১০০।
হত্তেতি। তর্বিনাং বল্বতাম্। সারোহাণাম্ আরোহিসহিতানাম্। শতসহত্যে লক্ষে,
পান্বাতানাং পদাভিসমূহানাম্ ১০৪—০৫।

ভরতশ্রেষ্ঠ। ছর্দ্ধর্য ভীম এই কথা বলিয়া বাণহারা বিপক্ষ ক্ষত্তিয়দিগকে আযুত করিতে থাকিয়া পাণ্ডবদৈক্তের নিকটে উপস্থিত হইলেন ॥৩০॥

পুরুষশ্রেষ্ঠ ভীম সর্পের স্থায় জুদ্দ হইয়া সৈক্তমধ্যে অবস্থান করিছে লাগিলে, পাণ্ডবেরা তাঁহাকে বারণ করিছে লাগিলেন ॥৩১॥

রাজা। কুকনন্দন ভীম সেই দশম দিনে নিজের শক্তি দেখাইতে থাকিয়া বিপক্ষের বহুলক্ষ সৈশু সংহার করিলেন ॥৩২॥

পাঞ্চালগণের মধ্যে যে সকল শ্রেষ্ঠ মহারথ বান্ধপুত্র ছিলেন, সূর্য্য যেমন কিরণদাবা জল আকর্ষণ কবেন, সেইরূপ ভীম্ম বাণদারা জাঁহাদেব ভেন্ধ আকর্ষণ করিতে লাগিলেন ॥ ৩৩॥

মহারাজ! আরোহিগণের সহিত দশ সহস্র বলবান্ হস্তী, দশ সহস্র অধ্ধ এবং পূর্ণ ছাই লক্ষ পদাতি সংহার করিয়া নরশ্রেষ্ঠ ভীল্প, ধৃমশৃত্য অগ্নির তায সমরাকনে দীপ্তি পাইতে থাকিলেন ॥৩৪—৩৫॥

⁽৩১)--গাকেয়ং ভরতর্বভ |--রা নি। (৩২)---কুকনদ্দন |--রা নি।

ন চৈনং পাগুবেয়ানাং কেচিচ্ছেক্রিরীক্ষিতুম্।
উত্তরং মার্গমাস্থায় তপস্তমিব ভাস্করম্ ॥৩৬॥
তে পাগুবেয়াঃ সংরক্ষা মহেঘাদেন পীড়িতাঃ।
বধায়াভ্যদ্রবন্ ভীম্মং স্প্রেমান্ট মহারথাঃ ॥৩৭॥
স বধ্যমানো বহুভির্ভীম্মঃ শাস্তনবস্তদা।
অবকীর্ণো মহামেরুঃ শৈলো মেইঘিরিবাসিতৈঃ ॥৩৮॥
পুত্রাস্ত তব গাঙ্গেয়ং সমস্তাৎ পর্য্যবারয়ন্।
মহত্যা সেনয়া সার্জং ততো যুদ্ধমবর্ত্ত ॥৩৯॥

[ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীম্মপর্ব্ধণি]
ভীম্মবধে দশমদিবসমূদ্ধে ভীম্মতুর্য্যোধনসংবাদে
পঞ্চাধিকশততমোহধ্যায়ঃ॥।॥ #

ভারতকৌমুদী

নেতি। এনং ভীমন্। শেকু: শকা বভূবু:। উত্তরং সার্গস্তরারণন্ ।৩৬।
ত ইতি। সংবদ্ধা: জুদ্ধা:, মহেঘাসেন মহাধহর্দ্ধরেণ তীমেণ ।০৭।
স ইতি। বধ্যমান আহম্ভমান:। অবকীর্ণ আবৃত্তঃ। অসিতৈ: কুক্মে: ১৯৮॥
পুত্রা ইতি। গাঙ্কেমং ভীমন্, পর্যাবারমন্ পর্যাবেইস্ক রক্ষিত্মিতি শেবঃ ।০০।
[ইতি মহামহোপাধ্যাম-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহ্রিদাসসিদ্ধান্তবাসীশভট্টাচার্য্যবির্চিতামাং]
মহাভারতটীকামাং ভাবতকৌম্দীসমাধ্যামাং ভীমপ্রবি ভীমবংধ

পঞ্চাধিকশততমোহধ্যার: ।।।

সূর্যা উত্তরায়ণে যাইয়া জগৎ সম্ভপ্ত করিতে লাগিলে যেমন কেইই তাঁহার দিকে দৃষ্টিপাত করিতে পারে না, সেইরূপ পাশুবগণের মধ্যে কেইই ভীম্মের দিকে দৃষ্টিপাত করিতে পারিল না॥৩৬॥

ভদনস্তর মহাধমুর্দ্ধর-ভীম-কর্তৃক নিপীড়িত সেই মহারথ পাণ্ডবগণ ও স্প্রেয়গণ ক্রেদ্ধ হইয়া বধ করিবার জন্ম ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

তখন বহুতর যোদ্ধা শাস্তমুনন্দন ভীমকে আঘাত করিতে লাগিলেন এবং কৃষ্ণবর্ণ মেঘ যেমন সহামেক্লপর্বভকে আবৃত কবে, সেইরূপ তাঁহারা ভীমকে আবৃত করিলেন ॥১৮॥

পেই সময়ে আপনার পুত্রেরা বিশাল সৈম্মের সহিত যাইয়া রক্ষা করিবার জয় সকল দিকে ভীম্মকে বেষ্টন করিলেন। তাহার পর যুদ্ধ লাগিয়া গেল"॥১৯॥

⁽৩৬) ন চৈবম্—নি। (৩৮) সংষ্ধাসানঃ শাস্তনবন্তথা—মেধৈবিবাবৃতঃ—বা রা, । শাস্তনবন্তথা। অবকীর্নো মহেমানৈঃ শৈলো মেধৈবিবাবৃতঃ—নি। * 'ক্লাভরশত-ডমোহধাায়ঃ' বা, 'নবাধিকশভতমোহধাায়ঃ' বা নি।

বড়ধিকশততমোইধ্যায়ঃ।

--1*!--

সঞ্জয় উবাচ।

অর্জ্রনপ্ত রণে রাজন্! দৃষ্ট্য ভীলস্থ বিক্রমম্।
শিথন্তিনমথোবাচ সমভ্যেহি পিতামহম্॥১॥
ন চাপি ভীত্তয় কার্যা ভীল্লাদন্ত কথঞ্চন।
অহমেনং শরৈস্তীক্ষেঃ পাতয়িয়ে রথোভমাৎ ॥২॥
এবমুক্তস্ত পার্থেন শিশুণ্ডী ভরতর্বভ!।
অভ্যদ্রবত গাঙ্গেয়ং শ্রুছা পার্থস্ত ভাষিত্রম্ ॥৬॥
প্রক্রামন্তথা রাজন্! সৌভদ্রশ্চ মহারথঃ।
হাতীবাদ্রবতাং ভীল্লং শ্রুছা পার্থস্ত ভাষিত্রম্ ॥৪॥
বিরাটক্রপদৌ র্ন্থৌ কৃতিভোল্লশ্চ দংশিতঃ।
অভ্যদ্রবত গাঙ্গেয়ং পুক্রস্ত তব পশ্যতঃ ॥৫॥

ভারতকৈীমুণী

পর্জুন ইতি। পর্জুনোন্ডিনছবরতি সমভোষী হ্যারিনা পররোকান্তেন ।>।
নিতি। ভীর্তমন্, কার্য্যা কর্ত্বরা ।২।
এবমিতি। পার্পেন প্রকরণার্মজুনেন। অভ্যারবত অভারাবৎ, গাংসেরং ভীয়ার ।।
শ্বটেতি। গোভারোথভিমন্তা। ক্রান্ত্রী, প্রতিবীরনাভে বীরাণাং হর্বত বাভাবিক্ছাৎ।
বিশ্বাটেতি। দংশিতা কৃতসমাহা। প্রভেত্যনাদরে বহী ।।।

সঞ্জয় বলিলেন—"রাজা! তাহার পর অর্জ্ব যুক্তে ভীমেব বিক্রম দেখিয়া শিখণ্ডীকে বলিলেন—'আপনি ভীমের প্রতি ধাবিত হউন ॥:॥

আপনি আজ কোন প্রকারেই ভীন্ম হইতে ভয় করিবেন না। কারণ, জার্নিই তীক্ষ্ণ বাণবারা ইহাকে ঐ উত্তম রথ হইতে নিপাতিত কবিব ॥১॥

ভরতশ্রেষ্ঠ ৷ 'অর্চ্ছন এইরূপ বলিলে, শিখণ্ডী তাঁহার কথা শুনিয়া ভীমেন প্রতি ধাবিত হইলেন ॥থা

রাজা। মহারাজ বৃষ্টগ্রায় এবং অভিমন্ত্র্যুও অর্জুনের উক্তি শুনিয়া আনন্দিত হইয়া ভীমের দিকে চলিলেন ॥১॥

⁽२) हेळा भड़म् 'महत्र ऐवांह' नि ।

নকুলঃ সহদেবল্চ ধর্মবাজ্বল বীর্যবান্।
তথেতরানি সৈন্যানি সর্বাণ্যের বিশাংশতে!।
সমাদ্রবন্ত গাঙ্গেয়ং শ্রেছা পার্থস্য ভাষিত্রম্ ॥৬॥
অভ্যুদ্যযুক্তাবকাশ্চ সমেতাংস্তান্ মহারথান্।
যথাশক্তি যথোৎসাহং তম্মে নিগদতঃ শৃণু॥৭॥
চিত্রসেনো মহাবাজ! চেকিতানং সমভ্যয়াৎ।
ভীম্মপ্রেক্ষ্ণং বনে যক্তং রুমং ব্যান্ত্রশিশুর্যথা॥৮॥
ধ্রুক্তাল্লং মহারাজ! ভীম্মান্তিকমুপাগতম্।
ছরমাণং রনে যক্তং কৃতবর্মা ন্যবারয়ৎ॥৯॥
ভীমসেনং স্থাংক্রুক্ষং গাঙ্গেয়স্থ ববৈষিণম্।
ছরমাণো মহারাজ! সৌমদন্তির্ন্যবারয়ৎ॥১০॥

ভারতকৌসুদী

নকুল ইতি। সমাজবন্ধ অভাধাবন্। বট্পাদোহরং শ্লোক: । আ অত্যাদ্যযুবিতি। সমেতান্ ভীমং প্রতি শমাগতান্। নিগদতো ক্রবত: । ৭ঃ চিজেতি। ভীমপ্রেম্পার্ বধায় ভীম্মং প্রাপ্তাম্বিদ্ধুম্, যতং যত্ত্বস্থান। গুটেতি। অবমাণং ভীমং হন্তং অবাযুক্তম্ । ১। ভীমেতি। গাদেয়ক্ত ভীম্মত। সৌমদতিভূ বিপ্রবা: ॥১০॥

বৃদ্ধ বিরাট ও ত্রুপদ এবং যুদ্ধসজ্জায় সজ্জিত কুস্তিভোজ ইহারাও আপনার পুত্রের (ছর্যোধনের) সমন্দেই ভীমের দিকে গমন করিতে লাগিলেন ॥৫॥

নরনাথ। নকুল, সহদেব, বলবান্ যুধিষ্ঠির এবং অক্সান্ত সমস্ত দৈয়ও অর্জুনের উক্তি শুনিয়া ভীমেন দিকে যাইতে থাকিলেন ॥৬॥

তথন আপনার পক্ষের যোদ্ধারাও শক্তি ও উৎসাহ অনুসারে সমাগত সেই বিপক্ষ মহারথগণের অভিমুখে গমন করিলেন। তাহা আমি বলিতেছি, আপনি প্রবণ করুন—॥৭॥

মহারাজ ৷ চেকিতান যদ্ধবান্ হইয়া ভীমের নিকটে যাইতে লাগিলে, ব্যাছশিশু যেমন ব্যের প্রতি ধাবিত হয়, সেইরূপ চিত্রসেন তাঁহার প্রতি ধাবিত ইইলেন ॥৮॥

মহারাজ। ধৃষ্টগ্রায় সম্বর ও স্যত্নে ভীগোর নিকটে উপস্থিত হইতে লাগিলে, কৃতবর্ম্মা ভাঁহাকে বাংণ করিতে লাগিলেন ॥১॥

⁽१) প্রত্যুদ্যযুক্তাবকাশ্চ—বা রা নি। (৯)·· ক্বতবর্দ্মাপ্যবারয়ৎ—পি।

তথৈব নকুলং শ্রং কিরন্তং সায়কান্ বহুন্।
বিকর্ণো বারয়ামাস ইচ্ছন্ ভীপ্মস্ত জীবিতম্ ॥>>॥
সহদেবং তথা রাজন্! যান্তং ভীপ্মরথং প্রতি।
বারয়ামাস সংক্রেন্ধ: কুপঃ শারমতো যুধি ॥>২॥
রাক্ষসং ক্রেরকর্মাণং ভেমসেনিং মহাবলম্।
ভীপ্মস্ত নিধনপ্রেক্ষ্ণ; হুন্মু ধোহভ্যন্তবদলী ॥>০॥
সাত্যকিং সমবে ক্রেন্ধার্যাগৃন্ধিরকার্য়ৎ।
ভীপ্মস্ত বধমিচছন্তং পাশুবগ্রীতিকাম্যয়া॥>৪॥
অভিমন্ত্যং মহারাজ! যান্তং ভীপ্মরথং প্রতি।
হুদক্ষিণো মহারাজ! কান্বোজঃ প্রত্যবারয়ৎ॥১৫॥

ভারতকৌসুদী

তথেতি। কিরন্তং বিক্ষিপন্তন্। ইচ্ছন্ রক্ষিত্মিতি শেবং, দ্বীবিতং দ্বীবনন্ ।১১। নহেতি। যান্তং গদ্ভবন্। শার্বতং শর্বতং পূবং ।১২। রাক্ষমনিতি। তৈমসেনিং ভীমসেনপূবং বটোংকচন্ ।১৩। নাত্যকিমিতি। আর্থাপুদিং ঝ্যাপুদপ্রোহনমূবং ।১৪। অন্তীতি। স্কৃষ্ণিশোনাম, কামোন্তং কমোন্তদেশরান্তং ।১৫।

মহারাজ। ভীমদেন অত্যস্ত ক্রেছ হইয়া ভীমকে বধ করিবার ইচ্ছা কবিলে, ভূরিশ্রাবা দ্বাধিত হইয়া তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১০॥

বীর নকুল বছতর বাণক্ষেপ করিতে করিতে আসিতে লাগিলে, বিকর্ণ ভীম্মের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া নকুলকে নিবারণ করিতে লাগিলেন ॥১১॥

রাজা! সহদেব ভীমের রথের দিকে যাইতে থাকিলে, শরদানের পুত্র কৃপ উাহাকে নিবৃত্ত কবিতে থাকিলেন ॥১২॥

নিষ্ঠ্বকর্মা ও মহাবল ভীমসেননন্দন ঘটোৎকচ ভীম্মবংার্থী হইলে, বল্বান্ ছুমুর্থ ভাহার প্রতি ধাবিত হইলেন ॥১৩॥

সাত্যকি পাগুবগণের প্রীতি কামনা করিয়া ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ভীদ্মকে বধ করিবার ইচ্ছা করিলে, অলমুষ জাঁহাকে বাবণ করিতে লাগিল ॥১৪॥

মহারাজ। অভিমন্ম ভীমের রথের দিকে যাইতেছিলেন, তথন কম্বোজ-রাজ সুদক্ষিণ তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১৫॥

⁽১৪) বিতীয়াৰ্ছং পি বা ব বা নাজি।

বিরাটক্রপদে রিদ্ধে সমেতাবরিমর্দরে।।

অশ্বর্থামা ততঃ ক্রেদ্ধো বারয়ামাস ভারত!॥১৬॥

তথা পাণ্ড্রতং জ্যেষ্ঠং ভীম্মস্ত বধকাজ্জিণম্।

ভারদ্ধাজো রণে যতো ধর্মপুত্রমবারয়ৎ॥১৭॥

অর্জ্রনং রভসং যুদ্ধে পুরস্কৃত্য শিথপ্তিনম্।
ভীমপ্রেপ্স্, মহারাজ! তাপয়ন্তং দিশো দশ।

ছংশাসনো মহেষাসো বারয়ামাস সংযুগে॥১৮॥

অন্যে চ তাবকা যোধাং পাণ্ডাবানাং মহারথান্।
ভীম্মসাভিম্থান্ যাতান্ বারয়ামান্তরাহবে॥১৯॥

ধৃষ্টগ্রামন্ত সংরক্ষো ভীম্মমেকং মহারথং॥২০॥

অভ্যন্তবত সংরক্ষো ভীম্মমেকং মহারথং॥২০॥

ভারতকৌসুদী

বিরাটেতি। সমেতে সমাগতে ।১৬। তথেতি। ভাবহান্দো স্রোণঃ, যতো যতুবান্ সন্ ॥১৭॥

व्यक्तिषिति । রভসং বেগবস্তম্। ভীন্মপ্রেজ, বধায় ভীন্ম প্রাপ্তং হিছুম্। বট্পাদো-হয়ং খ্লোক: ॥ ১৮॥

चक्र हेकि। चत्क्र मन्त्रामयः। পাগুবানাং মহারথান্ রোপদীপুরাদীন্।>>। ধৃষ্টেকি। প্রাক্রোশন্ বক্ষামাণং বাকাম্কৈর্বদন্। অভ্যন্তবত অভ্যধাবং ।২∙।

ভরতনন্দন ! বৃদ্ধ অথচ শক্রমন্দিন বিরাট ও ক্রপদ উপস্থিত হইলে, তখন অখখ'মা ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥১৬॥

জ্যেষ্ঠ পাণ্ডুপুত্র যুধিষ্ঠির ভীন্মের বধাভিলাষী হইয়া আসিতে থাকিলে, জোণ যত্নপূর্ব্বক তাহাকে নিযুক্ত করিতে থাকিলেন ॥১৭॥

মহারাজ ৷ অর্জুন শিখণ্ডাকে অগ্রবর্তী করিয়া দশ দিক্ সম্ভপ্ত করিতে থাকিয়া ভীম্মকে বধ করিবার ইচ্ছায় বেগে আসিতে লাগিলে, মহাধমুর্দ্ধর ঘুঃশাসন ভাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৮॥

রাজা। পাণ্ডবপক্ষের অক্সাম্ম মহারথেরা ভীম্মের অভিমুখে যাইতে থাকিলে, আপনার পক্ষেরও অম্মান্ম যোদ্ধারা তাঁহাদিগকে বারণ কবিতে থাকিলেন ॥১৯॥

এই সময়ে ধৃষ্টতাম ক্রুদ্ধ হইয়া উচ্চস্ববে বার বার এই কথা বলিতে থাকিয়া মহারথ এক ভীন্মের দিকে ধাবিত হইলেন ॥২০॥ এবোহর্ছনো রণে ভীন্নং প্রবাতি কুরুনন্দনঃ।
অভিন্রবত মা ভৈন্ট ভীলো ন প্রাক্সাতে হি বঃ ॥২১॥
অর্জ্জনং সমরে যোজুং নোৎসহেতাপি বাসবঃ।
কিমু ভীলো রণে বীরাঃ! গতদত্ত্বাহঙ্গজীবিতঃ ॥২২॥
ইতি সেনাপতেঃ শ্রেছা পাগুবানাং মহারথাঃ।
অভ্যন্তবন্ত সংহাতী গান্দেয়ন্ত রথং প্রতি ॥২০॥
আগত্রবন্ত সংহাতী তারেরা ব্যাঘানচলা ইব।
অবাররন্ত সংহাতীন্তাবকাঃ পুরুষর্বভাঃ ॥২৪॥
ছঃশাননো মহারাজ! ভন্নং তাজ্যু মহারথঃ।
ভীন্নতা জীবিতাকাজ্জী ধনঞ্জয়মুপান্তবং ॥২৫॥

ভারতকোমূলী

এব ইতি। অভিত্রত ভীমমভিধাবত। বো বুমান্ ন প্রাণ্ডাতে অর্জ্নেন বাংগাং ।২১।
অর্জুনমিতি। উৎসহেত শঙ্কুয়াং। গতসন্থো বৃহন্তান্ত্র্বলঃ অক্কনীবিতক।২২।
ইতীতি। সেনাপতের ইত্যুক্ত বাক্যমিতি শেবং। অভ্যত্রবন্থ অভ্যাধাবন্ ।২৬।
আগল্পত ইতি। বার্ঘ্যোধান জনপ্রবাহান্, অচলাঃ পর্ক্তাঃ ।২৪।
ছংশাসন ইতি। জীবিতাকাক্রী জীবনরক্ষণাভিলাবী সন্ ।২৫।

'কৌরবনন্দন এই অর্জুন বুদ্ধে ভীমের দিকে যাইতেছেন। অভএব সৈছগণ। তোমরা ধাবিত হও, ভীত হইও না, ভীম তোমাদিকে ধরিতে পারিবেন না ২১॥

বীরগণ! স্বয়ং ইন্দ্রণ সমরাঙ্গনে অর্জুনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হন না; ভাহাতে বৃদ্ধ বলিয়া তুর্বসি ও অল্পজীবন ভীল্পের কথা আর কি বলিব'॥২২॥

সেনাপতি ধৃষ্টগ্রামের এই কথা শুনিয় পাগুরপক্ষের মহারথেরা আনন্দিড হইরা ভীমের রথের দিকে ধাবিত হইলেন ॥২৩॥

তাঁহারা আসিতে লাগিলে, পর্বভসমূহ যেমন জলপ্রবাহ বারণ করে সেই-রূপ আপনার পক্ষের পুরুষশ্রেন্তেরাও আনন্দিত হইয়া তাঁহাদিগকে বাবণ করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! এই সময়ে মহারথ তৃঃশাদন ভয় পরিত্যাগ করিয়া ভীগেব জীবনরক্ষার্থী হইয়া অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

⁽২১)--- অভ্যন্ত সা ভৈট্ট—রা নি । (২৪) আগজ্যানান্ সমরে বার্কোঘান্ প্রবানিব —পি, আগজ্যানান্ সমরে বীর্ক্যোঘান্ প্রবানিব—বা।

তথৈব পাণ্ডবাঃ শ্রা গাঙ্গেয়স্থ রথং প্রতি।
অভ্যন্তবন্ত সংগ্রামে তব পুরান্ মহারথান্ ॥২৬॥
তত্তান্ত্তমপশ্যাম চিত্ররূপং বিশাংপতে!।
হংশাসনরথং প্রাপ্য যৎ পার্থো নাত্যবর্ত্ত ॥২৭॥
যথা বারয়তে বেলা ক্ষ্রতোয়ং মহার্ণবম্।
তথৈব পাণ্ডবং ক্রুদ্ধং তব পুর্ব্রো শুবারয়ৎ ॥২৮॥
তথে গৌ রথিনাং জ্রেষ্ঠাবৃভৌ ভারতত্ত্র্জ যৌ।
উভৌ চন্দ্রার্কসদৃশে কাস্ত্যা দীস্ত্যা চ ভাবত! ॥২৯॥
তথা তৌ জাতসংরম্ভাবন্যোশ্যবধ্বকাজ্মিনো।
সমীরত্র্বহাসংখ্যে ময়শক্রো যথা পুরা ॥৩০॥
হংশাসনো মহাবাজ! পাণ্ডবং বিশিথৈস্ত্রিভিঃ।
বাস্তদেবঞ্চ বিংশত্যা তাড়য়ামাস সংবৃধ্যে ॥৩১॥

ভারতকৌমূদী

তথেতি। মহারধান্ তব পুরানপি অভি লক্ষ্যীকৃত্য অন্তবন্ধ অধাবন্ । ২৬।
তরেতি। চিত্ররপং নানাবিধম্। পার্থো ধনপ্রয়ং, নাত্যবর্ত্ত নাত্যক্রাসং ।২ ।।
যথেতি। বেলা তীরম্। পাগুবং ধনপ্রয়ম্, তব পুরো ছংশাসনং ।২৮।
উভাবিতি। ভারতে ভরতবংশে ফুর্জরো। চক্রার্কসদৃশো বর্জেতে ইতি শেবং ।২২।
তথেতি। জাতসংরক্ষ্যে জাতকোধো। সমীরতুং দমিলিতো, ময়ো নাম দানবং ।০০।

সেইনপই পাণ্ডবপক্ষের বীরেরাও ভীম্মের রথ এবং আপনার মহারথ পুত্র-গণের প্রতি বেগে চলিলেন ॥২৬॥

নরনাথ। যখন আমরা নানাপ্রকার অস্তুত ঘটনা দেখিলাম—যেহেতু অর্জুনও হঃশাসনের রথের নিকটে যাইয়া ভাহা অতিক্রম করিতে পারিলেন না ॥২৭॥

ভীর ষেমন উদ্বেলিত মহাসমূত্রকে বারণ করে, সেইরূপ আপনার পুত্র-হংশাসন ক্রুদ্ধ অর্জুনকে বারণ করিতে লাগিলেন ॥২৮॥

ভরতনন্দন। তাঁহারা হই জনই রথিশ্রেষ্ঠ, হই জনই ভরতবংশমধ্যে হর্জর এবং হই জনই কান্তিতে ও তেজে চন্দ্র ও সূর্য্যের তুল্য ॥২১॥

পূর্বকালে ময়দানব ও ইন্দ্র যেমন মহাযুদ্ধে দশ্মিলিত হইয়াছিলেন, সেইকপ গাঁহারা ছই জনও ক্র্দ্ধ এবং পরস্পর বধাভিলাষী হইয়া মহাযুদ্ধে দশ্মিলিত ইইলেন ॥৩০॥

⁽২৭) ... যথ পার্থো নাভ্যবর্ত্তত-পি।

ততোহর্জ্নো জাতমন্যর্বাফেরং বীক্ষা পীড়িতম্। ছঃশাসনং শতেনাজো নারাচানাং সমার্পরং ॥৩২॥ তে তত্ম কবচং ভিন্তা পপুঃ শোণিতমাহবে। যথৈব পম্বাগা রাজংস্কড়াগং তৃষিতান্তথা ॥৩৩॥ ছঃশাসনদ্রিভিঃ ক্রুদ্ধঃ পার্থং বিব্যাধ পত্রিভিঃ। ললাটে ভরতজ্রেষ্ঠ। শবৈঃ সমতপর্ববিভিঃ ॥১৪॥ ললাটক্রেশ্চ তৈর্বাগৈং শুশুভে পাণ্ডবো বণে। যথা মেরুর্মহারাজ। শৃক্তৈবত্যর্থম্চিছ্ তৈঃ ॥৩৫॥ সোহতিবিদ্ধো মহেষাসঃ পুত্রেণ তব ধন্মনা। ব্যরাজত রণে পার্থঃ কিংশুকঃ পুশ্ববানিব ॥৩১॥

ভারতকোমূণী

হংশাসন ইতি। পাওবমর্জ্নন্। বিংশতা বিশিথৈরিতি সংহঃ ১০১।
তত ইতি। ছাতমহারুৎপদ্দকোধঃ, বাফেরং রুফন্। সমার্পরদপীড়বং ১০২।
ত ইতি। তড়াগং জনাশয়তীরং ভিছা তক্ষনং পিবস্তীত্যর্থ: ১০০।
হংশাসন ইতি। পত্রাধি বরপকা এবাং সন্তীতি তৈরিতাপুনরুক্তিঃ ১০৪।
ললাটকৈরিতি। পাওবাংর্জ্না। মেরুং পর্বতঃ। উচ্ছি তৈরুদ্ধতঃ ১০১।
স ইতি। পুশাবানিবেতানেন পার্থক্ত রক্তাক্ততা স্থচিতা ১০৬।

মহারাজ। ক্রমে ফুশাসন তিনটা বাণ্যারা অর্জুনকে এবং কুড়িটা বাণ-ঘারা কৃষ্ণকে তাড়ন কবিলেন ॥৩১॥

ভাহার পর অর্জুন কৃষ্ণকে ভাড়িত দেখিয়া ক্রেদ্ধ হইয়া একশত নারাচ্ছাবা তঃশাসনকে পীড়ন করিলেন ॥৩২॥

বাজা। তথন তৃষিত দর্প যেমন জলাশয়ের ভীর ভেদ করিয়া জল পান করে, সেইবাপ অর্জুনের সেই নারাচগুলি যাইয়া তৃঃশাসনের কবচ ভেদ করিয়া তাঁহার বক্ত পান করিল ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ৷ তথন ত্যশাসন ক্রেন্ধ হইয়া ক্রপক্ষযুক্ত ও নতপর্ব্ব ডিনটা বাণবারা অর্জুনের ললাটদেশ বিদ্ধ করিলেন ॥ ৩৪॥

ধাষয়ো বসবশৈচব বিয়ৎত্বা ভীম্মাক্রবন্॥৩৬॥

ভারতকোমুদী

শক্ত ইতি। গোপ্তা বন্ধিতা, বিষক্ সমন্তাৎ দেনা সেনেব শক্তিবস্থ স কৃষ্ণ: ১৩২॥
তহি তমপি জহীত্যাহ—অজয় ইতি। অজয়ঃ বিষক্ষেনস্থাদেব জেতুমশক্য: ১৩৩॥
কিং তৎ কাবণদ্বমিত্যাহ—অবধ্যত্মদিতি। অবধ্যত্মৎ বিষক্ষেনেন রক্ষণাৎ, স্বীভাবাৎ
ভূতপূর্বস্থীত্মাৎ। কালীং সত্যবতীম্, উদাবহৎ পবিণীতবান্। অচ্চন্দেন নিজেছাম্নাবেণ
মরণং অছন্দমরণম্, তথা রবে অবধ্যত্ম ইচ্ছাব্যতিবেকেণ, দত্তং ববরূপেণ। প্রাপ্তকালং
কালোচিতম্ ১০৪—৩৫॥

এবমিতি। ব্যবসিতং কর্ত্তব্যক্ষেনাবধারিতম্। বিষৎস্থা গগনস্থিতাঃ ।৩৬।

'মহাবল কৃষ্ণ যদি ইহাদেব রক্ষক না হইতেন, তবে আমি এক ধনুদ্বারাই সমগ্র পাণ্ডবপক্ষকে বিনাশ করিতে পারিতাম ॥৩২॥

তা'র পর ইহাই আমার ধারণা যে, কৃষ্ণ সমস্ত লোকেরই অজেধ; স্ক্তরাং আমি ছই কারণে আর পাণ্ডবপক্ষের সহিত যুদ্ধ করিব না ॥৩৩॥

এক—(কৃষ্ণ রক্ষা করিতেছেন বলিয়া) পাণ্ডবগণের অবধ্যন্ত, দ্বিভীয়—শিখণ্ডীর ভূতপূর্বব দ্রীত্ব। (সে বাহা হউক,) পিতৃদেব (শাস্তন্ম) বখন সভ্যবভীকে বিবাহ করেন, তখন তিনি সম্ভন্ত হইয়া আমাকে ছইটা বর দিয়াছিলেন; তাহার এক—ইচ্ছামৃত্যু, দ্বিভীয়—যুদ্ধে অবধ্যন্ত, অভএব এখন আমি নিজের মৃত্যুকেই কালোচিত বলিয়া মনে করি'॥৩৪—৩৫॥

অমিততেজা ভীম্মের এইবাপ কণ্ডব্যনিশ্চয় ব্বিয়া আকাশস্থিত ঋষিগণ ও বস্থাণ ভীম্মকে বলিলেন—॥৩৬॥ ~

(৩৩) পূৰ্বাদ্ধি পি বা বা নান্তি।

যতে ব্যবসিতং তাত! তদস্মাকমপি প্রিয়ম্।
তৎ কুরুষ মহেষাস! যুদ্ধে বুদ্ধিং নিবর্ত্তয় । ৩৭।
অস্ত বাক্যস্ত বিবতো প্রাছরাসীচ্ছিবোহনিলঃ।
অনুলোমঃ হগদ্ধিশ্চ পৃষতেশ্চ সমন্বিতঃ ॥৩৮॥
দেবছন্দ্ভয়শ্চৈব সম্প্রতেশ্চ সমন্বিতঃ ॥৩৮॥
দেবছন্দ্ভয়শ্চৈব সম্প্রতেশ্চমহাস্বনাঃ।
পপাত পুষ্পর্ন্তিশ্চ ভীম্মস্তে।পবি মাবিষ! ॥৩৯॥
ন চ তচ্পুশ্রুষে কশ্চিত্তেষাং সংবদতাং নৃপ!।
ঋতে ভীম্মং মহাবাহুং মাঞ্চাপি মুনিতেজ্বসা ॥৪০॥
সন্ত্রমশ্চ মহানাসীজ্রিদশাংনাং বিশাংপতে!।
পতিয়তি বথান্তীম্মে সর্বলোকপ্রিয়ে তদা ॥৪১॥

ভারতকোমুদী

যদিতি। হে তাত। বংস।। প্রিযম্, হিংসাতো নির্বন্তঃ ॥৩৭॥
অত্যেতি। শিবং শুভকবং স্থশপর্শ ইতার্থং, অনিলো বাবুং। পৃষঠেজনবিন্দুভিঃ ॥৩৮॥
দেবেতি। সম্প্রণেত্বং শব্ধং চক্রুং। পৃষ্পর্ষ্টির্দেবকৃতা ॥৩৯॥
নেতি। তং বাক্যং তৃন্দুভিনদন্দ। ঋতে বিনা। ম্নিতেজসা ব্যাসপ্রভাবেণ ॥৪০॥
সম্লম ইতি। সম্রমো ব্যন্ততা। ত্রিদশানামাকাশগতানাং দেবানাম্ ॥৪১॥
•

'বংস! তুমি বাহা স্থির করিযাছ, তাহা আমাদেরও প্রিষ; অতএব মহাধমুর্দ্ধর! তুমি তাহাই কর এবং যুদ্ধ করিবার ইচ্ছা পরিত্যাগ কর'॥৩৭॥

এই বাক্য বিরত হইলে, অনুকূল, সুগন্ধি ও জলবিন্দুযুক্ত সুখস্পর্শ বাযু বহিত হইতে লাগিল ॥৩৮॥

আর মাননীয রাজা। মহাশব্দকারী দেবছন্দৃতি বাজিবা উঠিল এবং ভীম্মের উপরে পূষ্পর্টি পতিত হইতে থাকিল ॥৩৯॥

রাজা। মহাবাহু ভীম এবং বেদব্যাসের বরপ্রভাবে আমি (সঞ্চয) ভিন্ন অপর কোন লোকই সেই ঋষিপ্রভৃতির বাক্য বা ছুন্দুভিধ্বনি শুনিতে পাইল না ॥৪০॥

নরনাথ। সর্বলোকপ্রিয় ভীম্ম রথ হইতে পতিত হইবেন বলিয়া আকাশস্থিত দেবগণের অত্যন্ত ব্যস্ততা উপস্থিত হইল॥৪১॥

৩৭' তৎ কুরুষ মহারাজ।—বা বা নি। (৬৮) অস্ত বাক্যস্ত নিধনে—অহলোমঃ স্থান্ধী চ—বা বা নি। (৪০ ন চ তাঃ সংবদতাং গিবঃ—নি।

ইতি দেবগণানাঞ্চ বাক্যং প্রুম্থা মহাযশাঃ।
ততঃ শান্তনবো তীত্মো বীতৎস্থং নাত্যবর্ত্ত।
ভিন্তমানঃ শিতৈর্বাণৈঃ সর্ববাববণতেদিতিঃ ॥৪২॥
শিখণ্ডী তু মহারাজ! তরতঃনাং পিতামহম্।
আজঘানোবদি ক্রুদ্ধো নবতির্নিশিতৈঃ শবৈঃ ॥৪০॥
স তেনাভিহতঃ সংখ্যে তীম্মঃ কুরুপিতামহঃ।
নাকম্পত মহাবাজ। ক্ষিতিকম্পে যথাচলঃ ॥৪৪॥
ততঃ প্রহস্থ বীতৎস্থব্যাক্ষিপদ্গাণ্ডিবং ধনু।
গাঙ্গেয়ং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পরৎ ॥৪৫॥
পুনঃ শরশতৈবেনং স্থবমাণো ধনঞ্জয়ঃ।
সর্ববাত্মের্ সংক্রেদ্ধন্তথা মর্মান্ততাড়য়ৎ ॥৪৬॥

ভারতকোমূদী

ইতীতি। বীভংস্থ্যৰ্জ্ন্ম, নাভ্যবৰ্ত্ত প্ৰহৰ্ত্মভিমুখো নাভবং। ষ্ট্পাদোংয়ং শ্লোক: ॥৪২॥

শিখঞীতি। ভবতানাং তদানীস্থনানাং প্রধানানাং বৃধিষ্টিরাদীনাম্। উবসি বক্ষসি ॥৪৬॥ স ইতি। সংখ্যে মৃদ্ধে। অচলঃ পর্ব্বতঃ ॥৪৪॥

তত ইতি। বীভৎস্থবৰ্জ্ন:, ব্যাক্ষিপদাকৰ্ষৎ। সমাৰ্পয়ৎ অপীড়য়ৎ ॥৪৫॥ পুনবিতি। এনং ভীশ্বম্। মৰ্মস্থ বক্ষোহভ্যস্তবেষু ॥৪৬॥

- দেবগণের এইকপ বাক্য শুনিয়া তাহার পরে মহাযশা শাস্তমুনন্দন ভীম তীক্ষ ও সর্ববাবরণভেদী বাণসমূহদারা বিদীর্ণ হইতে থাকিষাও আর অর্জ্নের অভিমুখবর্তী হইলেন না ॥৪॥

মহারাজ! এই সময়ে ক্রুদ্ধ শিখণ্ডী ন্যটা তীক্ষ্ণ বাণদ্বারা ভীম্মের বক্ষস্থলে আঘার্ত করিলেন ॥৪৩॥

মহারাজ! ভূমিকস্পের সময়ে পর্বত যেমন বিচলিত হয় না, সেইব্রপ শিখণ্ডীর আঘাতেও ভীম্ম বিচলিত হইলেন না ॥৪৪॥

তাহার পর অর্জ্ন হাস্ত করিয়া গাণ্ডীবধন্থ আকর্ষণ করিলেন এবং পঁচিশটা ক্ষুদ্রক-(বাণ) দ্বারা ভীম্মকে পীড়ন করিলেন ॥৪৫॥

অর্জন ক্রেম্ব ও হরাযুক্ত হইয়া পুনরায় বহুতর বাণদারা ভীম্মের সমস্ত অঙ্গে এবং মর্ম্মন্থলে তাড়ন করিলেন ॥৪৬॥

(৪২,···বাক্যং শ্রুষা সহাতপাঃ—বা রা নি। (৪৬) পুনঃ শ্বশতৈবেবম্···পি,
পুনঃ পুনঃ শতৈরেনম্—রা নি।

এবমন্তৈবিপি ভূশং বধ্যমানঃ সহস্রশঃ।
তানপ্যাশু শবৈভীগ্নঃ প্রবিব্যাধ মহাবথঃ ॥৪৭॥
তৈশ্চ মুক্তান্ শবান্ ভীপ্মো যুধি সত্যপবাক্রমঃ।
নিবাব্যমাস শবৈঃ সমং সমতপর্বভিঃ ॥৪৮॥
শিখণ্ডী তু বণে বাণান্ যান্ মুমোচ মহাবথঃ।
ন চক্রুন্তে রুজ্বং তত্ম রুর্মপুদ্ধাঃ শিলাশিতাঃ ॥৪৯॥
ততঃ কিবীটী সংক্রুদ্ধো ভীশ্বমেবাভ্যবর্ত্তত।
শিখণ্ডিনং পুবস্কৃত্য ধনুশ্চাস্থ সমাচ্ছিনৎ ॥৫০॥
তাথনং নবভিবিদ্ধা ধ্বজ্বমেকেন চাচ্ছিনৎ।
সাবথিং বিশিখেন্চাস্থ দশভিঃ সমকম্পায়ৎ।৫১॥

ভারতকোমুদী

এবমিতি। অতৈ তীমাদিভিবপি। বধামান আহম্মান: ॥৪৭॥
তৈবিতি। মৃক্তান্ নিশিপ্তান্। সমং যুগপৎ, সমতপর্বভিবীষদক্রোপাক্তঃ ॥৪৮॥
শিখণ্ডীতি। এবস্থৃতানামন্তেবামপি শ্লোকানাং পূর্বমৃক্তত্বেংপি প্রসদভেদান্তেদ ইতি ।
দোবং, উত্তববামচবিতাদাবিপি "অকিঞ্চিদপি কুর্বাণঃ" ইত্যাদিশ্লোকস্ত বিক্ষক্তিবং ॥৪৯॥
তত ইতি। ভীম্মমেব, ন প্নবশ্বম, তদ্দিনে তত্ত্বৈব বধ্যতন্ত্রা লক্ষ্যত্বাৎ ॥৫০॥
অথেতি। পূর্বং ধ্বন্ধক্রেদেহপি আবোপিতমন্তং ধ্বন্ধমিত্যর্থঃ ॥৫১॥

এইভাবে অন্ত সহস্র সহস্র যোদ্ধাও গুক্তরভাবে ভীম্মকে আঘাত করিতে লাগিলেন। তথন ভীমত শরদ্বারা সত্তর সত্তর তাহাদিগকে বিদ্ধ করিতে ধাকিলেন॥৪৭॥

এবং যথার্থপরাক্রমশালী ভীম্ম নতপর্ব বাণসমূহদারা একদা তাঁহাদের নিশিপ্ত বাণ সকলও বারণ করিতে লাগিলেন ॥৪৮॥

ওদিকে মহারথ শিথগুী যুদ্ধে যে সকল বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, স্বর্ণপূচ্ম ও শিলাশাণিত সেই বাণগুলি পড়িয়া ভীম্মের পীড়া জন্মাইতে লাগিল না ॥৪৯॥

তদনস্তর অত্যন্ত ক্রুদ্ধ অর্জন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীগ্নের অভি-মুখেই রহিলেন এবং তাঁহার ধনুখানাকে আবার কাটিয়া ফেলিলেন ॥৫০॥

তাহার পর তিনি নয়টা বাণদারা ভীম্মকে বিদ্ধ করিয়া একটা বাণদারা

⁽४९) विश्वभानः मञ्चनः—वा द्रा नि । १८०) छिपिम्कान्—िश (৫১) छरेशनम— थरकन हिष्कित्त—वा, व्यर्थनम्—थरकन हिष्कित्त—वा नि ।

ভীম (২০)-১৮৫

সোহত্যং কান্ম ক্যাদায় গাঙ্গেয়ো বলবত্তবম্।
তদপ্যস্থা শিতৈবাণৈদ্রিধা ত্রিভিবপাত্যং ॥৫২॥
নিমেষার্দ্ধেন কোন্ডেয় আন্তমান্তং মহারণে।
এবমস্থা ধন্ংয়াজে চিচ্ছেদ স্থবহুন্ম্যুত ॥৫৩॥
ততঃ শান্তনবো ভীম্মো বীভৎস্থং নাত্যবর্ত্তত।
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৫৪॥
সোহতিবিদ্ধো মহেম্বাসো তুঃশাসনমভাষত।
এম পার্থো বনে ক্রুদ্ধঃ পাগুবানাং মহাবধঃ ॥৫৫॥
শবৈবনেকসাই স্রের্মামেবাভ্যহনদ্রণে।
ন চৈষ সমরে শক্যো জেতুং বক্রভ্তা অপি॥৫৬॥ (যুগ্মক্ষ

ভারতকোমুদী

স ইতি। বলবন্তবং স্থদ্চম্। অপাতষদৰ্জ্ব এব চ্ছিন্থেতি শেষ: ॥ ২।
নিমেষেতি। কৌস্তেযোঞ্জ্ন:, আন্তমান্তং ভীমেণ গৃহীতং গ্ৰহীতম্ ॥ ৫৩॥
তত ইতি। নাত্যবৰ্ত্তত অতিক্ৰমিতৃং জেতৃং নাশকোদিত্যৰ্থ: ॥ ৫৪॥
স ইতি। পাৰ্থোঞ্জ্ন:। অভ্যহনদিতি বিকৰণলোপাভাৰ আৰ্বঃ ॥ ৫৫— ৫৬॥

পুনরায় তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন এবং দশটা বাণদারা উহার সার্থিকে বিদ্ধ করিয়া বিচলিত করিলেন ॥৫১॥

তখন ভীম অন্য স্থৃদৃঢ় ধমু লইয়া যুদ্ধ করিবার উপক্রম করিলে, অর্জুন স্থৃতীক্ষ তিনটা বাণদ্বারা সে ধমুখানাকেও তিন থণ্ডে কাটিয়া ফেলিলেন ॥৫২॥

ভীম মহাযুদ্ধে ষেমন যেমন ধরু গ্রহণ করিতে লাগিলেন, অর্জ্ন তেমন তেমন সে ধরু কাটিতে থাকিলেন। এইভাবে অর্জ্ন ভীম্মের বহুতর ধরু ছেদন করিলেন॥৫৩॥

তথন শাস্তমনন্দন ভীগ্ন অর্জ্নকে আর অতিক্রম (জয়) করিতে পারিলেন না। তৎপরে অর্জ্ন পঁচিশটা ক্ষ্ত্রকবাণদারা ভীগ্নকে পীডন করিলেন ॥৫৪॥

তখন মহাধন্থর্দ্ধর ভীম অত্যস্ত বিদ্ধ হইয়া ছংশাসনকে বলিলেন—'পাণ্ডৰ-পক্ষের মহারণ এই অর্জুন ক্রেদ্ধ হইয়া বহুসহস্র বাণদ্বারা যুদ্ধে আমাকেই তাড়ন করিতেছেন; কিন্তু স্ববং ইক্রণ্ড যুদ্ধে উহাকে জয় করিতে সমর্থ হন না ৷৫৫—৫৬॥

⁽৫২) ··শিতৈউল্লৈ:—ত্রিভিবদাতয়ৎ—বা বা নি। (৫০)—স্ব্র্লুখ—রা নি। (৫৪)— বীভংস্কং নাভ্যবর্ত্তত—পি বা। (৫৬)···খভ্যপতত্রবে—নি।

ন চাপি সহিতা বীরা দেবদানববাক্ষসাঃ।
মাঞ্চাপি শক্তা নির্চ্চেতুং কিমু মর্ত্ত্যা মহাবণে ॥৫৭॥
এবং তয়োঃ সংবদতোঃ কাল্পনো নিশিতৈঃ শরৈঃ।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ভীম্মং বিব্যাধ সংযুগে ॥৫৮॥
ততো ছঃশাসনং ভূষঃ স্ময়মান ইবাব্রবীৎ।
অতিবিদ্ধঃ শিতৈর্বাগৈন্থ শং গাণ্ডীবধন্থনা ॥৫৯॥
বজ্রাশনিসমস্পর্শা অর্জ্জুনেন শবা যুধি।
মুক্তাঃ সর্বেহব্যবচ্ছিন্না নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬০॥
নিক্ষন্তমানা মর্মাণি দৃঢ়াববণভেদিনঃ।
মুম্বলা ইব মে মন্তি নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬১॥

ভারতকোমুদী

নেতি। সহিতা মিলিতা:। মর্ত্ত্যা মানবা: ।৫ ৭।

এবমিতি। তযোভীমহংশাসনযোঃ, ফাস্কনোহর্জ্ক্ন: ৫৮॥

তত ইতি। ভ্ষঃ পুনঃ, শ্বযমান ঈবদ্ধসন্। শিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৫ ৯॥

বজ্রেতি। বজ্রং কুলিশম্ অশনিবিহ্যত তযোঃ সমঃ স্পর্শো যেবাং তে। অব্যবচ্ছিন্না

অবিমিন্না: ইমে বাণাঃ শিখজিনো ন, তত্ত হর্মলতয়া ঈদৃশদৃতপ্রহারাসম্ভবাৎ। এবং .

সর্মত্র। হংশাসনম্ভ বিপক্ষনিবাবণব্যাপৃতত্যা নোভবমদাদিতি বোধ্যম্ ॥৬ ০॥

নিহস্তেতি। নিহস্তমানাশ্হিনস্তঃ, দৃঢাববণভেদিনো দৃতবর্শবিদারিণঃ ॥৬১॥

বীর দেব, দানব এবং রাক্ষসেরা মিলিত হইয়াও অর্জুনকে বা আমাকে মহাযুদ্ধে জয় করিতে পারেন না , তাহাতে মান্নবের কথা আর কি বলিব'॥৫৭॥

ভীশ্বও হু:শাসনের নিকট এইবাপ বলিতেছিলেন , এমন সময়ে অর্জুন শিখণ্ডীকে অপ্রবর্ত্তী করিয়া তীক্ষ্ণবাণসমূহদারা যুদ্ধে ভীশ্বকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৫৮॥

তথন অৰ্জ্নকৰ্ত্ত্ব তীক্ষবাণসমূহদারা অত্যন্ত বিদ্ধ হইষা ভীম ঈষং হাস্ত করিতে করিতেই যেন পুনরায় হঃশাসনকে বলিলেন—॥৫৯॥

'বজ্র ও বিহ্যতের সমানস্পর্শ এবং পরস্পার সংলগ্ন—এই সকল বাণ আর্ছনই নিক্ষেপ করিতেছেন, কিন্তু এ সকল বাণ শিখন্তীর নহে ॥৬০॥

আমার মর্শ্বচ্ছেদনকারী ও দূত্বর্শ্বভেদী—এই সকল বাণ মুযলের স্থায় আঘাত করিতেছে, স্মৃতরাং এ বাণগুলি শিখণ্ডীর নহে ॥৬১॥

⁽৫৭'·· কিমৃ মৰ্জ্যা মহাবধা:—বা বা নি। (৫২) ৃততো ছ্:শাসনং ভীম্ম:- আদিছে। নিশিতৈৰ্বাগৈ:--নি।

বজ্জদশুসমস্পর্শা বজ্জবেগত্বাসদাঃ।
মম প্রাণানারুজন্তি নেমে বাণাঃ শিথপ্তিনঃ॥৬২॥
নাশয়ন্তীব মে প্রাণান্ যমদূতা ইবাগতাঃ।
গদাপরিষসংস্পর্শা নেমে বাণাঃ শিথপ্তিনঃ॥৬৩॥
ভূজগা ইব সংক্রুদ্ধা লেলিহানা বিষোল্বণাঃ।
সমাবিশন্তি মর্মাণি নেমে বাণাঃ শিথপ্তিনঃ॥৬১॥
অর্জ্জনস্থ ইমে বাণা নেমে বাণাঃ শিথপ্তিনঃ।
কৃন্তন্তি মম গাত্রাণি মাঘমাসে গবা ইব ॥৬৫॥
সর্বের ভূপি ন মে দুঃখং কুর্যুবন্যে নবাধিপাঃ।
বীবং গাণ্ডীবধন্মানমূতে জিফুং কপিধ্বজম্॥৬৬॥

ভারতকৌমুদী

বছেতি। আৰুজন্তি গীড়যন্তি ॥৬২॥

নাশযন্তীতি। গদাপবিঘযোবিব সংস্পর্শো বেষাং তে ॥৬৩॥

ভূজগা ইতি। ভূজগা ইব বাণা:, লেলিহানা বসনাং বহিষ্কৃত্য পুন: পুনর্বাযুমাস্বদ্মানা: ॥৬৪॥ অর্জুনন্মেতি। কুন্তন্তি ছিন্দন্তি পীড়যন্তি চ। মাধমাসে প্রবলশীতে, গবা: শীতলানি জলানি, "গৌরুদকে দৃশি—" ইত্যাদি হেমচন্দ্র:। গাব এব গবা:, গবাক্ষাদিবদকাববর্ণাগমে রূপম্ ॥৬৫॥ ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৯॥ মর্মাববণং বর্ম দেহচর্ম বা ॥১০ - ২৫॥ আন্তমান্তং গৃহীতং গৃহীতম্ ॥২৬—৩৬॥ ব্যবসিতং নিশ্চিতম্ ॥৩৭॥ নিধনে সমাপ্তো ॥৩৮—৩৯॥ মৃনিতেজ্সা বাাস-প্রভাবেণ ॥৪০—৫৯॥ অব্যবচ্ছিল্লা: সম্ভতা: ॥৬০—৬৪॥ "মাঘমা কর্কটা প্রোক্তা তদপত্যন্ত

বজ্রদণ্ডসমানস্পর্শ ও বজ্রবেগের ন্থায় ছর্দ্ধর্য—এই বাণ সকল আমার প্রাণপর্যান্ত পীড়ন করিতেছে; অতএব এ বাণ সকল শিখণ্ডীর নঠে ॥৬২॥

গদা ও পরিঘের স্থায় দৃঢ়স্পর্ন ও বমদ্তের স্থায় আগত—এই বাণগুলি যেন আমার প্রাণ বিনাশ করিতেছে; স্কুতরাং এ বাণগুলি শিখন্ডীর নহে ॥৬০॥

অত্যন্ত ক্রুদ্ধ বার বার জিহবাবহিন্ধারী ও বিষমত্ত দর্পের স্থায এই বাণ সকল আমার মর্শ্মে আসিয়া প্রবেশ করিতেছে; স্মৃতরাং এ বাণগুলি শিখণ্ডীর নহে ॥৬৪॥

এ বাণগুলি অর্জুনের; কিন্তু শিখণ্ডীর নহে। কারণ, মাঘমাসে (প্রবল শীতে) অত্যস্ত শীতল জল যেমন গাত্র পীড়ন করে, সেইবাপ এই বাণগুলি আমার গাত্র পীড়ন করিতেছেনুঁ॥৬৫॥

⁽७७)…यमपूर्वा हेवाहिकाः—िश वा। (७৫)…मावमाः त्मगवा हेव—वा जा नि।

ইতি ব্রুবন্ শান্তনবো দিধকুরিব পাগুবম্।
শক্তিং ভীম্মঃ স পার্থায় ততশ্চিক্ষেপ ভাবত! ॥৬৭॥
তামস্থ বিশিথৈশ্চিত্তা ত্রিধা ত্রিভিবপাতয়ৎ।
পশ্যতাং কুরুবীবাণাং সর্বেবাং তত্র ভারত! ॥৬৮॥
চর্মাথাদন্ত গাঙ্গেয়ো জাতরূপপবিষ্কৃতম্।
খড়গং চান্যতরং প্রেক্ষুম্ম ত্যোবর্থে জয়ায় বা ॥৬৯॥
তত্য তচ্ছতথা চর্মা ব্যধমৎ সাযকৈস্তথা।
রথাদনবরূদ্য তদভূতমিবাভবৎ ॥৭০॥

ভারতকোমুদী

সর্বা ইতি। তৃঃখং প্রহাবেণ পীভান্। বাজে বিনা, বিষ্ণুমর্জ্জ্নম্ ॥৬৬॥
ইতীতি। দিংকুর্দার্মিচ্ছা, পাগুবমর্জ্জ্নম্। পার্থায় অর্জ্জ্নং প্রতি ॥৬৭॥
তামিতি। বিশিথৈবালৈঃ। অপাতবদর্জ্জ্ন ইতি শেষঃ ॥৬৮॥
চর্মেতি। অথ গালেষো ভীমান, মৃড্যোবর্ষে জয়ায বা, অনযোবস্তুতবং প্রেক্ত্র্, প্রাপ্ত,মিচ্ছুঃ
সন্, চর্ম, প্রাতরূপপবিষ্ণৃতং অর্থশোভিতং থভগঞ্চ, আদন্ত অগৃহাৎ ॥৬৯॥

তত্তেতি। বধ্যসং ব্যনাশযদচ্ছিনং। অনবৰুতত্ত অনবতীৰ্ণস্থৈব ভীষ্ণত্ত ॥ १०॥
ভারতভাবদীপঃ

নেগবা।" যথা মাঘমাং কর্কটাং মাতবং নেগবান্তদণত্যানি কুস্তন্তি উদবন্ধান্তপত্যানি পৃষ্ঠং বিদাব্য বহিনিগচ্ছন্তি তদ্বদিত্যর্থ:। তেন প্রাণাপহাবিবেদনাজনকত্বং বাণানাং নেদং শিখণ্ডি-বাণেষু সম্ভবতি তেষাং মদকে পৃষ্ণতুল্যত্বাং ॥৬৫ —৬৮॥ অগ্রে তেষাং মৃত্যোবিতি চতুর্থ্যর্থে

গাণ্ডীবধনুর্নারী ও কপিথজ একমাত্র বীর অর্জুন ব্যতীত অন্ত রাজারা সকলেও আমার এরপ পীড়া জন্মাইতে পারেন না¹ ॥৬৬॥

ভরতনন্দন। শাস্তন্মনন্দন ভীম এইকপ বলিয়া তংপরে অর্জুনকে যেন দগ্ধ করিবার ইচ্ছা করিয়া ভাহার প্রতি একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৬৭॥

ভরতনন্দন। তথন অর্জন সমস্ত কুকবীবগণের সমক্ষে তিনটা বাণদ্বারা ভীদ্মের সেই শক্তিটাকে তিন খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥৬৮॥

তাহার পর ভীম—হয মৃত্যু, না হব জ্ব—ইহার একটার প্রার্থী হইবা চর্ম্ম (ঢাল) ও স্বর্ণথচিত তরবারি ধাবণ করিলেন ॥৬৯॥

(এবং রথ হইতে নামিবার উপক্রম করিলেন ;) কিন্তু তিনি না নামিতেই অর্জ্ন বহুতর বাণদ্বারা তাঁহার সে চর্মখানাকে শত খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৭০॥

(৬৭)… দিধকুবিব পাওবান্—নি। (৬৯) --- অ্যতবপ্রেশ্যুর্ ভ্যোবত্রে জ্যার বা—বা রা নি।

ততো যুথিতিবো বাজা স্বান্থনীকান্যচোদয়ং।
অভিদ্ৰবত গাঙ্গেয়ং মা বোহস্ত ভয়মগপি ॥৭১॥
অথ তে তোমরৈঃ প্রাদৈর্বাণোহিশ্চ সমস্ততঃ।
পট্টিশেশ্চ হ্ণনিস্ত্রিংশৈর্নাবাচিশ্চ তথা শিতৈঃ॥৭২॥
বংসদন্তিশ্চ ভলৈশ্চ তমেকমভিবিব্যধৃঃ।
সিংহনাদস্ততো ঘোরঃ পাগুবানামভূত্তদা ॥৭৬॥ (যুগ্মকম্)
তথৈব তব পুত্রাশ্চ নেতুর্ভীমজ্জবৈষিণঃ।
তমেকমভ্যবক্ষন্ত সিংহনাদাংশ্চ চক্রিরে॥৭৪॥
তত্ত্রাসীত্র মূলং যুদ্ধং তাবকানাং পবৈঃ সহ।
দশমেহহনি বাজেক্র ! ভীমার্জ্র্নসমাগমে॥৭৫॥
আসীদ্গাঙ্গ ইবাবর্ত্তো মূহুর্ত্তম্দধেবিব।
দৈন্থানাং যুধ্যমানানাং নিম্মতামিতবেতবম্॥৭৬॥

ভারতকোমুদী

ভঙ ইডি। অচোদযৎ প্রৈরষং। অভিন্তবন্ত সর্বাত এব ধাবত। অণু অল্পমাপি ॥৭১॥ অথেতি। শিতৈন্তীক্ষীকৃতি:। অভিবিব্যগু: সর্বাতন্তাভষামান্ত: ॥৭২ —৭৩॥ ডথেতি। নেত্: কোলাহলং চকু:। তং-ভীশ্মম্ ॥৭৪॥ ভবেতি। তাবকানাং বংশকীয়বোধানাম্ ॥৭৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির এই কথা বলিয়া আপন সৈম্প্রগণকে প্রেরণ করিলেন বে, 'সৈক্সগণ। তোমরা সকল দিক্ হইতে ভীন্মের প্রতি ধাবিত হও; তোমাদের যেন অল্ল ভয়ও হয় না'॥৭১॥

ভদনস্তর সেই সৈন্তেরা সকল দিক্ হইতে ভোমর, প্রাস, বাণসমূহ, পট্টিশ, বিশাল ভরবারি, ভীক্ষ নারাচ, বংসদন্ত ও ভল্লদ্বারা এক ভীম্মকেই আঘাত করিতে লাগিল। ভংপরে তখন পাণ্ডবপক্ষে ভীষণ সিংহনাদ হইতে, ধাকিল ॥৭২—৭৩॥

রাজা ! সেইবপই আপনার পুত্রেরাও ভীম্মের জ্যাভিলায়ী হইয়া কোলাহল করিতে লাগিলেন, একমাত্র ভীমকেই রক্ষা করিতে থাকিলেন এবং সিংহনাদও করিতে লাগিলেন ॥৭৪॥

রাজশ্রেষ্ঠ । দশম দিনে সেই ভীম ও অর্জ্নের সম্মেলনের সমযে বিপক্ষগণের সহিত আপনার পক্ষীয় যোদ্ধাদের তুমূল যুদ্ধ হইতে লাগিল ॥৭৫॥

(१১) -- श्राञ्चनीकानि त्याक्यन्। अलाखवरु -- वा। (१७) -- ज्याक्य लिक् खन् -- वा वा नि

অসোম্যরূপা পৃথিবী শোণিতাক্তাভবন্তদা।
সমঞ্চ বিষমকৈব ন প্রাক্তায়ত কিঞ্চন ॥৭৭॥
যোধানামযুতং হত্বা তত্মিন্ স দশমেহহনি।
অতিষ্ঠদাহবে ভীত্মো ভিত্তমানেয়ু মর্দ্মস্থ ॥৭৮॥
ততঃ সেনামুখে তত্মিন্ স্থিতঃ পার্থো বসুর্দ্ধবঃ।
মধ্যেন কুরুসৈনানাং দ্রাবয়ামাস বাহিনীম্ ॥৭৯॥
তত্ত্রান্তুতমপত্যাম পাশুবানাং পবাক্রমম্।
দ্রোবয়ামাস্থবিষ্ভিঃ সর্বান্ ভীত্মপদাকুগান্ ॥৮০॥
বয়ং শ্বেতহয়ান্তীতাঃ কুন্তীপুত্রাদ্ধনপ্রস্থাৎ।
সীভ্যমানাঃ শিতৈঃ শক্ত্রৈঃ প্রাদ্রবাম বলে তদা ॥৮০॥

ভারতকোমুদী

আসীদিতি। গদাযা অয়মিতি গাঙ্গং, আবর্ত্তো জললমি: ॥৭৬॥ অসৌম্যেতি। অসৌম্যরূপা ভীষণাক্বতি: পৃথিবী বণস্থমি:। সমং বিষমক উন্নতাবনতো দেশং ন প্রাক্তায়ত বক্তপ্রবাহেণ সমানীকবণাৎ ॥৭৭॥

যোধানামিতি। অতিষ্ঠদেব নাপাসবদিত্যাশয়ঃ ॥ ৭৮॥
তত ইতি। স্ত্রাব্যামাস মর্দ্ধামাস, বাহিনীং কৌববসেনাম্ ॥ ৭৯॥
আতি। ভীমক্ত পদাস্থান্ অন্ত্রান্। এতদেবাভ্তমিতি ভাবঃ ॥৮০॥
ব্যমিতি। খেতা হয়া অধা যক্ত তত্মাং। প্রাক্তবাম অপাসবাম ॥৮১॥

উভবপক্ষের সৈত্যেরা যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরস্পর আঘাত করিতে থাকিলে, মুহূর্ত্তকাল গঙ্গার ও সমুদ্রের আবর্ত্তের (ঘোলার) স্থাব তাহাদের অবস্থা হইল ॥৭৬॥

তথন সমরভূমি রক্তাক্ত হইযা ভীষণাকৃতি হইল এবং সমান ও অসমান স্থানের কোন ভেদ জানা গেল না ॥৭৭॥

বিপক্ষেরা মর্ম্ম বিদারণ করিতে থাকিলেও ভীম সেই দশম দিনে বিপক্ষের দশ সহস্র যোদ্ধাকে বিনাশ করিয়া যুদ্ধে অবস্থানই করিতে লাগিলেন ॥৭৮॥

তাহার পর ধনুদ্ধর অর্চ্ছন সেই পাগুবসৈত্যের সম্মুখে থাকিয়া কৌরবসৈশ্য-মধ্যে ভিন্ন ভিন্ন বাহিনীকে পীড়ন করিতে থাকিলেন ॥৭৯॥

তখন আমরা পাগুবগণের অন্তুত পরাক্রম দেখিলাম। যে হেতু তাঁহারা বাণদারা ভীম্মের অনুচরগণকে গুকতর পীড়ন করিলেন ॥৮০॥

⁽৮॰) শ্লোক: পি বা বা নান্তি।

পাশুবৈঃ পঞ্চভিঃ সাদ্ধং সাত্যকেন চ ধরিনা।

ধ্বতিয়ান্নযুখিঃ সর্বিঃ পাঞ্চালৈন্চ সমস্ততঃ ॥৮২॥
ভিন্তমানাঃ শরৈস্তীক্ষৈঃ সর্বে কার্ফিপুরোগমৈঃ।

দ্রোণদ্রৌণিক্সপৈঃ সাদ্ধং সর্বে শল্যশলাদরঃ ॥৮০॥
তাবকাঃ সমরে রাজন্! জহুর্ভীন্নং মহায়ধে।

সৌবীরাঃ কিতবাঃ প্রাচ্যাঃ প্রতীচ্যোদীচ্যমালবাঃ ॥৮৪॥
অভীবাহাঃ শ্রুসেনাঃ শিবয়োহথ বসাতরঃ।
শাল্বাঞ্জান্তিগর্তান্চ অম্বর্চাঃ কেকরৈঃ সহ ॥৮৫॥
হাদশৈতে জনপদাঃ শরার্ত্তা ত্রণগীড়িতাঃ।
সংগ্রামে প্রজহুর্ভীন্নং মুধ্যমানাঃ কিরীটিনা ॥৮৬ঃ (কুলকম্)
ততন্তমেকং বহবঃ পরিবার্য্য সমস্ততঃ।
পরিকাল্য কুরন্ সর্বান্ শরবর্ধিরবাকিরন্ ॥৮৭॥

ভারতকোঁমুদী

পাওবৈরিতি। নাতাকেন নাত্যকিনা। কাঞ্চিরভিষয়্যঃ প্রোগমঃ অগ্রগামী বেবাং তৈঃ। ভহুঃ তত্যজুঃ। সৌবীরাদ্য়ো দেশবাচিনঃ শলাতত্তকেশীর্মনৈত্যেমু বর্তন্তে। শাঘা-শ্রমাঃ পাল্বরাজাধীনা ইতি হাদশসংখ্যোপপত্তিঃ। ব্যামানাঃ প্রছিনমাণাঃ ৮২—৮৬। তত ইতি। তং ভীমন্। পরিকাল্য বিজিত্য, কুকন্ তুংশাসনাদীনপি ৮৭।

সেই সময়ে আমরা তীক্ষ অন্ত্রসমূহবারা পীড়িত হইডে থাকিয়া এক কুন্তীনন্দন খেতাশ্ব অৰ্জ্ন হইতে ভীত হইয়া অপস্থত হইলাম ॥৮১॥

রাঙ্গা! ক্রমে ধর্ম্বর নাত্যকি ও ধৃষ্টগ্রায় প্রভৃতি পাঞ্চালগণের সহিত পাশুবেরা পাঁচ জন অভিমন্ত্যকে অপ্রবর্ত্তা করিবা দকল দিক্ হইতে তীক্ষ বাণ্ছারা বিদারণ করিতে লাগিলে দ্রোণ, অশ্বপ্রামা ও কৃপের সহিত শল্য ও শলপ্রভৃতি আপনার পক্ষের বোদ্ধারা দকলে মহাযুদ্ধমধ্যে ভীয়কে পরিভাগ করিলেন। তাহার পর আবার নৌবার, কিতব, মালব, অভীবাহ, শ্রদেন, শিবি, বনাতি, শাহ্মরাজ্ঞাধীন প্রিগর্ভ ও অন্বর্দ্ধদেশীর নৈত্যেরা এবং প্র্দেশীয়, পশ্চিম-দেশীয় ও উত্তরদেশীয় নৈত্যেরা (এই দ্বাদশদেশবাদী যোদ্ধারা) কেকয়গণের সহিত মিলিত হইয়া ভার্ছনের শরপ্রহারে গীড়িত ও ক্বতবিক্ষত দেহে ধ্রমধ্যে ভীয়কে পরিত্যাগ করিল ॥৮২—৴৬॥

৮২) ইত: প্রভৃতি শ্লোকরেক পি বা রা ন বর্ত্ততে। ৮৬) দর্ব এতে মহাত্মনঃ
শরার্ত্তরণপীড়িতা:। নংগ্রামে প্রভহ্তীন্মং ব্যামানং কিরীটিনা—পি, দর্ব এতে মহাত্মান;
শরার্ত্তা বণপীড়িতা:। সংগ্রামে ন জহুতীন্মং ব্যামানং কিরীটিনা—রা বা।

নিপাত্যত গৃহীত বিধ্যধ্যমবৃদ্ধত। ব্র ইত্যাসীজুমূলঃ শব্দো বাজন্! ভীম্মবথং প্রতি ॥৮৮॥ নিহত্য সমবে রাজন্! শতশোহথ সহস্রশঃ। ন কস্থাসীদনিভিমং গাত্রে দ্বাস্থ্রলমন্তরম্ ॥৮৯॥ এবস্তৃতন্তব পিতা শরৈর্বিশকলীকৃতঃ। শিতাত্রিঃ কাল্পনোজো প্রাক্শিরাঃ প্রাপতদ্রথাৎ ॥৯০॥ কিঞ্চিচ্ছেয়ে দিনকরে পুরোণাং তব ।শ্রতাম্। হাহেতি দিবি দেবানাং পাথিবানাঞ্চ সর্ববশঃ ॥৯১॥ পত্মানে রথান্তীম্মে বভূব স্থমহাম্বনঃ। সংপতন্তমভিপ্রেক্ষ্য মহান্থানং পিতামহম্ ॥৯২॥ সহ ভীম্মেণ দর্শেষাং প্রাপতন্ হুদয়ানি নঃ। স পপাত মহাবাহুর্বপ্রধামন্ত্রনাদয়ন্ ॥৯০॥

ভারতকোমুদী

নিপাতয়তেতি। অবক্তম্ভত ছিম্ভ ॥৮৮॥

নিহত্যেতি। বিপক্ষান্ নিহত্য ছিতখেতি শেষ:। তশু ভীশ্বস্ত। অন্তব্যবকাশ:॥৮৯। এবমিতি। পিতা পিতৃপর্য্যায়ো ভীশ্ব:, বিশকলীক্বত: ক্ষতবিক্ষতীক্বত ইত্যর্থ:। কাশ্বনেনার্জ্নেন। শেষে অন্তাবশিষ্টে। সর্ব্ধশঃ সর্বেষাম্। হাহেতি স্থযহাম্বন ইতি সম্বাধা পিতামহং ভীশ্বম্। প্রাপতন্ শোকেনাবসন্নাত্যভবন্। উৎস্ট উর্যোলিতত্যক্ত:,

ভাহার পর বছতর পাশুবযোদ্ধা সমস্ত কৌববকে জয করিয়া দকল দিকে বেষ্টনপূর্বক বাণবর্ষণদ্বারা এক ভীম্মকে আঘাত করিতে লাগিলেন ॥৮৭॥

রাজা! ক্রমে ভীম্মের রথের প্রতি 'নিপাতিত কর, ধারণ কর, বিদ্ধ কর,

' এবং ছেদন কর' এইবাপ তুমুল শব্দ হইতে লাগিল ॥৮৮॥

রাজা ৷ ভীম শত শত ও সহস্র সহস্র বিপক্ষকে সংহার করিয়া সমরাদ্রনে অবস্থান করিতেছিলেন বটে ; তবে তাহার শরীরে তুই আফুল স্থানও অবিদীর্গ ছিল না ॥৮৯॥

মহারাজ। এইভাবে স্থামগুলের কিছু অবশিষ্ট থাবিতে, আপনার পুরদের সমক্ষে, অর্জনের স্তীক্ষ বাণে ক্তবিক্তদেহ আপনাব জ্যেষ্ঠাত ভীম পূর্বেশিরা হইয়া রখ হইতে সমরভূমিতে নিপতিত হইলেন। ভীম বং হইতে পতিত হইতে লাগিলে, আকাশে দেবগণেব এবং ভূতাল দবল রামার মুখ হইতে 'হাহা' ইত্যাকার বিশাল শব্দ নির্গত হইতে লাগিল, এর মহায়

⁽७৮)- ब्र्धाक्ष्मयकुळ्ड-व्। वा नि । (२) श्रादिवानांक टाटट !-दा दा नि । जीम (२०)-५৮७

ইক্রেধ্বজ ইবোৎস্ফঃ কেতুঃ সর্বধনুম্মতাম্।
ধবণীং ন স পস্পর্শ শরসংঘঃ সমরাতঃ ॥৯৪॥ (কুলকম্)
শবতল্পে মহেম্বাসং শরানং পুরুষর্বভম্।
বথাৎ প্রপতিতক্তিনং দিব্যো ভাবঃ সমাবিশৎ ॥৯৫॥
অভ্যবর্ধচ পর্জন্তঃ প্রাকম্পত চ মেদিনী।
পতন্ স দদৃশে চাপি দক্ষিণেন দিবাকরম্ ॥৯৬॥
সংজ্ঞাঞ্চোপালভদ্বীবঃ কালং সঞ্চিন্তা ভাবত!।
অন্তরীক্ষে চ শুল্রাব দিব্যা বাচঃ সমস্ততঃ ॥৯৭॥
কথং মহাত্মা গাঙ্গেয়ঃ সর্ববশস্তভ্তাং বরঃ।
কালং কর্ত্তা নরব্যান্তঃ সংপ্রাপ্তে দক্ষিণায়নে ॥৯৮॥

ভারতকৌমূদী

কেতৃধ্ব জ ইবোন্নত:। ধ্বণীং ন পস্পর্শ, শ্বসংখ্যৈ সমাব্বণেন কিঞ্চিদ্দ্দে হাপনাদিতি ভাব: ॥>

-

শবেতি। শরা এব'ভন্নং শয্যা তন্মিন্, মহেদাসং মহাধক্ষরম্। দিব্যঃ স্বর্গীয়ঃ, ভাবঃ স্বর্হা, সমাবিশং বস্থাদেবতারপ্রেনাবালস্থত। ততশ্চ সত্যসক্ষল্পতা বাতনাসহত্যাসীং ॥১৫॥

অভ্যবর্ষদিতি। পর্জন্তো নেঘশ্চাভ্যবর্ষৎ তদেদশাপনোদনার্থম্। দক্ষিণেন দিখিভাগেনাবছিত-মিতি শেষঃ। অতএব তম্ম দক্ষিণায়নজ্ঞানমপ্যভবদিতি ভাবঃ ॥৯৬॥

তৎফলমাহ—সংজ্ঞামিতি। কালং দক্ষিণায়নম্। সংজ্ঞাম অশ্মিন্ দক্ষিণায়নে ন মর্ত্ব্য-মিতি সম্যগ্জ্ঞানঞ্, উপালভং আপ্নোৎ। দিব্যাঃ স্বর্গীযাঃ ১৯৭॥

ভীমকে নিপতিত হইতে দেখিয়া আমাদের সকলের হাদয়ও নিপতিত হইল। মহাবাহ ও সর্ব্বধন্ত্র্দ্ধরশ্রেষ্ঠ ভীম উত্তোলিত ইম্রাধ্বজ্বের ফ্রায় সমরভূমি শব্দিত করিয়া পতিত হইলেন; কিন্তু বাণসমূহে আবৃত থাকাষ ভূতল স্পর্শ করিলেন না ॥৯০—৯৪॥

মহাধনুর্দ্ধর ও পুকষশ্রেষ্ঠ ভীম্ম রথ হইতে পতিত হইয়া শরশয্যায় শ্বন করিলে, তাহার স্বর্গীয় ভাব উপস্থিত হইল ॥১৫॥

তথন মেঘ বর্ষণ করিতে লাগিল, ভূমিকম্প হইতে থাকিল এবং তিনিও পতিত হইবার সমযে সূর্য্যকে দক্ষিণদিকে থাকিতে দেখিলেন ॥৯৬॥

ভরতনন্দন। মহাবীর ভীম ক্রমে 'এটা দক্ষিণায়ন কাল' এইরূপ ভাবিয়া 'এ সময়ে মরা উচিত নহে' এইরূপ সমাক্ জ্ঞান লাভ করিলেন এবং এই সম্থে তিনি আকাশে সকল দিকে স্বর্গীয় বাক্য শুনিতে পাইলেন—॥৯৭॥ ষিতোহস্মীতি চ গাঙ্গেরস্তচ্ শ্রুত্বা বাক্যমত্রবীৎ।
ধাবিরয়াম্যহং প্রাণান্ পতিতোহপি মহীতলে ॥৯৯॥
উত্তরায়ণমন্সিচ্ছন্ ভীম্মঃ কুরুপিতামহঃ।
তস্ম তন্মতমাজ্ঞায় গঙ্গা হিমবতঃ স্থতা ॥>০০॥
মহর্ষীন্ হংসরূপেণ প্রেষয়ামাস তত্র বৈ।
তেহথ সম্পাতিনো হংসাস্ত্রবিতা মানসৌকসঃ ॥>০১॥
জাজগ্মঃ সহিতা দ্রুত্বাং ভীমাং কুরুপিতামহম্।
যত্র শেতে নরশ্রেষ্ঠঃ শবতল্লে পিতামহঃ ॥>০২॥ (কলাপকম্)
তে তু ভীমাং সমাসাত্য ঋষয়ো হংসরূপিণঃ।
অপশ্যন্ শরতল্পস্থং ভীমাং কুরুকুলোম্বহম্ ॥>০০॥

ভারতকৌমুদী

অথ কান্তা দিব্যা বাচ ইত্যাহ—কথমিতি। মহাত্মা মহাধান্দিকত্বাৎ। কালং পরলোক-প্রয়াণসময়ম্,কথং কর্জা করিয়তি, অপি তু কথমপি নেত্যর্থ:। সংপ্রাপ্তে ছিতে ॥३৮॥

ছিত ইতি। গাদেয়: কুরুপিতামহক্ষ ভীমং, তৎ দিব্যং বচনং প্রস্থা, 'ছিতোহিশ্বি' ইতি, 'অহং মহীতলে পতিতোহিপি উন্তবায়ণম্ অধিচ্ছন্ প্রতীক্ষমাণঃ দন্ প্রাণান্ ধাবধিয়ামি' ইতি চ বাকামত্রবীৎ। সম্পাতিন আকাশাদ্বতাবিণঃ সন্তঃ। মানসং দব এব ওক আশ্রমো বেষাং তে। ক্রষ্টুম্ আদ্রণায়। শবভল্লে শবশ্যামাম্ ॥১১—১০২॥

তত ইতি। সম্বেধৈকল্লিকতন্না পূর্বার্দ্ধে ন সন্ধি: ॥>৽৩॥

'মহাত্মা, সকল অন্ত্রধারিশ্রেষ্ঠ ও সমুখ্যপ্রধান ভীত্ম দক্ষিণায়ন থাকিতে এটাকে কি করিয়া মরণের সময় করিবেন' ॥৯৮॥

গঙ্গানন্দন ও ক্রুপিতামহ ভীন্ম সেই স্বর্গীয় বাক্য শুনিযা এই কথা বলিলেন যে, 'আমি রহিয়াছি এবং ভূতলে পতিত হইষা থাকিলেও উত্তরাযণের প্রতীক্ষা করিতে থাকিয়া প্রাণ ধারণ করিব'। ভীন্মের সেই মত জানিয়া হিমালযতনয়া গঙ্গা মহর্ষিগণকে হংসকপে সেন্থানে পাঠাইয়া দিলেন। তাহার পর নরশ্রেষ্ঠ ভীন্ম যেন্থানে শরশযায় শয়ন করিয়া রহিয়াছিলেন, হংসক্রপী ও মানসসরোবর-বাসী সেই মহর্ষিরা সন্মিলিতভাবে আকাশ হইতে পতিত হইয়া ভীন্মের সহিত সাক্ষাং করিবার জন্ম সম্বর সেই স্থানে আগমন করিলেন ॥৯৯—১০২॥

ক্রমে হংসক্সী সেই মহর্ষিরা ভীম্মেব নিকটে হাইয়া শরশ্যান্থিত কুক্কুল-ধুরন্ধর ভীম্মকে দর্শন করিলেন ॥১০৩॥

⁽১১)···ধারযামাস চ প্রাণান্—পি বা। ১১০০) অন্বিচ্ছন্ স্তগতিপ্রতি ··কাজ্রযা··· নি। (১০১)···ভতত্তং প্রতি তে হংসাত্ত্ববিতাঃ—নি,···ভতঃ সম্পাতিনো হংসাঃ—বা বা।

তে তং দৃষ্ট্যা মহাত্মানং কৃষা চাপি প্রদক্ষিণম্।
গাঙ্গেরং ভরতপ্রেষ্ঠং দক্ষিণেন চ ভাস্করম্ ॥১০৪॥
ইতরেতরমামন্ত্র্য প্রাহস্ত্র মনীধিণঃ।
ভীশ্বঃ কথং মহাত্মা দন্ সংস্থাতা দক্ষিণারনে ॥১০৫॥ (মুগ্মকম্)
ইত্যুক্ত্যা প্রস্থিতা হংসা দক্ষিণামভিতো দিশম্।
সংপ্রেক্ষ্য বৈ মহাবুদ্ধিশ্চিন্তরিত্মা চ ভারত! ॥১০৬॥
তানব্রবীচ্ছান্তনবো নাহং গন্তা কথঞ্চন।
দক্ষিণাবর্ত্ত ভাদিত্য এতন্মে মনসি স্থিতম্ ॥১০৭॥ (মুগ্মকম্)
গমিস্থামি স্বকং স্থানমাসীদ্যমে পুরাতনম্।
উদগার্ত্ত ভাদিত্যে হংসাঃ! সত্যং ব্রবীমি বঃ ॥১০৮॥

ভারতকোমূদী

তত ইতি। প্রদল্পিঞ্চ কৃষা, ভীম্ম বহুদেবতাবতাররপ্রাদিত্যাশর:। দক্ষিণেন দিখি-ভাগেনাবস্থিতমিতি শেব:। ইতরেতবং প্রস্পারন্। বনীবিণো জ্ঞানিন ঝবর:। সংখাতা মরিয়্রতি, "প্রাম্প্রাপ্তপঞ্চপবৈতপ্রেতসংস্থিতা:" ইত্যমব:, অপি তু কথমপি নেত্যাখানা, "অগ্নির্জ্যোতিরহ: শুর: বগ্মানা উত্তবারণম্। অত্ত প্ররাতা গচ্ছন্তি বন্ধ বন্ধবিদো জনা।" ইতি গীতাম্বতেরিত্যাশর: ॥.০৪—১০৫॥

ইতীতি। সভিতঃ প্রতি। "তনোভয়াভিপরিসর্কৈং" ইতি দিতীয়া। গন্তা গমিগ্রামি।
দক্ষিণস্তাং দিশি বর্তুত ইতি দক্ষিণাবর্ত্তপ্রশান্ পর্বাস্থ দক্ষিণায়ন ই তার্থ: ॥১০৬—১০৭।
গমিগ্রামীতি। স্বকং বঞ্দেবতাসসন্ধি। উদগাবৃত্তে উত্তরায়ণগতে ॥১০৮। •

জ্ঞানী ও হংসক্রপী সেই মহর্বিরা মহাত্মা ও ভরতশ্রেষ্ঠ ভীয়কে দেখিবা ও প্রদক্ষিণ করিয়া এবং সূর্ব্য দক্ষিণদিকে রহিরাছেন জ্ঞানিরা পরস্পর আমন্ত্রণ-পূর্বক বলিলেন—'ভীয় মহাত্মা হইয়া কেন দক্ষিণায়নে পরলোকে প্রস্থান করিবেন' ॥১০৪—১০৫॥

ভরতনন্দন ! এই কথা বলিয়া নেই হংসক্ষী মহর্ষিরা দক্ষিণদিকে প্রস্থান করিবার উপক্রম করিলেন। তথন মহাবৃদ্ধি ভীত্ম তাঁহাদের দিকে দৃষ্টিপাত করিয়া এবং একট্ ভাবিয়া তাঁহাদিগকে বলিলেন—'সূর্য্য দক্ষিণায়নে থাকিতে আমি কোন প্রকারেই পরলোকে গমন করিব না ; ইহাই আমার মনে রহিয়াছে ॥১০৬—১০৭॥

হংসগণ! পূর্বে আমার বে স্থান ছিল, সূর্ব্য উত্তরায়ণে গমন করিলে পরই আমি সেই স্বস্থানে গনন করিব; ইহা আপনাদিগকে সভ্য বলিতেছি ॥১০৮॥

⁽১০৮)---উদগাবন আদিত্যে –রা নি।

ধাবয়িদ্যাম্যহং প্রাণান্মন্তবায়ণকাঞ্চনয়া।
প্রাণানাঞ্চ সমূৎসর্গ ঐশ্বর্য্যং নিষতং মম ॥>০৯॥
তন্মাৎ প্রাণান্ ধাবয়েদ্য মুমূর্য রুদগাযনে।
যশ্চ দত্তো ববো মহুং পিত্রা তেন মহাক্মনা ॥>>০॥
ছন্দতন্তে ভবেন্মভূয়বিতি তৎ সত্যমস্ত মে।
ধাবিধিয়ে ততঃ প্রাণান্মৎসর্গে নিয়তে সতি ॥>>>॥ (য়ুগাকম্
ইভ্যুক্ত্মা তাংস্তদা হংসান্ স শেতে শবতল্পগঃ।
এবং কুরূণাং পতিতে শৃঙ্গে ভীল্যে মহৌজিসি ॥>>২॥

ভারতকোমুদী

ধাবিষ্যামীতি। সম্ৎসর্গে পবিজ্ঞাগে, ঐশব্যং প্রভূত্বম্, নিষতং প্রবম্ ॥১০৯॥
তন্মাদিতি। উদগাবনে উত্তবাবনে, মৃম্মু: মর্জু মিচ্ছু: দন্। নদীদৃশমৈশব্যং তে কৃত
ইত্যাহ—ব ইতি। তেন শান্তম্না। ছন্দত ইচ্ছাত:। উৎসর্গে তেবাং প্রাণানামেব
পবিজ্ঞাগে, নিষতে প্রহাবাতিবেকাদিচ্ছাতক নিশ্চিতে। এব ব্যাপাবস্থ পবেষামপ্রত্যক
এবাসীৎ কামরূপিব্যাপাবস্থাদিত্যুরেষম্ ॥১১০—১১১॥

ভারতভাবদীপঃ

বন্ধী, মৃত্যবে ইতার্থ: ॥৬৯—৯৬॥ কালং মৃত্যুম্ ॥৯৭—১০৩॥ দক্ষিণেন দক্ষিণমার্গহং ভাত্ববঞ্চ দৃষ্টে,তারয়: ॥১০৪॥ সংস্থাতা মবিয়তি ॥১০৫—১০৮॥ ঐশর্যোণ স্বসামর্থ্যেন ভূত: প্রাপ্তঃ স্কন্দমৃত্যুত্বাৎ ॥১০৯—১২৫॥

ইতি শ্রীমহাভাবতে ভীম্মপর্কানি নৈসক্ষীষে ভাবতভাবদীপে চতুর্দশাধিকশততমোইধ্যাম: ॥১১৪॥

আমি উত্তরায়ণের প্রতীক্ষা করিয়া প্রাণ ধারণ করিয়া থাকিব। কেন না, প্রাণপরিত্যাগের বিষয়ে আমার নিশ্চিত স্বাধীনতা রহিয়াছে ॥১০৯॥

অতএব আমি উত্তরাষণে মরিবার ইচ্ছ। করিযাই প্রাণ ধারণ করিয়া রহিব।
আমার পিতা সেই মহাত্মা শাস্তম আমাকে বর দি্যাছিলেন যে, 'তোমার মৃত্যু ডোমার ইচ্ছামুবর্ত্তী হইবে'। আমার প্রতি পিতার সেই বরদান দত্য হউক,
স্থৃতরাং আমার প্রাণত্যাগ নিশ্চিত হইলেও সেই উত্তরাযণপর্যন্ত আমি প্রাণ
ধারণ করিব'॥১১০—১১১॥

সেই হংসক্রপী মহর্ষিগণকে এই কথা বলিয়া ভীন্ম তথন শরশব্যায শযন

⁽১০৯)--- ঐশ্বর্যভূতঃ প্রাণানাম্ৎসর্গো হি মতো মম-- পি,--- এশ্বর্যভূতঃ, প্রাণানাম্ৎসর্গো হি যতো মম—বা বা। (১১১) ছন্দতো মৃত্যুবিত্যেবং তক্ত চাস্ত বচন্তথা—পি বা বা।

পাগুবাঃ স্ঞ্বয়াশ্চিব সিংহনাদং প্রচক্রিরে।
তিন্সিন্ হতে মহাসত্ত্বে ভবতানাং পিতামহে ॥>>০॥
ন কিঞ্চিৎ প্রত্যপত্তত্ব পুরোস্তে ভবতর্বভ!।
সন্মোহশ্চিব তুমূলঃ কুরুণামভবত্তদা ॥>>৪॥ (বিশেষকম্)
কৃপত্রহ্যোধনমুখা নিশ্বস্তা রুক্রত্বতঃ।
বিষাদাচ্চ চিবং কালমতির্চন্ বিগতেন্দ্রিয়াঃ ॥>>৫॥
দধ্যশৈচব মহাবাজ! ন যুদ্ধে দধিবে মনঃ।
উরুগ্রাহগৃহীতাশ্চ নাভ্যবর্ত্ত্ব্ব পাগুবান্॥>>৬॥
অবধ্যে শান্তনোঃ পুত্রে হতে ভীম্মে মহৌজিনি।
তঃখার্ত্তিস্কে ততো রাজন্! কুরুণাং পত্রোহভবন্॥>>৭॥

ভারতকোমুদী

ইতীতি। কুরণাং পর্বতরপাণাম্, শৃলে শৃলরপে, মর্বোচ্চরপতাদিত্যাশর:। মহানতে মহাবলে। প্রত্যপদ্মন্ত কর্ত্তব্যমবধাব্যন্। তুম্লো মহান্॥১১২—১১৪॥

ক্বপেতি। বিগতেন্দ্রিয়া ইব॥১১৫॥

দৃধ্যবিতি। দৃধ্যশ্ভিন্তরামান্তঃ। দৃধিবে স্থাপবামান্তঃ। উক্তরাতেণ উক্তন্তেন গৃহীতা আক্রান্তা॥১১৬॥

অবধ্য ইতি। অবধ্যে মহাবীবত্মাদিত্যাশয়: ॥১১৭॥

করিয়া রহিলেন। মহাতেজা ও পর্বতস্বরূপ কুক্বংশের শৃঙ্গম্বরূপ ভীম এই-ভাবে পতিত হইলে, পাশুবগণ ও স্প্রেয়গণ সিংহনাদ করিতে লাগিলেন। ভরতশ্রেষ্ঠ। সেই মহাবল ভীম নিহত হইলে, আপনার পুত্রেরা কোন কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না এবং সেই সময়ে কৌরবগণের গুক্তর মোহ উপস্থিত হইল ॥১১২—১১৪॥

কৃপ ও তুর্ব্যোধনপ্রভৃতি ত নিশ্বাস ত্যাগ করিয়া রোদনই করিতে লাগিলেন; আর তাঁহারা বিষাদবশতঃ দীর্ঘকাল ইন্সিয়শৃত্য হইয়াই যেন রহিলেন ॥১১৫॥

মহারাজ ! তাঁহারা চিন্তা করিতে লাগিলেন ; কিন্তু যুদ্ধে আর মনোনিবেশ করিতে পারিলেন না, বিশেষতঃ উকস্তম্ভাক্রান্ত হইয়াই যেন আর পাশুবগণের অভিমুখবর্ত্তী হইতেও পারিলেন না ॥১১৬॥

রাজা! মহাতেজা ও অবধ্য শাস্তমনন্দন ভীম নিহত হইলে, তখন শেই কৌরবশ্রেষ্ঠেরা হৃঃখে পীড়িত হইষাই পড়িলেন ॥১১৭॥

⁽১১৬)…नान्त्रधावस्त्र भाष्यान्—ता वा नि । (১১१) भ्कार्कः भि वा ज्ञा नास्ति।

অভাবঃ সহসা বাজন্ ! কুরুবাজস্য তর্কিতঃ।
হত্পরীবাস্ত বয়ং নিকৃতাশ্চ শিতঃ শবৈঃ ॥>>৮॥
কর্তব্যং নাভিজানীমো নির্দ্ধিতাঃ সব্যসাচিনা।
পাশুবাশ্চ জয়ং লব্ধা পবত্র চ পবাং গতিয়্॥>>৯॥
সর্বের দয়্মুর্মহাশন্থান্ শূবাঃ পবিঘবাহবঃ।
সোমকাশ্চ সপাঞ্চালাঃ প্রাহ্ময়ন্ত জনেশ্বব! ॥>২০॥ (বিশেষকম্)
ততন্ত্র্যসহস্রেষ্ নিনদৎয় মহাবলঃ।
আক্ষোটয়ামাস ভূশং ভীমসেনো ননাদ চ॥>২>॥
সেনয়োরুভয়োশ্চাপি গাঙ্গেযে নিহতে বিভৌ।
সংক্রম্ম বীবাঃ শস্ত্রাণি প্রাধ্যাযন্ত সমন্ততঃ ॥>২২॥
প্রাক্রেশন্ প্রার্দণ লাগ্য জয়মুর্মোহং তথাহপবে।
ক্রেঞ্চান্মেহভানিন্দন্ত ভীম্মঞ্চান্মেহভাপুজ্য়ন্॥>২০॥

ভারতকোমুদী

অভাব ইভি। অভাবো ধ্বংস: প্রধানাশ্রযধ্বংসাং। কুকবাজস্ম ত্র্য্যোধনস্থ। হতঃ প্রবীর: প্রধানবীবো যেবাং ভে, নিরুদ্ধান্দিরাঃ ক্ষতবিক্ষতাঃ। প্রবত্ত কালে চ, প্রামৃত্যাং গভিং জ্বং লকা সম্ভাব্য ॥১১৮—১২০॥

তত ইতি। আফোটয়ামাস বাহতাভনশবং চকাব। ননাদ মুখেন জগর্জ চ ॥১২১॥ সেনয়োবিতি। বিভৌ বলপ্রভাববতি। সংক্তস্ত তাকুন। প্রাধ্যাবন্ত প্রাচিত্তধন্ ॥১২২॥ প্রেতি। প্রাক্রোশন্ বন্ধুনাহ্বধন্। অভ্যনিন্দন্ত নৃশংসব্যবহাবাৎ ॥১২৩॥

এবং সম্বরই ছর্ব্যোধনের ধ্বংস হইবে বলিয়া মনে করিতে লাগিলেন, আর প্রধান বীর নিহত, তীক্ষ্ণ বাণে দেহ ক্ষতবিক্ষত এবং অর্জ্জনকর্তৃক নির্দ্ধিত হওবার আমরা কর্ম্বরা স্থির কবিতে পারিলাম না। নরনাথ। ওদিকে বীর ও পরিষতৃল্যবাছ পাগুবেরা সকলে সে দিনে জয়লাভ করিয়া এবং পরবর্ত্তী সমযেও সম্পূর্ণ জয়লাভ হইবে ভাবিষা বিশাল শঙ্খধনি করিতে লাগিলেন, আর সোমক এবং পাঞ্চালগণও জত্যস্ত আনন্দিত হইল ॥১১৮—১২০॥

তাহার পর সহস্র সহস্র তূর্যাধ্বনি হইতে লাগিলে, মহাবল ভীমদেন বাহ্বান্ফোটন ও গুক্তর সিংহনাদ করিতে লাগিলেন ॥১২১॥

প্রভাবশালী ভীম নিহত হইলে, উভ্যুসৈন্মেরই দকল দিকের বীরেরা অপ্র পরিত্যাগ করিয়া বিশেষ চিস্তামগ্ন হইলেন ॥১২২॥

তখন কতকগুলি লোক বন্ধুগণকে ডাকিতে লাগিল অন্ম অনেকে কাঁদিডে

খাষয়ঃ পিতবশৈচব প্রশশংস্থৰ্সহাত্ততম্।
ভবতানাঞ্চ যে পূর্বের তে চৈনং প্রশশংদিরে ॥১২৪॥
মহোপনিষদক্ষৈব যোগমাস্থায় বীর্য্যবান্।
জ্ঞপন্ শান্তনবো ধীমান্ কালাকাজ্জী স্থিতোহভবৎ ॥১২৫॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্ত্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং ভীত্মপর্বাণি
ভীত্মবধে দশমদিবদবৃদ্ধে ভীত্মনিপাতে চতুর্দশাধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চদশাধিকশততমো২ধ্যায়ঃ।

-- 2 % 2---

। ধৃতরাষ্ট্র উবাচ। কথমাদংস্তদা যোধা হীনা ভীঙ্গেণ দঞ্জয়!। বলিনা দেবকল্পেন গুর্ববর্থে ব্রহ্মচাবিণা॥১॥

ভারতকোসুদী

ধ্বন্ন ইতি। সহাত্রতং চিবত্রন্ধচাবিণং ভীমন্। পূর্ব্ধে প্রতীপাদনং পূর্বপুরুষাং ॥১২৪॥
নহেতি। বীর্য্যবান্ ধীমাংশ্চ শাত্তনবো ভীমাং, বোগং মহোপনিষদর্থধ্যানন্, আছার
আশ্রিত্য, মহোপনিষদং পুরুষস্ক্রুং গান্দ্রীং বা জ্পন্, কালাকাজ্জী উত্তবাষণকালপ্রতীকী
সন্, স্থিতোহভবং প্রাণান্ ধাবয়নেবাতিষ্ঠৎ ইচ্ছাস্থ্যভিমৃত্যুত্বাৎ ॥১২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূযণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমূদীসমাখ্যাযাংভীশ্বপর্বণি ভীশ্ববধে চতুর্দ্ধশাধিকশততমোহধ্যায়: ॥•॥

থাকিল, অপর লোকেরা মোহপ্রাপ্ত হইল, অন্ত বহুতর লোক ক্ষত্রিয়জাতির নিন্দা করিতে লাগিল এবং অন্ত অনেকে ভীন্মের গৌরব করিতে থাকিল ॥১২৩॥

খষিরা ও পিতৃলোকেরা ভীম্মের প্রশংসা করিতে লাগিলেন এবং যাঁহারা ডদানীস্তন ভরতবংশীরগণের পিতৃপুক্ষ ছিলেন, তাঁহারাও ভীম্মের প্রশংসা করিতে থাকিলেন ॥১২৪॥

এদিকে বলবান্ ও বৃদ্ধিমান্ ভীম যোগাবলম্বন করিয়া মহোপনিষদ্ (পুরুষস্থুক্ত বা গাযত্রী) জপ করিতে থাকিবা উত্তরাযণের প্রভীক্ষা করিবা রহিলেন" ॥১২৫॥

^{* &#}x27;···বিংশত্যধিকশতভমোহধ্যায়ঃ'—বা, '···উনবিংশত্যধিকশতভমোহধ্যায়ঃ'—বা নি।

(১)

কৌ সারবন্দাবিণা—নি।

তদৈব নিহতান্ মত্যে ক্রনন্তাংশ্চ পাগুবৈঃ।
ন প্রাহ্বদ্যদা ভীগ্নো ম্বণিদ্বাদ্দ্রুপদাত্মজন্ ॥২॥
ততো ফঃখতবং মত্যে কিমন্তৎ প্রভবিয়তি।
অন্তাহং পিতবং প্রুদ্ধা নিহতং স্ম স্কুর্মাতিঃ॥৩॥
অন্যসাবময়ং নূনং হাদযং মম সঞ্জয়!।
প্রুদ্ধা বিনিহতং ভীম্মং শতধা যার দীর্ঘ্যতে॥৪॥
যাদন্তানিহতোনাজী ভীম্মেণ জ্য়মিচ্ছতা।
চেপ্তিতং ক্রুদিংহেন তন্মে কথ্য স্কুত্রত।।
পুনঃ পুনর্ন মুয়ামি হতং দেবত্রতং বনে॥৫॥

ভারতকোমূদী

কথমিতি। কথা কীদৃশাঃ। গুৰ্বৰ্ষে পান্তনোঃ সত্যবতীপবিণযাৰ্ধে ॥১॥
তদেতি। দ্বণিত্বাৎ ভৃতপূৰ্বস্ত্ৰীত্বেন দ্বণাকাবিত্বাৎ, ক্ৰপদাত্মজ্য শিখণ্ডিনম্ ॥২॥
তত ইতি। স্বত্ৰ্যতিবহুমন্ত পিতবং ভীদ্মা নিহতং প্ৰস্থা যদত্যংগ মন্ত্ৰে অমুভবামি,
ততোহন্তাং হুঃথতবং কিং প্ৰভবিক্ততি, অপি তু কিমপি নেত্যৰ্থঃ। স্থান্ধঃ পাদপূৰণে ॥০॥
অন্মেতি। সন্মান্ধাৰ্যাই প্ৰতৰ্ষিবাংশঘটিতম্। দীৰ্ব্যতে ক্ৰদ্ৰমিত্যসূত্ৰ্তিঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। বলবান্, দেবতুল্য এবং পিতার নিমিত্ত চির-ব্রহ্মচারী ভীন্ম পরিত্যাগ করিষা গেলে, আমার পক্ষের যোদ্ধারা তখন কিবাপ হইয়া পড়িয়াছিলেন ॥১॥

ভীম ঘুণা করিয়া যথন শিখণ্ডীর উপরে প্রহার করিলেন না (শুনিলাম), তথনই আমি মনে করিয়াছি যে, পাণ্ডবেরা অন্ত কৌরবগণকে বিনাশ করিয়াছে ॥২॥

হায়। অতিহর্মতি আমি আজ জ্যেষ্ঠতাতকে নিহত শুনিয়া যে হুঃখ অমুর্ভব করিতেছি, তাহা অপেক্ষা অধিক হুঃখ আর কি হইতে পারে ? ॥৩॥

সঞ্জয় । আমার জদ্য নিশ্চযই পাষাণ্যারদ্বারা নির্দ্মিত। যেহেতু ভীর্মকে নিহত শুনিয়াও শতধা বিদীর্ণ হইতেছে না ॥৪॥

(সে যাহা হউক,) স্থ্ৰত সম্বয়। জয়াভিলাষী কৌরবশ্রেষ্ঠ ভীম যুদ্ধে নিহত হইয়া অন্ত যাহা করিয়াছিলেন, তাহা আমার নিকট বল। দেখ, ভীম যে যুদ্ধে নিহত হইয়াছেন, ইহা আমি কোন প্রকারেই সহা করিতে পারিতেছি না ॥৫॥

⁽৩) অভিব নিহতং শ্রন্থা পিতবং মম ত্র্যত্তে:—নি। (2) বদ্য নিহতেনাজী স্থান্থ নিহতেনাজী —বা।

ভীশ্ব (২০)-১৮৭

ন হতো জামদয়্যেন দিব্যৈরক্ত্রৈশ্চ যঃ পুরা। স হতো জৌপদেয়েন পাঞ্চাল্যেন শিখন্তিনা ॥৬॥ সঞ্জয় উবাচ।

সায়াকে অপতভূমো ধার্ত্তবাষ্ট্রান্ বিষাদয়ন্।
পাঞ্চালান্ হর্বয়ংশৈচব ভীল্পঃ কুরুপিতামহঃ।
স শেতে শরতল্পত্যে মেদিনীমস্পৃশংস্তদা ॥৭॥
ভীল্পে বথাৎ প্রপতিতে প্রচ্যুতে ধ্বণীতলে।
হাহেতি তুমূলঃ শন্দো ভূতানাং সমপত্যত ॥৮॥
সীমারক্ষে নিপতিতে কুরুণাং সমিতিপ্রয়ে।
সেনযোকভয়ো রাজন্। ক্ষত্রিয়ান্ ভ্যমাবিশৎ ॥৯॥

ভারতকোমুদী

যদিতি। অন্তৎ যৎ চেষ্টিতং ক্বতম্। ন মৃত্যামি ন সহে। বট্পাদোহমং শ্লোকঃ ॥৫॥
নেতি। পুরা অম্বার্থকমূদকালে। ভৌপদেয়েন জ্রপদপ্তেব। আন্তর্যমেতদিত্যাশয়ঃ ॥৬॥
নামাক ইতি। অত্ত ধার্ত্তরাষ্ট্রপদং পাঞ্চালপদ্র পক্ষবয়োপলক্ষণম্। বট্পাদোহয়ং
শ্লোকঃ ॥৭॥

ভীম ইতি। বগাৎ প্রচ্যুতে ধ্বণীতলে প্রপতিতে চ সতি। ভূতানাং সর্বেষামেব জনানাম, সমপন্তত সমন্ধায়ত ॥৮॥

দীমেতি। দীমাবৃক্ষে তৎস্বরূপে। দীমাবৃক্ষো বণা ভৃস্বামিছরশু বিবাদং নিবর্ত্তর্মিত, ভীমোইপি তবং কুরুপাণ্ডবযোবিবাদং নিবর্ত্তনিতৃং চেইতে স্বেতি ভাবং। কৌববপক্ষে পরাজ্যাশঙ্করা ভয়াবেশঃ, পাণ্ডবপক্ষে তু সন্ধিসম্ভাবনাইভাবাৎ সর্ব্বনাশাশক্ষরা ভয়োপন্থিতি-রিত্যাশয়ঃ।

হার। পূর্বে পরশুরাম দিব্য অন্ত্রদ্বারাও যাহাকে বধ করিতে পারেন নাই, আজ পাঞ্চালদেশীয় ক্রপদের পুত্র শিখণ্ডী তাহাকে বধ করিল।" ॥৬॥

সঞ্জয় বলিলেন—"কুকপিতামহ ভীন্ম সায়াছে কৌরবপক্ষকে বিষয় এবং পাশুবপক্ষকে আনন্দিত করিয়া ভূতলে নিপতিত হইলেন। পরে তিনি ভূতলস্পর্শ না করিয়া শরশব্যায় থাকিয়া শয়ন করিয়া রহিলেন ॥৭॥

ভীম রথ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পতিত হইলে, তত্রত্য লোকদিগের 'হাহা' ইত্যাকার তুমূল শব্দ হইতে লাগিল ॥৮॥

^{18) ···} দিবৈয়বদৈর রঃ পুরা—পি বা। (१) সাযাছে নিহতো ভ্মৌ ··· পি 'বা, ··· পাঞ্চালানাং দদৌ হর্ষন্—বা বা, ··· অশেত শবভন্ন হঃ—পি। (৮) ভীমো বগাং প্রপতিতঃ দংচ্ছিলো বছভিঃ শবৈঃ—নি।

ভীন্মং শান্তনবং দৃষ্ট্ব। বিশীর্ণকবচধবজ্বম্ ।
কুববঃ পর্য্যবর্ত্তন্ত পাশুবাশ্চ বিশাংপতে । ॥১০॥
খং তমঃসংবৃতমভূদাসীদ্ভানুর্গত প্রভঃ ।
রবাস পৃথিবী চৈব ভীন্মে শান্তনবে হতে ॥১১॥
ভাষং ব্রহ্মবিদাং শ্রেষ্ঠো গতির্ব্রহ্মবিদাং সদা ।
ইত্যভাষন্ত ভূতানি শ্যানং পুরুষর্যভন্ম ॥১২॥
ভাষং পিতবমাজ্ঞায় কামার্ত্তং শান্তনুং পুরা ।
উদ্ধিবেতসমাজ্ঞানং চকাব পুরুষর্যভঃ ॥১০॥

ভারতকোমূদী

ভীদ্মতি। ক্ববং পাওবাদ্চ পর্য্যবর্ত্তত তদানীং যুদ্ধাৎ ক্সবর্তত্ত শোকাতিরেকাং ॥১০॥ থমিতি। থমাকাশম্, তমংসংবৃতম্ অন্ধকাবাবৃতম্। ববাস শব্দং চকাব ॥১১॥ অবমিতি। ব্রহ্মবিদাং বেদজানাম্। ভূতানি তত্তত্যা লোকাং ॥১২॥ অবমিতি। আত্মানমূর্দ্ধবেতসং চকাব, চিবব্রশ্বচর্ব্যাবলম্বনাং ॥১৩॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৮॥ সীমাবৃক্ষে ইতি। নহু কৌববাণাং তাৰদ্ভীমে সেনাপতৌ পতিতে ভ্যম্তিতং প্রধানবিনাশে ভ্যাশাবিচ্ছেদাৎ, পাশুবানাস্ক কথং ভ্যমতো তেবাং হর্মপ্রকথনাৎ ? উচ্যতে—পাশুবানামপি মহস্তযমুপপছত এব দদ্ধিবাঞ্ছাবিচ্ছেদাৎ, অ্যং ভাবঃ—
উভযোঃ সীমান্থানীয়ো ভীম্মো জীবন্ধমাকং দদ্ধিং কবিশ্বতি, তেন চ পুত্রস্কুছিনাশধনব্যমধ্বতাবাধা ন ভবিশ্বন্ধি, হতে ত্বেতমিন্ স্ত্বাং সন্ধ্যাশাবিচ্ছেদ এব জাত ইতি পুত্রশ্বহিনাশাদিপ্রযুক্তং ভ্যং যুজ্যত ইতি তত্মাদ্যুক্তমুক্তং সেন্যোক্সভ্যোবিতি। হর্ষকথনং

রাজা। কুকবংশের সীমাবৃক্ষস্বরূপ ও যুদ্ধবিজরী ভীম্ম নিপতিত ইইলে, উভয সৈত্যের ক্ষত্রিয়গণেরই ভয় উপস্থিত হইল ॥১॥

নরনাথ। শান্তফুনন্দন ভীন্মকে বিশীর্ণকবচ ও ছিন্নধ্বজ্ব দেখিয়া কৌরবেরা ও পাণ্ডবেরা যুদ্ধ হইতে নিবৃত্তি পাইলেন ॥১০॥

শান্তমুনন্দন ভীম্ম নিপতিত হইলে, আকাশ অন্ধকারাবৃত হইল, স্র্ব্যের আলোক চলিয়া গেল এবং ভূতলে শব্দ হইতে থাকিল ॥১১॥

আর শরশয্যায় শয়িত পুকষশ্রেষ্ঠ ভীমাকে লক্ষ্য করিয়া সকল লোক বলির্ডে লাগিল—'ইনি বেদবিদ্গণের শ্রেষ্ঠ ও সর্বনা বেদবিদ্গণের গতি ছিলেন' 1>২॥

'এই পুক্ষশ্রেষ্ঠ পূর্বে পিতা শান্তমূকে কামার্ত জানিযা আপনাকে চির-কালের জন্ম উদ্ধারেতা করিয়াছিলেন' ॥১৩॥ ইতি স্ম শরতক্লন্থং ভবতানাং পিতামহম্।
খাষয়স্ত্বভাতাষন্ত সহিতাঃ সিদ্ধচাবণৈঃ ॥১৪॥
হতে শান্তনবে ভীগ্নে ভবতানাং পিতামহে।
ন কিঞ্চিৎ প্রত্যপতন্ত পুত্রান্তব হি মারিষ! ॥১৫॥
বিবর্ণবদনাশ্চাসন্ হতশ্রীকাশ্চ ভাবত।।
অতিষ্ঠন্ ব্রীড়িতাশ্চৈব ব্রিষা যুক্তা হুধোমুখাঃ ॥১৬॥
পাণ্ডবাশ্চ জয়ং লব্ধা সংগ্রামশিরসি স্থিতাঃ।
সর্বের দেখার্মহাশন্ধান্ হেমজালবিভূষিতান্ ॥১৭॥
হর্ষান্ত্র্যসহন্ত্রেম্ব বাত্যমানের চানঘ!।
অপশ্রাম মহাবাজ। ভীমদেনং মহাবলম্ ॥১৮॥
নিক্রীড়মানং কোন্ডেয়ং হর্ষেণ মহতা যুত্ম্।
নিহত্য তরসা শক্রং মহাবলসমন্থিতম্ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

ইতীতি। ইতি প্ৰবাক্যম্। স্থাননং পাদপ্ৰণে। তুশনাভার্থে। ঝবষকাকাশছা: ॥১৪॥
'হত ইতি। অস্ত পূর্ব্যম্কবেইপি প্রসঙ্গভেদান্তেদঃ। প্রভ্যাপদ্যন্ত কর্ত্তব্যমবধার্যন্ ॥১৫॥
বিবর্ণেতি। ব্রীডিতা: সমানসম্পর্কস্ত ভীষ্মস্ত যুদ্ধে নিযোগাৎ, হ্রিয়া যুক্তাক্ষ প্রাক্তবাৎ ॥১৬॥
পাণ্ডবা ইতি। সংগ্রামশিবসি প্রকাশ এব সমবান্তনে ॥১৭॥
হর্ষাদিতি। বাছমানেযু পাণ্ডবপকে। তবসা বলেন, শক্রং তৎপক্ষগতম্ ॥১৮ —১৯॥

সিদ্ধ ও চারণগণের সহিত আকাশবর্তী ঋষিরাও শরশব্যান্থিত ভীমকে সক্ষ্য করিয়া এইরূপ বলিতে লাগিলেন ॥১৪॥

মাননীয রাজা। তদানীন্তন যুধিষ্ঠিরাদি ভরতবংশীয্গণের পিতামহ ও শাস্তয়নন্দন ভীম নিহত হইলে, আপনার পুত্রেরা কোন কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥১৫॥

ভরতনন্দন! তাহারা বিবর্ণবদন, মলিনকান্তি, লজ্জিভ ও অধামুখ হইযা রহিলেন ॥১৬॥

ওদিকে পাণ্ডবেরা সকলে জয়লাভ করিয়া সমরাঙ্গনে থাকিয়া স্বর্ণভূবিত বিশাল শঙ্খধনি করিতে লাগিলেন ॥১৭॥

নিষ্পাপ মহারাজ! আনন্দব্শতঃ পাশুবপক্ষে সহস্র সহস্র তুর্ব্য বাজাইতে লাগিলে, আমরা দেখিলাম—মহাবল কুন্তীনন্দন, ভীমসেন মহাবলসমন্বিত

⁽১৬) विसन्तवार-ता ता नि । -(১৮) छूनः पूर्वानिनारम्यू-नि ।

সন্মোহন্চাপি তুমুলঃ কুরণামভবত্ততঃ।
কর্ণপ্রযোধনো চাপি নিশ্বসেতাং মুহুরু হুঃ ॥২০॥
তথা নিপতিতে ভীম্মে কোববাণাং পিতামহে।
হাহাভূতমভূৎ সর্বাং নির্মান্তাদমবর্তত ॥২১॥
দৃষ্ট্বা চ পতিতং ভীম্মং পুত্রো গ্রঃশাসনস্তব।
উত্তমং জবমাস্থায় জোণান্তিকমুপাত্রবৎ ॥২২॥
ভাতা প্রস্থাপিতো বীবঃ স্বেনানীকেন দংশিতঃ।
প্রথযো পুরুষব্যাত্রং স্বসৈন্তং স বিষাদয়ন্॥২৩॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য কুববঃ পর্য্যবাবয়ন্।
গ্রঃশাসনং মহারাজ! কিমবং বক্ষ্যতীতি চ ॥২৪॥

ভারতকোমুদী

লম্মেহ ইতি। তুম্লো মহান্। নিশ্বলেতাং ক্যখলিতাম্। আর্ষোহয়ং প্রয়োগঃ ॥২•॥
তথেতি। হাহাভূতং হাহাশস্কাবি। নির্ম্যাদং বিশৃদ্ধালম্ ॥২১॥
দৃষ্টে,তি। জবং বেগম্, আস্থায় অ্বলম্ব্য, উপাত্তবং ক্রতমগচ্ছৎ ॥২২॥

ভাত্তেতি। ভাত্তা ত্র্যোধনেন। দংশিতঃ সমন্ধঃ। বিষাদমন্ প্রযাণেনৈর। ভত্ত বীরান্তরমপহাষ ত্রোণান্তিক এব ত্র্যোধনেন তৃংশাসনস্থ প্রছাপনান্তীয়াৎ পবং ত্রোণক্তৈবা-শ্রমণীতাস্কনেন ভীত্বপর্কানন্তবং ভোণপর্বাবন্তঃ স্ফুচিতঃ ॥২৩॥

তমিতি। কুববো দ্রোণাস্থিকছা: কুরুদৈক্তা:, পর্য্যবাবষন্ পর্য্যবেষ্টস্ত ॥২৪॥

শক্রপক্ষীয় ভীম্মকে বলপূর্ব্বক নিপাতিত করিয়া মহানন্দে নৃত্য করিছে-ছেন ॥১৮---১৯॥

আর কোরবপক্ষে গুক্তর মোহ উপস্থিত হইল এবং কর্ণ ও ছর্ব্যোধন মুহুর্মুন্থ নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥২ •॥

কুঞ্পিতামহ ভীম্ম নিপতিত হইলে, সমস্ত লোকই হাহাকার করিতে লাগিল এবং বিশৃদ্ধল হইয়া পড়িল ॥২১॥

ভীমকে নিপতিত দেখিয়া আপনার পুত্র ছঃশাসন অত্যন্ত বেগ অবলমন করিয়া জোণের নিকটে ক্রত চলিয়া গেলেন ॥২২॥

ত্র্যোধনের আদেশক্রমে যুদ্ধসজ্জায সজ্জিত, বীর ও পুরুষগ্রেষ্ঠ ছঃশাসন নিজ্রের সম্পূর্ণ সৈন্মকে বিষয় করিয়া স্বকীয় কিয়ৎ সৈন্মের সহিত গিয়াছিলেন ।২৩:।

⁽১৯) षाकीषमानम् ··· शि, हिकीषमानम् — वा, विकीषमानम् — दा। (२२) ··· द्यांगानीक म्थां खवर — वा वा नि। २७) ·· द्रश्येष प्रहार म् — ति, ·· द्रश्येष विदार म् — दा।

ততো জোণায় নিহতং ভীশ্বমাচফ কোরবঃ।
দ্রোণন্ডদন্সিয়ং শ্রুত্বা মুমোহ ভবতর্বভ! ॥২৫॥
স সংজ্ঞামুপলভ্যাথ ভাবদাজ্ঞ প্রতাপবান্।
নিবারয়ামাস তদা স্বান্থনীকানি মারিষ! ॥২৬॥
বিনির্ব্রান্ কুরুন্ দৃষ্ট্বা পাগুবাপি স্বসৈনিকান্।
দৃতিঃ শীল্রাশ্বসংযুক্তিঃ সমস্তাৎ প্রত্যবাবয়ন্ ॥২৭॥
নির্ব্রেষ্ চ সৈন্থের্ পাবস্পর্যোগ সর্বশঃ।
বিম্ক্তকবচাশ্চান্থে ভীশ্বমীয়ুর্নবাধিপাঃ ॥২৮॥
ব্যুপরম্য ততো যুদ্ধাদ্যোধাঃ শতসহত্রশঃ।
উপতস্কুর্মহাত্মানং প্রজ্ঞাপতিমিবামবাঃ ॥২৯॥

ভারতকোমুদী

তত ইতি। আচট্ট অৱবীৎ, কৌববো ছংশাসনং ॥২৫॥
স ইতি। সংক্রাং চৈতন্তম্। ভাবদান্তো লোগং। নিবাবিয়ামাস মুদ্ধাৎ ॥২৬॥
বীতি। পাগুবাপীতি বিসর্গলোপেহপি সন্ধিবার্ধং। শীদ্রাশ্বসংঘুকৈং বেগবদখার্দ্ধটো ॥২৭॥
নিব্যন্তেদিতি। পাবস্পর্য্যেণ ক্রমেণ। ঈষ্ণ আজগাং ॥২৮॥
ব্যূপেতি। ব্যূপবমা নিবৃত্য। মহাস্থানং তীম্ম ॥২১॥

মহারাজ ! ছংশাসন আসিতেছেন দেখিয়া 'উনি কি বলিবেন' ইহা ভাবিষা জোণের নিকটবর্ত্তী কৌরবসৈত্যেরা তাঁহাকে পরিবেষ্টন করিল ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পর হঃশাসন জোণের নিকটে ভীমের নিধনর্তান্ত বলিলেন। তথন জোণ সেই অপ্রিয়সংবাদ শুনিয়া মূচ্ছিত হইষা পড়িলেন ॥২৫॥

মাননীয় রাজা। তদনন্তর প্রতাপশালী জ্রোণ চৈতন্ত লাভ করিয়া তথনই আপন সৈত্যগণকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিলেন ॥২৬॥

কৌরবসৈশুদিগকে নিবৃত্ত দেখিয়া পাশুবেরাও ফ্রেডগামি-ঘোটকাব্য দুতগণদ্বারা সকল দিকের নিজ সৈশুদিগকে যুদ্ধ হইতে নিবারণ করিলেন ॥২৭॥

সমস্ত সৈক্স যুদ্ধ হইতে নিবৃত্ত হইলে, অক্সাক্স রাজারা কবচ পরিত্যাগ করিয়া ক্রমশঃ ভীম্মের নিকটে উপস্থিত হইতে লাগিলেন ॥২৮॥

ভাহার পর দেবতারা যেমন ব্রহ্মার নিকটে উপস্থিত হন, সেইবপ শত শত

⁽२६'···खानख्ळाथियः क्वा—वा वा,···खानखनाशियः क्वा—नि। (२७) म मःखाम्नाज्ञाख—वा वा नि। (२१)·· वर्षः नीष्ठात्रमःयूर्फः—नि। (२৮)—निम्कक्काः मर्स्स—वा त्रा नि।

তে তু ভীন্মং সমাসাগ্য শ্রানং প্রুষর্যভম্।
অভিবাগ্য ব্যতিষ্ঠন্ত পাগুবাঃ ক্রুভিঃ সহ ॥৩০॥
অথ পাগুন্ ক্রংকৈব প্রণিপত্যাগ্রতঃ স্থিতান্।
অভ্যভাষত ধর্মাত্মা ভীন্মঃ শান্তনবন্তদা ॥৩১॥
স্বাগতং বো মহাভাগাঃ! স্বাগতং বো মহাবথাঃ!।
তুয়ামি দর্শনাচ্চাহং যুম্মাকমমবোপমাঃ! ॥৩২॥
অভিনন্দ্য স তানেবং শিবসা লম্বভাব্রবীৎ।
শিবো মে লম্বতেহত্যর্থমুপধানং প্রদীয়তাম্ ॥৩৩॥
ততো নৃপাঃ সমাজহ ুন্তন্নি চ মৃদ্নি চ।
উপধানানি মুখ্যানি তানি নৈচ্ছৎ পিতামহঃ ॥৩৪॥

ভারতকোমুদী

ভ ইতি। সমাসাম্ব প্রাপ্য, পুক্ষর্যভং শৌর্যাদিনানাগুণবত্তাৎ ॥৩০॥
অথেতি। পাণ্ডুন্ পাণ্ডবান্ ॥৩১॥
স্বেতি। স্বাগতং স্থাখনাগমনং কিমু ইতি কাকুঃ। এবমক্সত্ত ॥৩২॥
অভীতি। লম্বতা আধাবাভাবাৎ অধঃশ্লথীভূতেন। উপধানং স্থাপনাধাবঃ ॥৩০॥

ও সহস্র সহস্র যোদ্ধা যুদ্ধ হইতে নিরত্ত হইবা মহাত্মা ভীত্মের নিকটে উপস্থিত হইতে লাগিল ॥২৯॥

সেই পাশুবেরা কৌরবগণের সহিত যাইয়া শরশয্যায় শ্যিত পুক্ষশ্রেষ্ঠ ভীন্মকে.অভিবাদন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩০॥

পাশুবেরা ও কৌরবেরা অভিবাদন করিয়া সম্মুখে বহিলে, ধর্মাত্মা শাস্তমুনন্দন ভীম তাঁহাদিগকে বলিলেন—॥৩১॥

'মহাভাগগণ! আপনাদের শুভাগমন ত ? মহারথগণ। আপনাদেরও শুভাগমন ত ? দেবতুল্যগণ। আপনাদের দর্শনে আমি সম্ভষ্ট হইযাছি'॥৩২॥

ভীম এইবাপে ভাহাদিগকে অভিনন্দিত করিবা নিজের মাখাটা ঝুলিতেছিল বলিয়া বলিলেন—'আমার মাখাটা বড ঝুলিতেছে, একটা বালিস দিন' ॥৩৩॥

তাহার পর রাজারা আপন আপন শিবির হইতে সুম্মবন্ত্রপ্রভৃতিনির্মিত ও কোমল উত্তম উত্তম উপধান (বালিস) লইযা আসিলেন, কিন্তু ভীয় সেগুলি লইতে ইচ্ছা করিলেন না ॥৩৪॥

⁽৩০ ···অভিবাভাবতিষ্ঠস্থ—বা বা নি। (৩১) শ্লোকাৎ পবং 'ভীন্ন উবাচ'—পি।
(৩৩) পূর্বাদ্ধাৎ পরং 'পরপার্শে তব স্থতান্ স্থিতামুদ্দীক্ষ্য ভাবত!' ইভি পাদ্ধ্যমধিকঃ
পি নি।

অথাত্রবীন্নবব্যাত্রঃ প্রহসন্নিব তান্ নৃপান্।
নৈতানি বীবশয্যান্থ যুক্তরূপাণি পার্থিবাঃ ! ॥৩৫॥
ততো বীক্ষ্য নবশ্রেষ্ঠমভ্যভাষত পাগুবম্ ।
ধনঞ্জয়ং মহাবাহুং সর্ববলোকমহার্থম্ ॥৩৬॥
ধনঞ্জয় ! মহাবাহো ! শিরো মে তাত ! লম্বতে ।
দীয়তামুপধানং বৈ যদ্যুক্তমিহ মন্যসে ॥৩৭॥

সঞ্জয় উবাচ।

সমাবোপ্য মহচ্চাপমভিবাগ্য পিতামহম্।
নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যামিদং বচনমত্রবীৎ ॥৩৮॥
আজ্ঞাপয় কুরুশ্রেষ্ঠ! সর্বশস্ত্রভূতাং বর!।
প্রেয়োহহং তব ছর্দ্ধব! ক্রিয়তাং কিং পিতামহ!॥৩৯॥

ভারতকোমুদী

তত ইতি। সমাজহ : স্বাশবিবাদানিয়া, তন্নি স্কাণি স্কাবস্ত্রকৃতানি ॥৩৪॥
স্বাধি । নরব্যান্ত্রা ভীম: । এতানি ত্লাদিসিতায়াগধানানি ॥৩৫॥
তত ইতি । অভ্যভাষত ভীম: ॥৩৬॥
ধনপ্তরেতি । যুক্তম্চিত্র্, ইহ বীবশধ্যামান্ ॥৩৭॥
সমাবোগ্যেতি । ভীম্বেণার্জ্বন প্রত্যেব প্র্যুক্তমাদর্জ্ব এবারবীৎ ॥৩৮॥
ভাষাপ্রেতি । প্রেয়ো দাস: । ক্রিষ্ডাং ম্যেতি শেষ: ॥৩৯॥
ভাষতভাবদীপঃ

ষাপাততো জেয়ন ॥। পর্যবর্জন্ত পবিবৃতবন্ত: ॥১০—১৫॥ ব্রীডিতা: ব্রীডাবন্ত:, ব্রীডাচাক্তত: হ্রীশ্চাকার্য্যকবণাৎ ॥১৬—২৭॥ পাবস্পর্যোণ ক্রমেণ ॥২৮—৩২॥ উপধানম্

তদনস্তর ভীম হাস্ত করতই যেন সেই রাজগণকে বলিলেন—'রাজগণ। এগুলি বীরশযাায় উপযুক্ত নহে'॥৩৫॥

তৎপরে তিনি—নরশ্রেষ্ঠ, মহাবাহু ও সমগ্র জগতের মহারথ পাণ্ড্নন্দন অর্জ্নের প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥৩৬॥

'মহাবান্থ বংস ধনঞ্জয় ! আমার মাখাটা ঝুলিতেছে; স্থতরাং তুমি এই বীরশয্যায় যে উপধানকে উপযুক্ত মনে কর, তাহা দাও'॥৩৭॥

সঞ্জয় বলিলেন—"তখন অৰ্চ্ছন ভীন্মকে অভিবাদন করিয়া বিশাল ধনুতে গুণারোপণপূর্বক অশ্রুপূর্ণ নয়নে এই কথা বলিলেন—॥৩৮॥

⁽৩৭) শ্লোকাৎ পরমৃ···'একবিংশত্যধিকশততমোহধ্যায়ः'—বা।

তমব্রবীচ্ছান্তনবঃ শিবো মে তাত! লম্বত।
দীয়তামুপধানং মে যদ্মুক্তমিহ মহ্যাস্তম ॥৪০॥
উপধানং কুরুশ্রেষ্ঠ! উপধেহি মমার্চ্জন!।
বীরশয্যানুরূপং বৈ শীব্রং বীব! প্রয়চ্ছ মে ॥৪১॥
ছং হি পার্থ! সমর্থো বৈ শ্রেষ্ঠঃ সর্ব্বধন্মুম্মতাম্।
ফাল্লেগের্মস্ত বেলা চ বুদ্দিসন্ত্রগোম্বিতঃ ॥৪২॥
ফাল্লনোহপি তথেত্যুক্ত্বা ব্যবসায়মবোচ্যৎ।
গৃহ্যানুমন্ত্র্য গাণ্ডীবং শবান্ সন্দতপর্ববণঃ ॥৪০॥
অনুমান্ত মহাত্মানং ভাবতানাং পিতামহম্।
ত্রিভিন্তীক্ষৈর্মহাবেগৈবন্ধগৃহাচ্ছিবঃ শবৈঃ ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। লম্বতে উপধানাভাবাৎ ॥৪০॥

·উপধানমিতি। উপধেহি মম মন্তকাদ্ধঃ ছাপ্য ॥৪১॥

অমিতি। বৃদ্ধা সন্থেন বলেন শুগৈশ্চ শৌর্যাদিভিবম্বিতঃ ॥৪২॥

ফান্ধন ইতি। ফান্ধনোহর্জ্নঃ। ব্যবদাষমধ্যবদাযম্, অভুতোপধানদানসাহসমিতার্থঃ।

গৃহ গৃহীত্বা। অহুমান্ত নমস্কাবেণ সম্মান্ত। অন্বগৃহাৎ উপধানীকবণেনাহুগৃহীতবান্ ॥৪৩—৪৪॥

'কৌরবশ্রেষ্ঠ। সর্বেশদ্রধারিপ্রধান। ছর্ন্ধব। পিতামহ। আমি আপনার দাস; অভএব আদেশ ককন, আমি কি করিব'॥৩৯॥

তখন ভীম তাঁহাকে বলিলেন—'বংস! আমার মাধাটা ঝুলিভেছে; স্থতরাং তুমি এই বীরশয্যায় যেকপ উপধানকে উপযুক্ত মনে কর, তাহা দাও ॥৪ ৽॥

কুরুশ্রেষ্ঠ অর্জ্ন। তুমি আমার মস্তকের নিম্নে বীরশব্যার অনুবাপ উপধান স্থাপন কর; বীর! শীব্র আমাকে বালিস দাও ॥৪১॥

পৃথানন্দন। তুমি সর্ব্বধন্থর্দ্ধরশ্রেষ্ঠ ; স্থতরাং তুমিই এ বিষযে সমর্থ, বিশেষতঃ তুমি ক্ষত্রিয়ধর্ম জান এবং বৃদ্ধি, বল ও নানাগুণসম্পন্ন ॥৪২॥

'তাহাই হউক' এই কথা বলিষা অর্জ্জ্নও সাহস করিবার ইচ্ছা করিলেন। ক্রমে তিনি গাণ্ডীবধমু ও নতপর্বব তিনটা বাণ গ্রহণগূর্বক অভিমন্ত্রিত করিয়া

⁽৪॰) ছিতীয়ার্নং পি বা বা নান্তি। (৪১ ·· ফাল্কনেহোপপাদয। শ্যনস্থাস্থরপং বৈ
শীদ্রমন্ত প্রেয়ক্ত মে —পি,—ফাল্কনোপদধন্ব মে—বা বা। (৪৪,···ভবতানাং মহাবর্থন্—উদগৃহাচ্ছিবঃ শবৈঃ—নি।

ভীম্ম (২০)-১৮৮

ভাভিপ্রায়ে তু বিদিতে ধর্মাত্মা সব্যসাচিনা।
ভাতৃয়ন্তবতলেঠো ভীলো ধর্মার্থতন্ত্ববিৎ ॥৮৫॥
উপধানেন দত্তেন প্রত্যনন্দদ্ধনঞ্জয়ন্ ।
প্রাহ্ন সর্বান্ সমুদ্ধীক্ষ্য ভবতান্ ভারতং প্রতি ॥৪৬॥
কুতীপুত্র ! বুধাং শ্রেষ্ঠ ! স্কুলাং শ্রীতিবর্দ্ধন ! ।
শ্বনস্থান্তরূপং মে পাগুবোপহিতং দ্বয়া ॥৮৭॥
যক্তয়থা প্রপত্যেথাঃ শপেনং দ্বামহং পুরা ।
এবমেব মহাবাহো ! ধর্মের্ পবিতিষ্ঠতা ॥৪৮॥
স্বপ্রব্যং ক্ষত্রিযেণাজৌ শবতঙ্গগতেন বৈ ।
এবমূক্ত্বা তু বীভৎস্কং সর্ব্বাংস্তানব্রবীদ্বচঃ ॥৪৯॥
বাজ্ঞান্চ বাজপুত্রাংশ্চ সর্ব্বাংস্তানভিসংস্থিতান্ ।
প্রপশ্যতোপধানং মে পাগুবেনাভিসংস্থিতান্ ।

ভারতকোমূদী

অভীতি। অভিপ্রানে ভীম্মকৈব। দব্যসাচিন। অর্জুনেন ॥৪৫॥

উপেতি। ধনগুয়ং প্রতি অনন্দং আনন্দিতোহভবং। ভাবতমর্জ্বনং প্রতি ॥৪৬॥

কুন্তীতি। শ্যনতা শ্যায়াঃ। উপহিতন্ উপধানং দন্তন্ ॥৪ १॥

